আশ্রয় করিয়া "ন স্থানেতোঽপি" ইত্যাদি সূত্রদ্বারা নানাস্থনে স্থনীভূত এক ব্রহ্ম প্রকাশিত হয়েন তাহা কথিত হইয়াছে ইহাই বিষয় বাক্য ।

সংশয় ঃ—এই বিষয় বাক্য সংশয় হইতেছে—অথেতি । তাহাতে তাহার প্রকাশের তারতম্য হইবে ? অথবা হইবে না ? অর্থাৎ সেই শান্তাদি ভক্তে শ্রীগোবিন্দদেবের যে প্রকাশ সেই প্রকাশের তারতম্য হইবে ? অথভা তারতম্য হইবে না ? এই প্রকার সন্দেহ বাক্য ।

পূর্বপক্ষ ঃ—এই সন্দেহে পূর্বপক্ষের উদ্ভাবন করিতেছেন—বস্ত্বিতি । বস্তুর একতাহেতু সমান শব্দবুদ্ধিবোধ্যতাহেতু তারতম্য হইবে না । পরব্রহ্ম ভজনীয় শ্রীগোবিন্দদেবের একত্ব, একরূত্ব, সবর্বদা একরসতাহেতু তিনি একই হয়েন, তাহাতে কোন প্রকার ভান বৈচিত্র্য নাই, এবং তাহার সমান শব্দবাচ্য তাহেতু তথা সমান বুদ্ধি বোধ্যত্বহেতু তাঁহার ভান বৈচিত্র্য নাই, যদি তাঁহার অনুভব বৈচিত্র্য হয় তাহা হইলে সদা একরূপত্ব সদা একরত্বাদি সিদ্ধান্ত ভঙ্গ হইবে, অতএব ভজনীয় শ্রীগোবিন্দদেবের প্রকাশ বৈচিত্র্য নাই ইহাই অর্থ এই প্রকার পূর্বপক্ষ বাক্য ।

সিদ্ধান্ত ঃ—এই প্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত করিতেছেন—স্থানেতি । স্থানবিশেষহেতু প্রকাদিবৎ, অর্থাৎ যদ্যপি একমাত্র ব্রহ্মস্বরূপ ভগবান শ্রীগোবিন্দদেব, তথাপি

বিশেষাদৈশ্বর্য্য মাধুর্য্যকৃতাৎ, শান্তি-দাস্য সখ্যাদিকৃতাচ্চ তারতম্যাৎ, তৎ প্রাকট্যমপি তারতম্য ভাক্ স্যাৎ প্রকাশাদিবৎ । যথা প্রকাশো দ্বৈপঃ স্ফাটিকেষু কৌরুবিন্দেষু চ মন্দিরেষু চাক্‌চিক্যারুণাভ্যাং তারতম্যভাক্, যথা চ এক বিধোঽপি শব্দঃ কম্বুমৃদঙ্গ বংশপ্রভৃতিষু মন্দ্রত্ব মধুরত্বাদিবিশেষভাক্ তদ্বদিত্যর্থঃ ।

অয়ংভাব ঃ---যস্মিন্ স্থানে ভগবতঃ পারমৈশ্বর্য্যাবিস্কারস্তত্র তস্য ভক্তির্বিধিনা

বিধিপূর্বা তু বৈধী, রুচিপূর্বা তু রাগানুগা” ইতি টীকা । তত্রৈব–৮/৯, বিধিনাভ্যর্চ্চ্যাতে দেবশ্চতুর্বাহবাদি-রূপধৃক্ । রুচ্যাত্মকেন তেনাসৌ নৃলিঙ্গঃ পরিপূজ্যতে ॥ তস্মাৎ বিধিভক্ত্যা শ্রীভাগবতঃ পারমৈশ্বর্য্যাবিষ্কারঃ। এবং রুচিভক্ত্যা শ্রীভগবতঃ সত্যপি পারমৈশ্বর্য্যে মাধুর্য্যাবিষ্কারঃ । রুচিরত্ররাগানুগা । তথাহি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ-১/২/২৭০, বিরাজন্তীমভিব্যক্তং ব্রজবাসিজনাদিষু । রাগাত্মিকামনুসৃতা যা সা রাগানুগোচ্যতে ॥

অথ রসানাং সংখ্যা–এতদ্‌বিষয়মবলম্ব্য প্রারম্ভত এব মতানি ভিদ্যন্তে, শ্রীভরতমুনিমারভ্যাগ্রেঽপি প্রায় আচার্য্যা অষ্টৌ এব রসা স্বীকৃতাঃ । অভিনবগুপ্তপাদাস্ত রসানাং নব সংখ্যা স্বীচক্রুঃ । বিষ্ণুধর্মোত্তরে–(৩/১৫/১৪) অগ্নিপুরাণে চ রসানাং নব সংখ্যা স্বীকৃতা, শৃঙ্গার হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানকৈঃ । বীভৎসাদ্‌ভুতশান্তাখ্যৈ রসৈঃ কার্য্যং সমন্বিতম্ ॥ অথ শ্রীমদলঙ্কারকৌস্তভে–৫/৫, শৃঙ্গারেরতিরুৎসাহো বীরে স্যাচ্ছোক-বিস্ময়ৌ । করুণাদ্‌ভুতয়োর্হস্যো হাস্যে প্রীতির্ভয়ানকে ॥ জুগুপ্সা বীভৎস সংজ্ঞে

স্থানবিশেষ হেতু তাঁহার প্রাকট্য স্থান সকল ও ভক্তগণের বিশেষহেতু ঐশ্বর্য্য মাধুর্য্যকৃত শান্তি দাস্য সখ্য বাৎসল্য কান্তাদির রূপ ভাবের তারতম্য হেতু তাঁহার প্রাকট্য ও তারতম্য ভাগী হয়, যেমন প্রকাশ । যদ্যপি একমাত্র ব্রহ্ম স্বরূপ তথাপি তাঁহার প্রাকট্যস্থান সকলের, তাঁহার ধাম সকলের এবং ভক্তবৃন্দের বিশেষহেতু ঐশ্বর্য্য মাধুর্য্যকৃত শান্তি দাস্য সখ্যাদিকৃত তারতম্য হেতু শ্রীগোবিন্দদেবের প্রাকট্য ও তারতম্যযুক্ত হয়, যে প্রকার প্রদীপ প্রকাশ । অনন্তর সূত্রার্থই স্পষ্ট করিতেছেন–অয়মিতি । এই স্থলের ভাবার্থ এইযে–যে স্থানে শ্রীভগবানের পারমৈশ্বর্য্য আবিষ্কার হয় সেই স্থানে তাঁহার ভক্তগণ উপাস্যে বিধিভক্তির দ্বারা প্রবর্ত্তিত হয়, সেই ভক্তির দ্বারা শ্রীভগবানের তীব্র প্রকাশ হয়, যেপ্রকার স্ফটিক ভবনে প্রদীপ প্রভা, সেস্থানে শ্রীভগবানের পারমৈশ্বর্য্য বিদ্যমান থাকিলেও মাধুর্য্য আবিষ্কার হয়, সেইস্থানে তাঁহার ভক্তবৃন্দ রুচির ভক্তির দ্বারা প্রবর্ত্তিত হয় । সেই রুচি ভক্তির দ্বারা শ্রীভগবানের মধুর প্রকাশ হয়, যে প্রকার কৌরুবৃন্দ নিকেতনে প্রদীপ প্রভা, এই প্রকার ধামের তাঁহার চিন্তকগণেরও ভক্তির দ্বৈবিধ্য দুইটি প্রকার সাধন করিলেন । অর্থাৎ–যে স্থানে পরব্যোম বা বৈকুণ্ঠাদি ভগবান শ্রীগোবিন্দদেবের পারমৈশ্বর্য্য আবিষ্কার সেইস্থানে ভক্তগণের ভক্তি বিধির দ্বারা প্রবর্ত্তিত হয়, বিধিভক্তি এই প্রকার শ্রীভক্তিরসামৃতসিন্ধু বর্ণনা করিয়াছেন–যেস্থানে অনুরাগ প্রাপ্ত না হইয়া শাস্ত্রের শাসনের দ্বারাই ভজনে প্রবৃত্তির উৎপত্তি হয় তাহাকে বৈধী ভক্তি বলে । শ্রীপ্রমেয়রত্নাবলীতে বর্ণিত আছে–বিধি ও রুচি পূবর্ব

প্রবর্ত্ততে, তয়া তীব্রঃ প্রকাশঃ স্ফাটিক নিকেতদীপবৎ । যত্র সত্যপি পারমৈশ্বর্য্যে মাধুর্য্যাবিষ্কারস্তত্র খলু রুচ্যা প্রবর্ত্ততে, তয়া মধুরঃ প্রকাশ কৌরুবিন্দ নিকেতদীপবদিতি ধাম্নাং তচ্চিন্তকানাং ভক্তেশ্চ দ্বৈবিধ্যং সাধিতম্॥৩৫॥

কোপো রৌদ্রেইষ্ট নাট্যগাঃ । তত্ত্বেহষ্টৌস্থায়িনোহষ্টাসু নাট্যরসেষু ইতি কেচিৎ । কেচিত্তু (কাব্যপ্রকাশে–৪/৩৫), "নিবের্বদস্থায়িভাবোহপি নবমো রসঃ" ইতি শান্তোহপি নাট্যে রসঃ । ভোজস্তু–বৎসলতা প্রেমাভ্যামেকাদশ রসানাচষ্টে ; বাৎসল্যে-মমকারঃ ; প্রেমাণি চিত্তদ্রবশ্চ স্থায়ী ; একাদশৈব দৃশ্যে শ্রাব্যেহপি চ রসিকসংসদঃ প্রেষ্ঠাঃ । কোহসৌ রসঃ ? তৎস্বরূপমাহ-তত্রৈব-৫/১৪, বহিরন্তঃকরণয়োর্ব্যাপারান্তররোধকম্ । স্বকারণাদি-সংশ্লেষি চমৎকারি সুখং রসঃ ॥ শ্রীমদ্ভাগবতে–দশ এব রসো দৃশ্যতে–যথা-মল্লানামশনিঃ" ইত্যাদিনা । (১০/৪৩/১৭)

অথ শ্রীমৎপরমাচার্য্যপাদানাং শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ–২/৫/১১৪-১১৯, পঞ্চধাপি রতেরৈক্যান্মুখ্যস্ত্বেক ইহোদিতঃ । সপ্তধাত্র তথা গৌণ ইতি ভক্তিরসোহষ্টধা ॥ তত্রমুখ্যঃ–মুখ্যস্তু পঞ্চধা শান্তঃ প্রীতঃ প্রেয়াংশ্চবৎসলঃ । মধুরশ্চেত্যমী জ্ঞেয়া যথাপূর্বমনুত্তমাঃ ॥ অত্রগৌণঃ–হাস্যোদ্ভুতস্তথা বীরঃ করুণো রৌদ্র ইত্যপি । ভয়ানকঃ সবীভৎস ইতি গৌণশ্চ সপ্তধা ॥ এবং ভক্তিরসো ভেদাদ্দ্বয়োর্দ্বাদশধোচ্যতে ।

ভক্তিনয় প্রকার হইলেও যাহার দ্বারা শ্রীকৃষ্ণ ভজন হয় তাহা দুই প্রকার সেই ভক্তির দ্বারা স্বয়ং শ্রীগোবিন্দদেব প্রসন্ন হইয়া ভক্তগণের অভীপ্সিত ধাম প্রদান করেন । যাহা বিধিপূবর্বা তাহা বৈধীভক্তি, এবং যাহা রুচি পূবর্বা তাহা রাগানুগা, বিধিভক্তির দ্বারা চতুবর্বাহরূপধারী দেবকে অর্চ্চনা করা হয়, রুচ্যাত্মক রাগানুগা ভক্তির দ্বারা নৃলিঙ্গ পরিপূজিত হয়েন । অতএব বিধিভক্তির দ্বারা শ্রীভগবানের পারমৈশ্বর্য্য বিদ্যমান থাকিলেও মাধুর্য্য আবিষ্কার হয় । এইস্থলে রুচি অর্থাৎ রাগানুগা শ্রীভক্তিরসামৃতে বর্ণিত আছে–ব্রজবাসীজনে যে অভিব্যক্তরূপে রাগাত্মিকা বিরাজিত আছে তাহার অনুসরণকারিনী যে ভক্তি তাহাকে রাগানুগা বলে ।

অনন্তর রসের সংখ্যা–রসবিষয়ে অবলম্বন করত আদি কাল হইতেই নানা প্রকার মত দেখা যায়, শ্রীভরতমুনি হইতে আরম্ভ করিয়া তাহার অগ্রবর্ত্তী কালেও প্রায়শঃ আচার্য্যবৃন্দ অষ্টরস স্বীকার করিয়াছেন। আচার্য্য অভিনব গুপ্তপাদ নয়টি রস স্বীকার করিয়াছেন, এবং শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে ও শ্রীঅগ্নিপুরাণে নয়টি রস স্বীকৃত হইয়াছে–শৃঙ্গার হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানকবীভৎস অদ্ভুত ও শান্ত এই সকলে রসের দ্বারা যুক্ত হইয়া নাট্যাদি কার্য্য করিবে । শ্রীঅলঙ্কারকৌস্তুভে–শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র এই নাট্য শাস্ত্রগত অষ্টরস । এই অষ্টরসের অষ্ট স্থায়ীভাব কেহ কেহ নাট্যে রসে অঙ্গীকার করেন, কেহ নিবের্বদকে স্থায়ীভাব স্বীকার করিয়া শান্তকে নবম রস হয়, এই প্রকার শান্ত ও নাট্য রস হয় । ভোজ বাৎসল্য ও প্রেমের সহিত একাদশ রস বর্ননা করিয়াছেন । বাৎসল্যে মমকারও প্রেমে চিত্তদ্রব্য স্থায়ী, একাদশটি দৃশ্যে এবং শ্রাব্য কাব্যে রসিক সভাসদগবণ প্রেষ্ঠ। এই রসকি তাহার স্বরূপ বলিতেছেন–বহিঃ ও অন্তঃকরণের ব্যাপারন্তর অবরোধক নিজ কারনাদি সংশ্লেষ চমৎকারকারী সুখ

বস্তুতস্তু পুরাণাদৌ পঞ্চধৈব বিলোক্যতে ॥ শ্বেতশ্চিত্রোঽরুণঃ শোণঃ শ্যামঃ পান্ডর-পিঙ্গলৌ। গৌরোধূম্রস্তথা রক্তঃ কালো নীলঃ ক্রমাদমী ॥

কপিলো মাধবোগেন্দ্রো নৃসিংহো নন্দনন্দনঃ। বলঃ কূর্ম্মস্তথা কল্কী রাঘবো ভার্গবঃ কিরিঃ॥ মীন ইত্যেষু কথিতাঃ–ক্রমাদ্ দ্বাদশদেবতাঃ ॥ অথ শান্তভক্তাঃ (৩/১/১১), শান্তাঃ স্যুঃ কৃষ্ণ-তৎপ্রেষ্ঠ-কারুণ্যেন রতিং গতাঃ। আত্মারামাস্তদীয়াধব-বদ্ধশ্রদ্ধাশ্চ তাপসাঃ ॥ তত্র আলাম্বনাঃ–চতুর্ভুজশ্চ শান্তাশ্চ অস্মিন্নালম্বণামতাঃ ॥ অথ দাসভক্তাঃ–৩/২/১৬, দাসস্তু প্রশ্রিতাস্তথ্য নিদেশ-বশ-বর্ত্তিনঃ। বিশ্বস্তাঃ প্রভূতা-জ্ঞান-বিনম্রিতধিয়শ্চ তে ॥ তত্রালম্বনাঃ–হরিশ্চ তস্য দাসাশ্চ জ্ঞেয়া আলম্বনা ইহ। আলম্বনোঽস্মিন্ দ্বিভুজঃকৃষ্ণোগোকুলবাসিষু। অন্যত্র দ্বিভুজঃ ক্বাপি কুত্রাপ্যেষ চতুর্ভুজঃ ॥ অথ সখ্যভক্তাঃ–৩/৩/৮ তে-চ-রূপ বেশ গুণাদ্যৈস্তু সমাঃ সম্যগযন্ত্রিতাঃ। বিশ্রম্ভসংভৃতাত্মানো বয়স্যাস্তস্য কীর্ত্তিতাঃ ॥ তত্রালম্বনাঃ–হরিশ্চ তদ্বয়স্যাশ্চ তস্মিন্নালম্বনা মতাঃ। দ্বিভুজত্বাদি ভাগত্র প্রাগবদালম্বনো হরিঃ ॥

অথ বৎসলভক্তাঃ–৩/৪/৮ অধিকম্মন্যভাবেন শিক্ষাকারিতয়াপি চ। লালকত্বাদিনাপ্যত্র বিভাবা গুরবো মতা ॥ তত্রালম্বনাঃ–কৃষ্ণং তস্য গুরুংশ্চাত্রপ্রাহুরালম্বনান্ বুধাঃ ॥ অথ মধুরভক্তাঃ–৩/৫/৩ "অস্মিন্নালম্বনঃ কৃষ্ণঃ প্রিয়াস্তস্য চ সুভ্রুবঃ ॥ ইতি। অত্র বিশেষজিজ্ঞাসায়াং শ্রীভক্তিরসামৃতসিন্ধু-উজ্জ্বলনীলমণি অলঙ্কারকৌস্তুভ–সাহিত্যকৌমুদী-কাব্যকৌস্তুভ-ভক্তিসন্দর্ভ-প্রীতিসন্দর্ভাদয়োগ্রন্থাদ্রষ্টব্যাঃ॥

তস্মাৎ স্থান বিশেষাৎ ভক্তবিশেষাচ্চ শ্রীগোবিন্দদেবস্য প্রকাশতারতম্যমিতি সিদ্ধম্। ভগবৎ প্রকাশস্তু দৃষ্টান্তেন স্ফুটয়ন্তি–কৌরুবিন্দঃ ইতি। যথা স্ফাটিকেষু মন্দিরেষু দীপস্য তীব্রঃ প্রকাশঃ, এবং

প্রদকে রস বলে। শ্রীমদ্ভাগবতে দশটি রস দেখা যায়, যেমন শ্রীকৃষ্ণ চাণুরাদি মল্লগনের অশনিসমান ইত্যাদির দ্বারা।

অনন্তর শ্রীমৎপরমাচার্য্য প্রভুপাদের শ্রীভক্তিরসামৃতে–মুখ্যারতি পঞ্চপ্রকার হইলেও রতির একত্ব হেতু মুখ্য একটিই কথিত হইয়াছে, তথা গৌনরতি সাতটি এই উভয় মিলিত হইয়া ভক্তিরস অষ্ট প্রকার হয়। তন্মধ্যে মুখ্য–মুখ্যরস শান্ত প্রীতি প্রেয় বাৎসল্য ও মধুর ভেদে পঞ্চধা, ইহাদের পূবর্ব-পূবর্বটি ক্রমশ অনুত্তম। অথ গৌন হাস্য অদ্ভুত বীর করুণ রৌদ্র বয়ানক ও বীভৎস এই সাতটি গৌনরস। এই প্রকার ভক্তিরস দ্বাদশ প্রকার তথাপি পুরাণাদি শাস্ত্রে পঞ্চ প্রকারই দেখা যায়। ক্রম পূবর্বক রসমূহের বর্ন–শ্বেত চিত্র অরুণ শোণ শ্যাম পাণ্ডর পিঙ্গল গৌর ধূম্র রক্ত কাল ও নীল। রসের দেবতাগণ–ক্রমশঃ কপিল মাধব উপেন্দ্র নৃসিংহ নন্দনন্দন বলদেব কূর্ম্ম কল্কী রাঘব ভার্গব বরাহ ও মীন। অনন্তর শান্ত ভক্তগণ–শ্রীকৃষ্ণ ও তাঁহার প্রিয় ভক্তবৃন্দের করুণায় যাহার রতিলাভ করিয়াছেন সেই আত্মারাম বৃন্দ এবং ভগবন্মার্গে শ্রদ্ধাশীল তাপসগনই শান্ত ভক্ত। এই শান্ত ভক্তির অবলম্বন চতুর্ভুজ নারায়ণ এবং শান্ত ভক্তগণ। অথ দাসভক্ত, শ্রীকৃষ্ণের আদেশে অবনত দৃষ্টিতে অবস্থান করিয়া স্বস্বকার্য্যে রুচিশীল, বিশ্বস্ত এবং প্রভুতা জ্ঞানযুক্ত দাসগণ। এই দাস্যরতিতে শ্রীহরিও তাঁহার দাসগনই অবলম্বন, এই অবলম্বনে শ্রীকৃষ্ণ গোকুলবাসীগণে দ্বিভুজ, অন্যত্র কোথাও দ্বিভুজ কোথাও বা চতুর্ভুজ

॥ওঁ॥ উপপত্তেশ্চ ॥ওঁ॥ ৩/২/১৪/৩৬॥

এবং সতি "যথা ক্রতুঃ" (ছা০-৩/১৪/১) ইত্যাদি বাক্যমুপপদ্যতে নান্যথা। তথাচৈকস্য ভাবতারতম্যং স্থানতারতম্যাদ্ যুক্তম্ ॥৩৬॥

বিধিভক্ত্যা শ্রীভগবতশ্চতুর্ভুজত্বাদিপারমৈশ্বর্য্য প্রকাশঃ। এবং যথা কৌরুবিন্দমন্দিরেষু প্রদীপস্য মধুরঃ প্রকাশঃ, কৌরুবিন্দঃ পদ্মরাগঃ, হিঙ্গুললিপ্তঃ বা, তথাহি বিশ্বপ্রকাশে—কুরুবিন্দস্তু মুস্তায়াং কুল্মাষব্রহিভেদয়োঃ। হিঙ্গুলে পদ্মরাগে চ মুকুলে চ সমীরিতঃ ॥ এবং রাগভক্তিনা শ্রীভগবতঃ প্রকাশস্তু দ্বিভুজত্বাদিঃ সত্যেপি পারমৈশ্বর্য্যে পরমমাধুর্য্যপ্রকাশঃ। তস্মাৎ ভক্ত্যা শ্রীভাগবতঃ পূর্ণতানুভবো ভবেদিতি ॥৩৫॥

অথ শ্রীভক্তবৈচিত্র্যেণ শ্রীগোবিন্দদেবস্য ভানবৈচিত্র্যং যুক্তিসঙ্গতমিতি প্রতিপাদয়িতুং সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"উপপত্তেশ্চ" ইতি। অথ ভক্তানাং ভক্তিবৈচিত্র্যেণ শ্রীগোবিন্দদেবস্য প্রকাশবৈচিত্র্যং ভবতি, কুতঃ ? উপপত্তেঃ, যুক্তিসঙ্গতত্বাৎ, অন্যথা শ্রুতিবাক্যস্য সামাঞ্জস্যাভাবো ভবতি। এবং সতীতি—শ্রীগোবিন্দদেবস্য প্রকাশবৈচিত্র্যে সতি "যথা ক্রতুঃ" ইতি ছান্দোগ্যবাক্যমপি উপপদ্যতে, সঙ্গতির্ভবতি, নান্যথা।

"অথ ক্রতু ময়ঃ পুরুষঃ, যথা ক্রতুরস্মিল্লোকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি" ইতি। পুরুষ সাধকজীবঃ ক্রতুময়ো ভবতি, উপাসনা প্রধানপুরুষ ইতি, উপাস্যস্তু শ্রীগোবিন্দদেবঃ। তথাচ

হয়েন। অনন্তর সখ্যভক্ত—শ্রীকৃষ্ণের রূপ, বেশ গুণাদিতে সমান, যাঁহারা দাস ভক্তের ন্যায় সঙ্কোচ শূন্য এবং সাতিশয় বিশ্বাস যোগ্য তাহারাই বয়স্য বলিয়া কীর্ত্তিত হয়েন। শ্রীহরি ও তাঁহার বয়স্যগণই এই সখ্যরতিতে অবলম্বন, পূর্ব্বের ন্যায় দ্বিভুতাদিরূপধারী শ্রীকৃষ্ণই আলম্বন হয়েন। অতঃপর বাৎসল্যভক্ত—নিজেকে শ্রেষ্ঠ মনে করিয়া শিক্ষা দান ও লালকত্বাদিগুণে পরিলক্ষিত গুরুগণই আলম্বন, এই বৎলরতিতে শ্রীকৃষ্ণ তাহার গুরুগণই আলম্বন হয়েন। অনন্তর মধুর ভক্ত—এই মধুর রতিতে শ্রীকৃষ্ণ ও তাহার সুন্দর নয়না প্রিয়াগণই আলম্বন। এই বিষয়ে বিশেষ জানিবার ইচ্ছা থাকিলে শ্রীভক্তিরসামৃতসিন্ধু উজ্জ্বলনীলমণি, অলঙ্কারকৌস্তুভ, সাহিত্যকৌমুদী, কাব্যকৌস্তুভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতি সন্দর্ভ প্রভৃতি গ্রন্থ দ্রষ্টব্য। অতএব স্থান বিশেষ ও ভক্তবিশেষে শ্রীগোবিন্দদেবের প্রকাশের তারতম্য সিদ্ধ হইল। শ্রীভগবানের প্রকাশ দৃষ্টান্তের দ্বারা স্পষ্ট করিতেছেন—কৌরুবিন্দেতি। যে প্রকার স্ফটিক মন্দিরে প্রদীপের প্রকাশ তীব্র হয়, সেই প্রকার বিধিভক্তির দ্বারা শ্রীভগবানের চতুর্ভুজত্বাদিরূপে তীব্র প্রকাশ হয়, কৌরুবিন্দ মন্দিরে প্রদীপের প্রকাশ মধুর হয়, কৌরুবিন্দ পদ্মরাগ, কিম্বা হিঙ্গুললিপ্ত, বিশ্বপ্রকাশে বর্ণিত আছে—কুরুবিন্দ অর্থে মুস্তা কুল্মাষ ও ব্রীহিভেদ, হিঙ্গুল পদ্মরাগ ও মুকুল। এই প্রকার রাগ ভক্তির দ্বারা শ্রীভগবানের প্রকাশ দ্বিভুজত্বাদি, তাহাতে পারমৈশ্বর্য্য বর্ত্তমান থাকিলেও পরম মাধুর্য্যময় প্রকাশ হয়। অতএব ভক্তির দ্বারাই শ্রীভগবানের পূর্ণতা অনুভব হয় ॥৩৫॥

অনন্তর শ্রীভক্তগণের বৈচিত্র্যের দ্বারা শ্রীগোবিন্দদেবের অনুভব বৈচিত্র্য যুক্তি সঙ্গত হয় তাহা

১৫॥ অন্যপ্রতিষেধাধিকরণম্ ।

অথ ভগবতঃ সর্বপরত্বমুচ্যতে । ততোঽন্যস্য পরত্বে তত্র ভক্তির্নোদ্ভবেৎ । তথাহি

বিধিরুচিভ্যাং ক্রিয়াভ্যাং সাধকো যথা যেন শান্তাদিভাবেন শ্রীভগবন্তমারাধয়তি, অস্মিন্ লোকে পৃথিব্যামারাধনাবসরে যথক্রতুর্ভবতি, যৎস্বরূপস্যারাধনপরো ভবতি ; ইতঃ প্রেত্য-সাধনেন সিদ্ধিং প্রাপ্য অস্মাৎ স্থানাৎ প্রেত্য-তত্রগত্বা তথা ভবতি, সাধনানুরূপং ভগবৎপার্ষদশরীরং প্রাপ্য তং সেবতে । এবমস্বীকারে অস্য শ্রুতিবাক্যস্যাসঙ্গতির্ভবেৎ ।

সঙ্গতি ঃ—অথাস্যাধিকরণস্য সঙ্গতিপ্রকারমাহ ঃ—তথাচ-ইতি । একস্য ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য তথা যুক্তিমিতি ।

বৈকুণ্ঠে পারমৈশ্বর্য্যং গোবিন্দস্য প্রকাশো হি ।
মাধুর্য্যামৃতবারিধিঃ স্বয়ং শ্রীব্রজমণ্ডলে ॥৩৬॥
ইতি স্থানবিশেষাধিকরণং চতুর্দশং সম্পূর্ণম্ ॥১৪॥

১৫। "অন্যপ্রতিষেধাধিকরণম্"

পরাৎপরতরং কৃষ্ণঃ তস্মাৎপরতরং ন হি ।
"মত্তঃ পরতরং নান্যৎ" ইতি শ্রীমুখকীর্ত্তনাৎ ॥

অথ অধিকরণসঙ্গতি ঃ—অস্তু পরমানন্দময়ে শ্রীগোবিন্দদেবে ভক্তৈর্ভক্তানাঞ্চ বিবিধভানবৈচিত্রী,

---

প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ন সূত্র করিতেছেন—উপপত্তেরিতি । উপপত্তিও হয়, অর্থাৎ ভক্তগণের ভক্তি বৈচিত্র্যহেতু, শ্রীগোবিন্দদেবের প্রকাশ বৈচিত্র্য হয়, কেন ? উপপত্তি যুক্তিসঙ্গতহেতু, অন্যথা শ্রুতিবাক্যের সামাঞ্জস্যাভাব হয় । এই প্রকার হইলেই "যথা ক্রতু" ইত্যাদি বাক্য উপপত্তি হয় অন্যথা নহে । অর্থাৎ এবং শ্রীগোবিন্দদেবের প্রকাশ বৈচিত্র্য হইলে পরে যথাক্রতু এই ছান্দোগ্য বাক্য ও সঙ্গতি হয়, অন্যথা হয় না । অথ ক্রতুময়পুরুষ যে প্রকার ইহলোকে ক্রতু পুরুষ হয় সেই প্রকার প্রেত্য হয় । অর্থাৎ পুরুষ সাধকজীব ক্রতুময় হয় উপাসনা প্রধান পুরুষ হয়, উপাস্য কিন্তু শ্রীগোবিন্দদেব। অর্থাৎ বিধি ও রুচি ক্রিয়ার দ্বারা সাধক যেমন যেশান্তাদি ভাবের দ্বারা শ্রীভগবানকে আরাধনা করে, এই লোক পৃথিবীতে আরাধনা কালে যথাক্রতু হয় যে স্বরূপের আরাধক হয়, এই স্থান হইতে প্রেত্য সাধনের দ্বারা সিদ্ধি প্রাপ্ত হইয়া পৃথিবী হইতে প্রেত্য তথায় গমন করত তথায় হয় সাধনানুরূপ ভগবৎ পার্ষদ লাভ করিয়া তাঁহাকে সেবা করে, এই প্রকার স্বীকার না করিলে এই শ্রুতি বাক্যের অঙ্গতি হইবে ।

সঙ্গতি ঃ—অনন্তর স্থানবিশেষাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন—তথাচেতি । তথাচ একমাত্র শ্রীভগবানের ভাব তারতম্য স্থান তারতম্য হেতু যুক্তই হয় । অর্থাৎ এক ভগবান শ্রীগোবিন্দদেবের অনুভব বৈচিত্র্য যুক্তিসঙ্গতই হয় । শ্রীগোবিন্দদেবের পারমৈশ্বর্য্য প্রকাশ শ্রীবৈকুণ্ঠে হয়, তিনি শ্রীব্রজমণ্ডলে স্বয়ং মাধুর্য্যামৃত মহাপারাবার হয়েন ॥৩৬॥

এই প্রকার স্থানবিশেষাধিকরণ চতুর্দশ সমাপ্ত ॥১৪॥

শ্বেতাশ্বতরৈঃ (৩/৮) "বেদাহমেতম্" ইত্যাদিনা সর্বতো বরিষ্ঠং ব্রহ্মরূপংনিরূপ্য "ততো যদুত্তরতরম্" (শ্বে০-৩/১০) ইত্যাদিনা তস্মাদপি পরং বস্ত্বস্তি ইতি দর্শিতম্।

তথাপি তত্ত্ববিদাংমানবানাং তস্মিন্ ভক্তেরনুদয়োঃ ভবেৎ, কুতঃ ? তস্মাদন্যস্যোৎকৃষ্টা তত্ত্বস্য শাস্ত্রে প্রত্যয়াৎ। সর্বোৎকৃষ্টং হি তত্ত্বং তত্ত্ববিদ্ভির্ভজনীয়ম্, ননু কিং সর্বোৎকৃষ্টং তত্ত্বম্ ? ইতি প্রতিপাদনার্থং "অন্যপ্রতিষেধাধিকরণারম্ভঃ" ইত্যধিকরসঙ্গতিঃ ।

অথাস্যাধিকরণস্য প্রতিপাদ্যবিষয়ং কথয়ন্তি--অথেতি। অথ শ্রীভগবতো ভক্তের্ভক্তানাঞ্চ তারতম্যাৎ তৎ প্রকাশতারতম্যানিরূপণান্তরং ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য সর্বপরত্বমুচ্যতে, ততঃ শ্রীগোবিন্দদেবাৎ অন্যস্য পরত্বে সর্বশ্রেষ্টত্বে তত্র ভক্তির্নোদ্ভবেৎ ।

তস্মাৎ তস্য সর্বপরত্বং প্রতিপাদ্যন্তে ।

বিষয় ঃ—অথ। অন্যপ্রতিসেধাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—তথাহীতি। বেদাহমিতি। বেদাহমেতং পুরুষংমহান্তং মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃপন্থা বিদ্যতেঽয়নায় ॥ ৩/

১৫॥ *"অন্য প্রতিষেধাধিকরণ"*

অন্য প্রতিশেধাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। শ্রীকৃষ্ণ পর হইতেও পরতরতত্ত্ব তাহা হইতে পরতর ও শ্রেষ্ঠতত্ত্ব আর নাই, কারণ নিজমুখে "আমা হইতে পরতর আর কিছু নাই" এই প্রকার কীর্ত্তন করিয়াছেন। অথ অধিকরণ সঙ্গতি—পরমানন্দময় শ্রীগোবিন্দদেবে ভক্তির ও ভক্তগণের বিবিধ জ্ঞান বৈচিত্র্য হউক তাহা স্বীকার করিলাম, তথাপি তত্ত্ববিৎ মানবগণের তহাতে ভক্তির উদয় হইবে না, কেন? শ্রীকৃষ্ণ হইতে অন্য উৎকৃষ্ট তত্ত্বের শাস্ত্রে প্রত্যয়হেতু, সর্ব্বোৎকৃষ্ট তত্ত্বই তত্ত্ববিৎ পণ্ডিতগণ ভজন করেন। যদি বলেন—সর্ব্বোৎকৃষ্টতত্ত্ব কি ? তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত অন্য প্রতিষেধাধিকরণের আরম্ভ ইহাই অধিকরণ সঙ্গতি। অনন্তর এই অধিকরেণর প্রতিপাদ্যবিষয় বলিতেছেন—অথেতি। অতঃপর শ্রীভগবানের সর্ব্বপরত্ত্ব বলিতেছেন তাহা হইতে অন্যের পরত্বে তাঁহাতে ভক্তির উদ্ভব হইবে না, অর্থাৎ শ্রীভগবানের ভক্তির ও ভক্তগণের তারতম্য হেতু তাঁহার প্রকাশের তারতম্য নিরূপণ করিরা ভগবান শ্রীগোবিন্দদেব হইতে অন্যের পরত্ব সর্ব্বশ্রেষ্টত্ব হইলে পরে তাঁহাতে ভক্তির উদ্ভব হইবে না, অতএব তাঁহার সর্ব্বশ্রেষ্টত্ব প্রতিপাদন করিতেছেন।

বিষয় ঃ—অনন্তর অন্য প্রতিষেধাধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন—তথাহীতি। শ্বেতাশ্বতরগণ পাঠ করেন—আমি তাহাকে জানি ইত্যাদি দ্বারা সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মস্বরূপ নিরূপন করিয়া তাহা হইতে ও যাহা উত্তরতর ইত্যাদি দ্বারা ব্রহ্ম হইতেও পরং শ্রেষ্ঠবস্তু আছে তাহা প্রদর্শন করিয়াছেন। অর্থাৎ যিনি আদিত্যবর্ণ প্রকৃতির পর মহান সেই পুরুষকে আমি জানি, তাঁহাকে জানিয়াই অতি মৃত্যুর পারে যাওয়া যায়, ইহাভিন্ন অন্য কোন পন্থা নাই। যাহা হইতে কিছু শ্রেষ্ঠ নাই, অপর নাই, যাহা হইতে অণীয় নাই, কেহ জ্যেষ্ঠ নাই, তিনি বৈকুণ্ঠে স্তব্ধবৃক্ষের ন্যায় অবস্থান করিতেছেন, সেই পুরুষ কর্ত্তৃক

তত্র সংশয়ঃ । উপাস্যাদ্ ব্রহ্মণঃ পরং বস্তু অস্তি ? নবেতি, শব্দস্বারস্যাদস্তীতি প্রাপ্তে–

॥ওঁ॥ তথান্য প্রতিষেধাৎ ॥ওঁ॥ ৩/২/১৫/৩৭॥

তথা ব্রহ্মৈব সর্বস্মাচ্ছ্রেষ্ঠং, ন ততোঽন্যৎকিঞ্চিৎ । কুতঃ ? অন্যেতি । "যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কিঞ্চিৎ" (শ্বে০-৩/৯) ইতি । তৈরেব তদন্যস্য শ্রেষ্ঠস্য নিরাকরণাৎ ।

---

৮ যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কশ্চিৎ । বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেক স্তেনেদং পূর্ণং পুরুষেণ সর্বম্ ॥ ৩/৯ ইত্যাদিনা সর্বতো বরিষ্টং পরংব্রহ্ম শ্রীগোবিন্দদেবস্য স্বরূপং নিরূপ্য, ততঃ-তদনন্তরম্ ততো যদুত্তরতরং যৎ শ্রেষ্ঠতরং তৎ অরূপং রূপরহিতং নির্বিশেষমিত্যর্থঃ, এবমনাময়ঞ্চ-সর্ববিধমায়িকসম্বন্ধরহিতম্, যে সাধকা এতৎ রূপাদিরহিতং ব্রহ্মস্বরূপং বিদুঃ তে অমৃতা ভবন্তি" ইতি বিষয়বাক্যম্

সংশয় ঃ–তত্র বিষয়বাক্যে ভবতি সংশয় ঃ–উপাস্যাদ্‌ব্রহ্মণঃ পরং বস্তু অস্তি ন বা ? তথাচ-এতাবন্তং কালং মহতাপ্রযত্নেন যৎ পরংব্রহ্ম প্রতিপাদিতং তস্মাৎ শ্রেষ্টতরং বস্তু অস্তি ? অথবা স এব পরতরঃ পদার্থঃ, উপাস্য ইতি । ইতি সংশয়বাক্যম্ ।

পূর্বপক্ষ ঃ–অত্র সন্দেহবাক্যে পূর্বপক্ষমবতারয়ন্তি–শব্দসারস্যাদিতি । শ্বেতাশ্বরোপনিষদি "ততো যদুত্তরতরং" ইতি, ততঃ মহাপুরুষাৎ আদিত্যবর্ণাৎ, যদুত্তরতরং উৎকৃষ্টতরং রূপাদিবিবর্জ্জিতং যৎ স্বরূপং তৎ যে বিদুঃ তে এব অমৃতা ভবন্তি নান্যে ইতি শব্দস্বারস্যাৎ পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবাৎ

সকল বস্তু পূর্ণরূপে পরিব্যাপ্ত আছে । ইত্যাদির দ্বারা সর্ব বরিষ্ঠ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের স্বরূপ নিরূপন করিয়া, তদন্তর–তাহা হইতে যাহা উত্তরতর তাহা অরূপ এবং অনাময় স্বরূপ, যাহারা এই বস্তুকে জানে তাহারা অমৃত হয়, অন্য সকলে কেবল দুঃখই প্রাপ্ত হয় । অর্থাৎ পরব্রহ্ম হইতে যাহা উত্তরতর শ্রেষ্ঠতর তাহা অরূপরূপরহিত নির্বিশেষ ইহাই অর্থ, এবং তাহা অনাময় সর্ববিধমায়িক সম্বন্ধ রহিত, যে সাধকগণ এই রূপাদি রহিত এই ব্রহ্ম স্বরূপ জানে তাহারা অমৃত হয়, ইহাই বিষয় বাক্য নিরূপণ করা হইল ।

সংশয় ঃ–সেই বিষয়বাক্যে সংশয় হইতেছে–উপাস্যেতি । ব্রহ্ম হইতে পর শ্রেষ্ঠ বস্তু আছে ? অথবা নাই ? অর্থাৎ এইকাল পর্য্যন্ত মহা প্রযত্ন করিয়া যে প্রকার ব্রহ্মবস্তু প্রতিপাদন করা হইল তাহা হইতে কোন শ্রেষ্ঠতর বস্তু আছে ? অথবা তিনিই পরমশ্রেষ্ঠ উপাস্য বস্তু ? ইহাই সংশয় বাক্য ।

পূর্বপক্ষ ঃ–এই সন্দেহে বাক্যে পূর্বপক্ষের অবতারণা করিতেছেন–শব্দেতি । শব্দ স্বারস্যহেতু আছে ; অর্থাৎ শ্বেতাশ্বতরোপনিষদে–তাহা যে উত্তরতর, আদিত্যবর্ণ মহাপুরুষ হইতে যে উৎকৃষ্টতর রূপাদি বিবর্জিত যে স্বরূপ তাহা যাহারা জানে তাহারাই অমৃত হয়, অন্য নহে, এই প্রকার শব্দ স্বারস্য হেতু পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে শ্রেষ্ঠতর আছে, ইহাই বোধ হয়, এই প্রকার পূর্বপক্ষ বাক্য ।

অয়মর্থঃ—"বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ । তমেব বিদ্বানমৃত ইহ ভবতি নান্যপন্থা বিদ্যতে অয়নায়" (শ্বে০-৩/৮) ইতি মহাপুরুষজ্ঞানমমৃতস্য পন্থাঃ, ততো নান্যোঽস্তীত্যুপদিশ্য তৎ প্রতিপাদনায় "যস্মাৎ পরং নাপরমস্তি" (শ্বে০-৩/৯) ইত্যাদিনা তস্যৈব পরতরত্বং তদন্যস্য তদসম্ভবং চোপপাদ্য—

"ততো যদুত্তরতরং তদরূপমনাময়ম্, । যত্র তদ্বিদুরমৃতাস্তে ভবন্তি, অথেতরে

শ্রেষ্ঠতরং বস্তু অস্তি ইতি বোধ্যতে ; ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ—এবং পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—তথা ইতি । তথা—মহাপুরুষাৎ আদিত্যবর্ণাৎ পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবাৎ তথা উত্তরতরং উৎকৃষ্টং কিঞ্চিদপি বস্তু নাস্তীত্যর্থঃ। কুতঃ ? তত্রাহ—অন্যেতি । অন্যপ্রতিষেধাৎ । শ্রীগোবিন্দদেবাৎ অন্যশ্রেষ্ঠপ্রতিপাদন প্রতিষেধাদিতি । "যস্মাৎ পরং নাপরমস্তিকিঞ্চিৎ" ইতি ।

অথ ইতি ভাষ্যস্তু প্রকটার্থম্ । অথ শ্রীগোবিন্দদেবস্য পরমশ্রেষ্ঠত্বে প্রমাণমাহঃ—যস্মাদিতি । যস্মাৎ-মহাপুরুষাৎ শ্রীগোবিন্দদেবাৎ অপরং কিঞ্চিদপি বস্তু পরং শ্রেষ্ঠং বস্তু নাস্তি ; তথাহি বৃহদারণ্যকে—৪/৪/২২, "সর্বস্য বশী সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ" মুণ্ডকে চ—৩/২/৮, "পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যম্" ইতি । অপিচ—যস্মাৎ মহাপুরুষাৎ শ্রীকৃষ্ণাৎ অনীয়ো ন নাস্তি ; "অণোরণীয়ান্" (কঠ০ ১/২/২০) ইতি। তথা যস্মাৎ কিঞ্চিৎ জ্যায়ঃ শ্রেষ্ঠো নাস্তি ; তথাহি শ্রীগীতাসু-১১/৪৩, "ন তৎসমোঽস্ত্যভ্যধিকঃ

সিদ্ধান্ত ঃ—এই প্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তসূত্র অবতারণা করিতেছেন—তথেতি । তথা অন্যের প্রতিষেধ হেতু, তথা আদিত্য বর্ণ মহাপুরুষ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে উত্তরতর কোন প্রকার বস্তু নাই ইহাই অর্থ । কেন ? তাহা বলিতেছেন—অন্যেতি । অন্য প্রতিষেধহেতু, শ্রীগোবিন্দদেব হইতে অন্য শ্রেষ্ঠবস্তু প্রতিপাদন করা নিষেধহেতু, যাহা হইতে পর ও অপর কিছুই নাই। তথা ব্রহ্মই সকল হইতে শ্রেষ্ঠ, তাহা হইতে অন্য কোন শ্রেষ্ঠবস্তু নাই । তাহা হইতে কেহ শ্রেষ্ঠ নাই, কেন ? অন্যের শ্রেষ্ঠত্ব নিষেধহেতু । অনন্তর শ্রীগোবিন্দদেবের পরমশ্রেষ্ঠত্বে প্রমাণ বলিতেছেন—যস্মাদিতি । যাহা হইতে পর ও অপর বস্তু কিছুই নাই, যাহা হইতে অণীয় ও জ্যায়ান্ বস্তু নাই এই প্রকার শ্বেতাশ্বতরগণই তাহা হইতে শ্রেয়ত্বের নিরাকরণ করিয়াছেন । অর্থাৎ যে মহাপুরুষ শ্রীগোবিন্দদেব হইতে অপর কোন বস্তুই পর শ্রেষ্ঠ বস্তু নাই, বৃহদারণ্যকে বর্ণিত আছে—তিনি সকলের বশীকারক সকলের ঈশ্বর সকলের অধিপতি । মুণ্ডকে বর্ণিত আছে—শ্রেষ্ঠ হইতেও পরম শ্রেষ্ঠ দিব্য পুরুষকে প্রাপ্ত হয় ।

আরও যে মহাপুরুষ শ্রীকৃষ্ণ হইতে অণীয় অণুতম নাই, তিনি অণু হইতেও অণুতম । তথা যাহা হইতে কোন বস্তু জ্যায় শ্রেষ্ঠ নাই, শ্রীগীতায় বলিয়াছেন—আপনার সমান নাই পুনঃ অধিক কোথায়, শ্রীদশমে বর্ণিত আছে—ব্রহ্মা কহিলেন হে ব্রজরাজনন্দন ! আপনি একাত্মা পুরুষ পুরাণ সত্য স্বয়ং

দুঃখমেবাপিযন্তি" (শ্বে০-৩/১০) ইতি প্রাগুক্তমেব নিগময়ন্তি, ন তু ততোঽপি শ্রেষ্ঠং বস্ত্বস্তীতি বদন্তি । তথা সতি তেষাং মৃষাভাসিতাপত্তেঃ । এবঞ্চ স্বয়মাহ-"মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়" (গী০-৭/৭) ইতি ॥৩৭॥

কুতোঽন্যঃ" শ্রীদশমে-১৪/২৩, একস্ত্বমাত্মা পুরুষঃ পুরাণঃ সত্যঃ স্বয়ং জ্যোতিরনন্ত আদ্যঃ । নিত্যোঽক্ষরোঽজস্রসুখো নিরঞ্জনঃ পুর্ণোঽদ্বয়ো মুক্ত উপাধিতোঽমৃতঃ ॥ অথ এতদধিকরণস্য সারার্থমাহুঃ- অয়মর্থঃ" ইতি । বেদহমিতি-অয়ং তদেকান্তভক্ত্যা এতং মহান্তং পুরুষং পরমমহৈশ্বর্য্যাদিযুক্তং পুরীশয়ং সর্বনিয়ামকং শ্রীগোবিন্দদেবং বেদ-জানামি, কীদৃশং তমিত্যপেক্ষায়ামাহ-অদিত্যবর্ণং-পরমোজ্জ্বলচিদ্‌বিগ্রহং; তথাহি শ্রীগীতাসু-১১/১২, দিবি সূর্য্য সহস্রস্য ভবেদ্ যুগপদুত্থিতা । যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ ভাসস্তস্য মহাত্মনঃ ॥ তথা তমসঃ পরস্তাৎ-অপ্রাকৃতচিন্ময়ধাম্নি বিরাজমানত্বাৎ স্বেতরসর্বপ্রধানত্বাৎ সর্বোপাস্যমিত্যর্থঃ। অহং যং সর্বরাধ্যং সর্বোপাস্যং পরমপুরুষং শ্রীগোবিন্দদেবং জানামি ; তমেব বিদ্বান্ ইহ অমৃতঃ ভবতি; অন্য পন্থাঃ অয়নায়-তৎ প্রাপ্তয়ে-অমৃতস্বরূপপরব্রহ্মপ্রাপ্তয়ে ন বিদ্যতে ; মহাপুরুষজ্ঞানাদন্যোঽমৃতস্য মুক্তেঃ পন্থা নাস্তীত্যর্থঃ ।

অথ "বেদাহং" ইতি মন্ত্রেণ মহাপুরুষ-শ্রীগোবিন্দদেবস্য জ্ঞানমেব মোচকত্বমুক্ত্বা "স্থূণানিখনন" ন্যায়েন তদেব প্রতিপাদয়তিশ্রুতিঃ-যস্মাৎ" ইতি । ইত্যাদিনা তস্যৈব শ্রীগোবিন্দদেবস্য এব সর্বপরতরত্বং,

---

জ্যোতি অনন্ত আদ্য নিত্য অক্ষয় অজস্র সুখস্বরূপ নিরঞ্জন পূর্ণ অদ্বয় সর্বপ্রকার উপাধি হইতে মুক্ত ও অমৃত । অনন্তর এই অধিকরণের সারর্থ বলিতেছেন-অয়মিতি । এই প্রকরণের অর্থ এই প্রকার-আমি সেই মহাপুরুষকে জানি, যিনি আদিত্যবর্ণ তমের পরপারে অবস্থিত, তাঁহাকে জানিয়া অমৃত হয় অন্য কোন পন্থা নাই, এই প্রকার মহাপুরুষের জ্ঞানই অমৃতের পন্থা, তাহা হইতে অন্য নাই এই প্রকার উপদেশ করিয়া, তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত যাহা হইতে অপর শ্রেষ্ঠ নাই, ইত্যাদির দ্বারা তাঁহারই পরতরত্ত্ব ও তাহা হইতে অন্যের তাহা অসম্ভব উপপাদন করত তাহা হইতে যাহা উত্তরতর, তাহা অরূপ অনাময়, তাঁহাকে যাহারা জানে তাঁহারা অমৃত হয়, অন্য দুঃখ প্রাপ্ত হয় । এই প্রকার পূর্বকথিত বস্তুরই নিগম করিতেছেন, কিন্তু তাহা হইতে শ্রেষ্ঠ বস্তু আছে এই প্রকার বলেন নাই, তাহা হইলে তাঁহাদের মিথ্যা ভাষিতা প্রতিপাদিত হইত । অর্থাৎ বেদাহমিতি, আমি তদেকান্ত ভক্তির দ্বারা এই মহাপুষ পরম মহৈশ্বর্য্যাদিযুক্ত পুরীশয় সর্বনিয়ামক শ্রীগোবিন্দদেবকে জানি, তিনি কি প্রকার ? এই অপেক্ষায় বলিতেছেন-আদিত্যবর্ণ পরমোজ্জ্বলচিদ্বিগ্রহ, এই বিষয়ে শ্রীগীতায় বর্ণিত আছে-মহাত্মা শ্রীকৃষ্ণের যে প্রকার জ্যোতিঃ, যদি আকাশে একসাথে সহস্র সূর্য্য উদিত হয় তাহাতে যে প্রকার জ্যোতি হয় তাহাও সেই প্রকার যদি বা হয় । তথা তমসের পর অপ্রাকৃত চিন্ময় ধামে বিদ্যমানহেতু শ্বেতরসবর্বপ্রধানহেতু তিনি সকলের উপাস্য ইহাই অর্থ ।

আমি যে সর্বারাধ্য সর্বোপাস্য পরম পুরুষ শ্রীগোবিন্দদেবকে জানি, তাঁহাকে জানিয়াই ইহলোকে

তথা তদন্যস্য তদসম্ভবং পরতরত্বমসম্ভবং উপপাদ্য-সিদ্ধং বিধায়, তদেব পুনঃ সিদ্ধান্তমুখেন প্রতিপাদয়তি– ততঃ” ইতি ।

যস্মাৎ মহাপুরুষ-শ্রীগোবিন্দদেব জ্ঞানাৎ অন্যৎ অমৃতকারণং নাস্তি ; যস্মাচ্চ মহাপুরুষাৎ অন্যৎ পরং শ্রেষ্ঠং কিমপি নাস্তি তস্মাদেবহোতোরিত্যর্থঃ । তস্মাৎ হেতোর্যৎ উত্তরতরং লৌকিকালৌকিক রূপং তদ্‌রূপমনাময়ম্–প্রাকৃতরহিতং, সর্ববিধক্লেশবিবর্জ্জিতমাদিত্যবর্ণং মহাপুরুষং যত্র বিরাজতে, তদ্‌বিদুঃ তদ্ধামং তঞ্চ যে সাধকাস্তৎকৃপয়া বিদন্তি, তে অমৃতা ভবন্তি, তং মহাপুরুষং প্রাপ্য জন্মমৃত্যুবর্জ্জিতা ভবন্তীত্যর্থঃ ।

ইতরে যে মানবাস্তং মহাপুরুষং ন জানন্তি-নভজন্তে তে অপি-নিশ্চয়মেব দুঃখং যন্তি প্রাপ্নুবন্তি, পুনঃ পুনর্জ্জন্মমৃত্যু ভাজো ভবন্তীত্যর্থঃ । তস্মাদনেনাপি পূর্বোক্তমেবানুবাদিতং ন তু অন্যৎ। অথ শ্রীগোবিন্দদেবস্য সর্বপরতরত্বং শ্রীগীতাবাক্যেনাপি দ্রঢ়য়ন্তি–এবঞ্চ ইতি । হে ! ধনঞ্জজ মত্তঃ– ত্বৎপ্রাণসখঃ সারথেশ্চ শ্রীকৃষ্ণাৎপরতরং পরমশ্রেষ্ঠং উপাস্যং ন অন্যৎ কিঞ্চিদপি ন অস্তীত্যর্থঃ । শ্রীভাগবতে–৯/১/৮ পরাবরেষাং ভূতানামাত্মা যঃ পুরুষঃ পরঃ । স এবাসীদিদং বিশ্বং কল্পান্তেঽন্যন্ন কিঞ্চন ॥

অমৃত হয়, তাঁহার প্রাপ্তির নিমিত্ত–অমৃতস্বরূপ পরব্রহ্ম প্রাপ্তির অন্য পন্থা নাই, এই মহাপুরুষের জ্ঞান ভিন্ন অমৃত বা মুক্তির অন্য কোন পন্থা নাই ইহাই অর্থ । অথ “বেদাহং” এই মন্ত্রের দ্বারা মহাপুরুষ শ্রীগোবিন্দদেবের জ্ঞানই মোচকত্ব বর্ণনা করিয়া স্থূণানিখনন ন্যায়ের দ্বারা শ্রুতি তাহাই প্রতিপাদন করিতেছেন–যস্মাদিতি । ইত্যাদি মন্ত্রের দ্বারা সেই শ্রীগোবিন্দদেবরই সর্বপরত্ব তথা তাহা হইতে অন্যের পরতরত্ব অসম্ভবহেতু উপপাদন করিয়া তাহাই পুনঃ সিদ্ধান্ত মুখে প্রতিপাদন করিতেছেন–তত ইতি । যেহেতু মহাপুরুষ শ্রীগোবিন্দদেবের জ্ঞান হইতে অন্য অমৃত লাভের কারণ নাই, যেহেতু সেই মহাপুরুষ হইতে অন্য কোন পর শ্রেষ্ঠ নাই এই হেতু ইহাই অর্থ, সেইহেতু যে উত্তরতর লৌকিক অলৌকিকরূপ তাহা অরূপ অনাময়–প্রাকৃতরহিত, সর্ববিধ ক্লেশাদি বিবর্জিত আদিত্যবর্ণ মহাপুরুষ যে যে স্থানে বিরাজিত আছেন তাহা যে জানে, যে সাধকগণ তাঁহার ধামও তাঁহাকে তাঁহার কৃপায় জানে, তাঁহার অমৃত হয়, সেই মহাপুরুষকে লাভ করিয়া জন্ম মৃত্যু বিবর্জিত হয় । অন্য যে মানবগণ সেই মহাপুরুষকে জানে না আরাধনা করে না, তাহারা নিশ্চয় দুঃখ প্রাপ্ত হয়, পুনঃ পুনঃ জন্ম মৃত্যু যুক্ত হয়, অতএব এই মন্ত্রের দ্বারাও পূর্বকথিত বাক্যেরই অনুবাদ করা হইল, কিন্তু অন্য কোন বস্তু নহে । অনন্তর শ্রীগোবিন্দদেবের সর্বপরতরত্ব শ্রীগীতাবাক্যের দ্বারা দৃঢ় করিতেছেন–এবঞ্চেতি । এই প্রকার স্বয়ং শ্রীকৃষ্ণ নিজমুখে বলিয়াছেন–হে ধনঞ্জয় ! মত্তঃ তোমার প্রাণসখা ও সারথি শ্রীকৃষ্ণ হইতে পরতর পরম শ্রেষ্ঠ উপাস্য অন্য কোন বা কেহ নাই ইহাই অর্থ । শ্রীভাগবতে বর্ণিত আছে–পরব্রহ্মাদি, অবরমানবাদি সকল প্রাণি সমূহের যিনি আত্মা পুরুষ পরমশ্রেষ্ঠ, কল্পান্তে তিনিই এই বিশ্বরূপে ছিলেন, অন্য কিছুই ছিল না ।

১৬॥ সর্বগতত্বাধিকরণম্ ।

অথোপাস্য সান্নিধ্যং বক্তুং তস্য ব্যাপ্তির্নিরূপ্যতে । অন্যথাঽসন্নিহিতে তস্মিন্ননুৎসাহাৎ ভক্তেঃ শৈথিল্যং স্যাৎ । "একো বশী সর্বগঃ কৃষ্ণ ঈড্যঃ" (গো০ তা০ পূ০-২৩)

সঙ্গতিঃ–তস্মাৎ স্বেতরসর্বপ্রধানত্বাৎ ; অমৃতকারণত্বাৎ, তিরস্কৃতপ্রাপঞ্চিকরূপাদি-দিব্যচিন্ময়ানন্দময়বিগ্রত্বাৎ, ভক্তসুখারাধ্যত্বাৎ শ্রীগোবিন্দদেব এব সর্বেষাং জীবানাং ভজনীয় ইতি॥৩৭॥

ইতি অন্যপ্রতিষেধাধিকরণং পঞ্চদশং সম্পূর্ণম্ ॥১৫॥

১৬। "সর্বগতত্বাধিকরণম্"

দ্বিভুজমুরলীধারী রাধাসিন্ধুসুধাকরঃ ।
রূপেণানেন সর্বত্র ব্যাপকো বিদ্যতে সদা ॥

ননু–অস্তু মহাপুরুষঃ শ্রীগোবিন্দদেবঃ সর্বোপাস্যঃ, তথাপি বিদুষাং তস্মিন্ ভক্তির্নোৎপত্তুমর্হতি ; কুতঃ ? তস্যাতিদূরত্বাৎ । তথাহি–তৈত্তিরীয়কে–৫/২/৬/২ "পরমে ব্যোমন্ প্রতিষ্ঠিতা" মুণ্ডকে চ–২/২/৭ দিব্যে ব্রহ্মপুরে হ্যেষ ব্যোম্ন্যাত্মা প্রতিষ্ঠিতঃ" ইতি । সন্নিহিতং হি ভক্তবাৎল্যাদিগুণকং শ্রীকৃষ্ণং লব্ধুং মানবস্তং ভজেৎ ; অতিদূরাত্তস্মাদুদাসীনতা ভবতিা, ইতি শঙ্কা সমাধানার্থং "সর্বগতত্বাধিকরণারম্ভঃ। ইত্যাধিকরণ সঙ্গতিঃ । অথ সর্বোত্তম-মহাপুরুষ-সর্বোপাস্য শ্রীগোবিন্দদেবসা স্বভক্তসবিধে সান্নিধ্যং বক্তুং ভূমিকামারচয়ন্তি–অথ" ইতি । স্ফুটার্থম্ ।

সঙ্গতি ঃ–অতএব স্বেতর সর্বপ্রধান হেতু, অমৃতের কারণ হেতু, তিরস্কৃত প্রাপঞ্চিকরূপাদি–দিব্য চিন্ময়ানন্দময় বিগ্রহ হওয়াহেতু, ভক্তগণের সুখারাধ্য হওয়াহেতু, শ্রীগোবিন্দদেবেই সকল জীবগণের ভজনীয় ইহাই সিদ্ধান্ত ॥৩৭॥

এই প্রকার অন্যপ্রতিষেধাধিকরণ পঞ্চদশ সমাপ্ত ॥১৫॥

১৬॥ "সর্বগতত্বাধিকরণ"

অনন্তর সর্বগতত্বাধিকরণের ব্যাখ্যা করিতেছেন । দ্বিভুজ মুরলীধারী শ্রীরাধাসিন্ধুসুধাকর শ্রীকৃষ্ণ এইরূপেই সদা সর্বত্র ব্যাপক হইয়া বিদ্যমান আছেন । যদি বলেন–মহাপুরুষ শ্রীগোবিন্দদেব সর্বোপাস্য হউক, তথাপি বিদ্বানগণের তাঁহাতে ভক্তির উদ্ভব হবে না, কেন ? যেহেতু তিনি অতিশয় দূরে আছেন। এই বিষয়ে তৈত্তিরীয়কে বর্ণিত আছে–এই ব্রহ্ম আত্মা দিব্য ব্রহ্মপুরে পরব্যোমে প্রতিষ্ঠিত আছেন । নিকটস্থ ভক্তবাৎসল্যাদি গুণযুক্ত শ্রীকৃষ্ণকে লাভ করিবার নিমিত্ত মানব তাঁহাকে ভজন করিবে, কিন্তু অতিদূর হেতু তাহাতে উদাসীনতা হওয়া স্বাভাবিক । এই আশঙ্কার সমাধান করিবার নিমিত্ত সর্বগতত্বাধিকরণের আরম্ভ করিতেছেন । ইহাই অধিকরণ সঙ্গতি ।

ইত্যাদি শ্রুয়তে । তত্র ধ্যেয়ো হরিঃ পরিচ্ছিন্নঃ ? ব্যাপকো বেতি সংশয়ে, মধ্যমাকারতয়ানুভবাৎ প্রপঞ্চান্যস্য তস্য তদ্ ব্যাবৃত্তত্বাদবশ্যম্ভবাচ্চ পরিচ্ছিন্নঃ, ইতি প্রাপ্তে–

---

*বিষয় :–*অথ শ্রীগোপালতাপনীবাক্যং সর্বগতত্বাধিকরণস্য বিষয়বাক্যরূপেণাবতারয়ন্তি–"একঃ" ইতি । টীকা চ–শ্রীপ্রবোধানন্দসরস্বতীপাদানাম্–"তত্র শ্রীকৃষ্ণমায়া অখিলান্ সৌখ্যজাতান্ প্রচ্যাবয়েৎ অপি–অদাস্যসৌখ্যত্বাৎ । শ্রীকৃষ্ণদত্তাং তু অখিলাং সুখর্দ্ধিং কালোঽপি ন চ্যাবয়িতুং সমর্থ ইত্যাহ–এক ইতি । একঃ স্বয়ং ভগবত্বেনাসমোর্দ্ধত্বাৎ । শ্রীভাগবতে–৩/২/২১, "স্বয়ংত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ" ইতি । অতো বশী সর্ববশয়িতা, যতঃ সর্বগঃ সর্বব্যাপকঃ স চ কৃষ্ণঃ "কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্" (১/৩/২৮) ইত্যাদিষু যঃ প্রসিদ্ধঃ স এব ; অতঃ স এব ঈড্যঃ সর্বস্তুত্যঃ" ইতি ।

তথাহি–শ্রীগীতাসু–১১/৪৪, তস্মাৎ প্রণম্য প্রণিধায়কায়ং প্রসাদয়েত্বামহমীশমীড্যম্" শ্রীভাগবতে শ্রীব্রহ্মা–১০/১৪/১, "নৌমীড্যতেঽভ্রবপুষে তড়িদম্বরায়" ইতি । তস্মাত্তস্য সর্বব্যাপকত্বমিতি । তথাহি–শ্রীগীতাসু–১১/২০, দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি ব্যাপ্তংত্বয়ৈকেন দিশশ্চ সর্বাঃ ॥ ইত্যাদিশ্রুয়তে। ইতি বিষয়বাক্যম্ ।

*সংশয় :–*তত্রবিষয়বাক্যে ভবতি সংশয়ঃ–"ধ্যেয়ঃ" ইতি স্পষ্টার্থম্ ।

পূর্বপক্ষ :–"অথাস্মিন্ সংশয়ে পূর্বপক্ষমবতারয়ন্তি–মধ্যমাকারঃ" ইতি । স্ফুটার্থম্ । তথ চ–জড়চেতনাৎ প্রপঞ্চাদ্ভিন্নো ভগবান্ শ্রীগোবিন্দদেব উপাস্যঃ, লভ্যশ্চ ইতি সিদ্ধান্তিতঃ । কিন্তু তস্য সর্বব্যাপকত্বাৎ ন সম্ভবেৎ, অতোমধ্যমপরিমাণত্বে অসম্ভবাভাবঃ, ব্যাবৃত্তত্বং নাম-বৃত্তেরভাববত্ত্বম্, তস্য সর্বব্যাপকত্বে প্রপঞ্চাতিরিক্তস্থানেঽপি সত্ত্বাৎ প্রপঞ্চব্যাবৃত্তঃ সঃ, কিন্তু প্রপঞ্চাতিরিক্তস্থানাভাবাৎ তদ্ব্যাবৃত্তত্বং

অতঃপর সর্বোত্তম মহাপুরুষ সর্বোপাস্য শ্রীগোবিন্দদেবের নিজ ভক্ত সবিধে সান্নিধ্য বলিবার নিমিত্ত ভূমিকা রচনা করিতেছেন–অথেতি । অথ উপাস্য শ্রীগোবিন্দদেবের ভক্ত নিকটে সান্নিধ্য বলিবার নিমিত্ত তাঁহার ব্যাপকতা নিরূপণ করিতেছেন । অন্যথা অসন্নিহিত হইলে তাঁহাতে অনুৎসাহ হেতু ভক্তির শৈথিল্য ইহইবে ।

*বিষয় :–*অনন্তর শ্রীগোপালতাপনীবাক্য সর্বগতত্বাধিকরণের বিষয়বাক্য রূপে অবতারনা করিতেছেন–এক ইতি । শ্রীকৃষ্ণ এক বশী সর্বগ ও ঈড্য । এই শ্রুতিবাক্যের শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীর টীকা এই প্রকার–শ্রীকৃষ্ণের মায়া অখিল সুখকে বিনাশ করে, যেহেতু সে কাহাকেও সুখ দেয় না, কিন্তু শ্রীকৃষ্ণ প্রদত্ত অখিল সুখসম্পত্তি কাল ও বিনাশ করিতে সমর্থ হয় না, তাহা বলিতেছেন এক ইতি। এক স্বয়ং ভগবান হেতু অসমানোর্দ্ধ, শ্রীভাগবতে বর্ণিত আছে–তিনি স্বয়ং অসাম্যাতিশয় ঐশ্বর্য্য পূর্ণ ও ত্র্যধীশ, অতএব বশী সকলের বশয়ীতা, যেহেতু তিনি সর্বগ সর্বব্যাপক, তিনি কৃষ্ণ শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান, ইত্যাদি বাক্যে যিনি প্রসিদ্ধ তিনি অতঃ তিনিই ইড্য সকলের স্তব করিবার যোগ্য । শ্রীগীতায় বর্ণিত আছে–অতএব আপনাকে প্রণাম করিয়া শরীর সংযত পূর্ব প্রসন্ন করিতেছি, আপনি ঈশ্বর ও ঈড্য স্তব করিবার

॥ওঁ॥ অনেন সর্বগতত্বমায়ামশব্দাদিভ্যঃ ॥ওঁ॥ ৩/২/১৬/৩৮॥

অনেন পরেণ পুংসা মধ্যমাকারেণাপি সর্বগতত্বমবাপ্তং মধ্যমাকার এব সর্বব্যাপীতি। কুতঃ ? আয়ামেতি । আয়ামশব্দো ব্যাপ্তিবাচী । আদিশব্দাদবিচিন্ত্যত্ব-ধর্ম্মযোগস্তদ্বোধিকা যুক্তিশ্চ । তত্র "একো বশী সর্বগঃ কৃষ্ণ ঈড্যঃ" (গো০ তা০ পূ০-

---

নাম তদমিশ্রত্বমিতি মন্তব্যম্ । অন্যাথা প্রপঞ্চাদ্‌ব্যাবৃত্তেরভাবঃ, তস্মাৎ তস্য ব্যাবৃত্তত্বাৎ পরিচ্ছিনঃ স ইতি। পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ—ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অনেন" ইতি । অনেন মহাপুরুষেণ পরব্রহ্মণা শ্রীগোবিন্দদেবেন মধ্যমাকারেণাপি সর্বগতত্বং স্থূল সূক্ষ্ম্যাদিসর্বং পদার্থগতত্বং মন্তব্যং ; কুতঃ ? আয়ামশব্দাদিভ্যঃ । আয়ামশব্দো ব্যাপ্তিবাচী ; তথাচ—পরমাণুমারভ্য-পরমবৃহদ্‌বস্তুব্যাপ্যমভিবর্ত্ততে ; আদিপদাৎ-অবিচিন্ত্যত্ব-সর্বালৌকিকগুণবত্ত্ব, অসমোর্দ্ধমাধুর্য্যসৌন্দর্য্যা-দিবিভূষিতত্ব ; ভক্তিবশ্যত্ব ভক্তবাৎসল্যত্বাদিদিব্যগুণগণালঙ্কৃতবত্ত্বং বোদ্ধব্যম্।

"অনেন" ইতি—অতিরোহিতার্থম্ । অথ শ্রীগোবিন্দদেবস্য মধ্যমাকারত্বেঽপি সর্বব্যাপকত্বং

যোগ্য । শ্রীভাগবতে শ্রীব্রহ্মা বলিয়াছেন—হে ঈড্য ! অভ্রবপু ! পীতাম্বরধারী আপনাকে নমস্কার করি । অতএব তিনি সবর্ব্বব্যাপক হয়েন । শ্রীগীতায় বর্ণিত আছে—হে বিশ্বরূপ ! আকাশ ও পৃথিবীর মধ্যস্থল দিক সকল একমাত্র আপনা কর্ত্তৃক ব্যাপ্ত হইয়াছে । ইত্যাদি শ্রবণ করা যায়, এই প্রকার বিষয় বাক্য ।

সংশয় ঃ—সেই বিষয়বাক্যে সংশয় হইতেছে—তত্রেতি । ধ্যেয় ধ্যান করিবার যোগ্য শ্রীহরি পরিচ্ছিন্ন ? অথবা ব্যাপক হয়েন ? ইহাই সংশয় বাক্য ।

পূর্বপক্ষ ঃ—অনন্তর এই সংশয়বাক্যে পূর্বপক্ষের অবতারণা করিতেছেন—মধ্যমেতি । শ্রীহরির মধ্যমাকাররূপে অনুভব হেতু, কারণ তিনি প্রপঞ্চ হইতে অন্য বস্তু, সুতরাং তাঁহার ব্যাবৃতত্ত্ব অবশ্য স্বীকার করিতে হইবে, অতএব তিনি পরিচ্ছিন্ন । অর্থাৎ জড় চেতনাত্মক প্রপঞ্চ হইতে ভিন্ন ভগবান শ্রীগোবিন্দদেব উপাস্য এবং লভ্য ইহা সিদ্ধান্ত করা হইয়াছে । কিন্তু তাঁহার সর্বব্যাপকতা হেতু তাহা সম্ভব নহে, অতএব মধ্যমাকার স্বীকার করিলে অসম্ভবের অভাব হইবে । বৃত্তের অভাবকে ব্যাবৃত বলে, শ্রীভগবান সর্বব্যাপক হইল প্রপঞ্চাতিরিক্ত স্থানেও তাঁহার সত্ত্বা থকিবে, সুতরাং প্রপঞ্চ ব্যাবৃত্ত শ্রীভগবান, কিন্তু প্রপঞ্চের অতিরিক্ত স্থানের অভাবহেতু তাঁহার ব্যাবৃতত্ত্ব তদমিশ্রত্ব যাঁহার প্রপঞ্চে সম্বন্ধ নাই ইহাই মানিতে হইবে । অন্যথা প্রপঞ্চ হইতে ব্যাবৃত্তের অভাব অতএব তাঁহার ব্যাবৃত্ততা হেতু শ্রীভগবান পরিচ্ছিন্ন হয়েন । সর্বব্যাপক হইলে তাঁহাকে উপাসনা করা অসম্ভব, সুতরাং তিনি পরিচ্ছিন্ন হইবেন ইহা পূর্বপক্ষবাক্য ।

২৩) ইত্যুত্তরবাক্যাৎ ।

"যচ্চকিঞ্চিজ্জগৎ সর্বংদৃশ্যতে শ্রূয়তেঽপি বা । অন্তর্বহিশ্চ তৎ সর্বং ব্যাপ্য নারায়ণ স্থিতঃ" (শ্রীভাষ্য০-৩/২/৩৬) ইতি তৈত্তিরীয়কবাক্যাচ্চ মধ্যমস্যৈব বিভুত্বম্। মধ্যমাকারস্যৈব মম সর্বস্মাৎ পরস্য সর্বব্যাপ্তিত্বমচিন্ত্যৈশ্বর্যশক্তিযোগাদিতি স্বয়মুক্তম্-

"ময়া ততমিদংসর্বং জগদব্যক্তমূর্ত্তিনা । মৎস্থানি সর্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ।

প্রতিপাদয়ন্তি-"একঃ" ইতি, ব্যাখ্যাতম্ । যচ্চ" ইতি-যচ্চ কিঞ্চিৎ জগৎ সর্বং চক্ষুষা দৃশ্যতে, যচ্চ দৃশ্যত্বাভাবেঽপি কেবলেন শ্রবণেন শ্রূয়তে বা তৎ জগৎ কার্য্যং প্রপঞ্চরূপংসর্ব্বং নারায়ণ ব্যাপ্যঃ স্থিতঃ" ইতি ।

ননু নারায়ণশব্দস্য কোঽর্থঃ ? নির্বিশেষশ্চিন্মাত্রমেব তৎ, নতু চতুর্ভুজঃ শ্রীলক্ষ্মীপতিরিতি। তাথাহি শ্রীব্রহ্মবৈবর্ত্তে-শ্রীকৃষ্ণজন্মখণ্ডে-১০৯ ।-নারঞ্চ মোক্ষণং পুণ্যময়নং জ্ঞানমীপ্সিতম্ । তয়োর্জ্ঞানং ভবেদ্যস্মাৎ সোঽয়ং নারায়ণঃ স্মৃতঃ ॥ তস্মাৎ জীববৎ-জীবো যথা শরীরমাস্থায়তিষ্ঠতি, তথা সোঽপি জ্ঞানাত্মকশ্চিন্মাত্রসত্ত্বাবিশেষশ্চতুর্ভজাদিশরীরে তিষ্ঠতীতি । ইতি চেন্ন-শ্রীনারায়ণশব্দো হি রথাঙ্গাদিশোভিতপাণেশ্চতুর্ভুজস্য অতসীকুসুমশ্যামস্য কমলদললোচস্য শ্রীকমলাপতে র্দিব্যশ্চিন্মঙ্গলবিগ্রহ ভূতস্যৈব বাচকঃ ; ন তু তদ্ভিন্নস্য তদধিষ্ঠাতুঃ সত্ত্বানুভূতিরূপস্য সার্বজ্ঞ্যাদিগুণকস্য আত্মনঃ" ইতি । কুতঃ ? তন্মন্ত্রস্থস্য তচ্ছব্দ-রূপস্য তত্রৈবাভিমুখ্যাৎ ; তথাচ-তদ্বিগ্রহস্য বিভুত্বং নিত্যত্বঞ্চ । তস্যাধ্যানং-

---

সিদ্ধান্ত :-এই প্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিততেনে-অনেনেতি । অর্থাৎ এই মহাপুরুষ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব মধ্যমাকারের দ্বারাই সর্বগত, স্থূল সূক্ষ্মাদি সর্বপদার্থ ব্যাপক মানিতে হইবে, কেন ? আয়াম শব্দাদিহেতু । আয়ামশব্দ ব্যাপ্তিবাচী, অর্থাৎ পরমাণু হইতে আরম্ভ করিয়া পরমবৃহৎবস্তু ব্যাপিয়া বর্ত্তমান আছেন, আদি পদের দ্বারা অবিচিন্ত্যত্ব সর্বালৌকিকগুণত্ব, অসমোর্দ্ধ মাধুর্য্য সৌন্দর্য্যাদি বিভূষিতত্ব, ভক্তবাৎসল্যত্ব, ভক্তিবশ্যত্বাদি দিব্য গুণগণালঙ্কৃতবত্ত্ব বুঝিতে হইবে । এই সিদ্ধান্ত দ্বারা পরমপুরুষ শ্রীগোবিন্দদেব মধ্যমাকারের দ্বারাই সর্বগতত্ব প্রাপ্ত হইয়াছেন, মধ্যমাকারেই তিনি সর্বব্যাপী । কি প্রকারের আয়ামাদির দ্বারা । আয়াম শব্দের অর্থ ব্যাপ্তি । আদি শব্দ হেতু অবিচিন্ত্যত্ব ধর্ম্মযোগ এবং তাহার বোধক যুক্তি সকল গ্রহণ করিতে হইবে । অনন্তর শ্রীগোবিন্দদেবের মধ্যমাকারেও সর্বব্যাপকতা প্রতিপাদন করিতেছেন-এক ইতি শ্রীকৃষ্ণ এক বশী সর্বগামীও ঈড্য । যচ্চেতি-যাহাকিছু এই জগৎ সকল চক্ষুর দ্বারা দেখা যায়, অপর যাহা দর্শনের অভাবেও কেবল শ্রবণের দ্বারা শ্রবণ করা যায়, সেই জগৎ কার্য্য প্রপঞ্চ রূপ সকলে শ্রীনারায়ণ ব্যাপিয়া অবস্থান করিতেছেন ।

শঙ্কা :-এইস্থলে আমাদের আশঙ্কা-নারায়েণ শব্দের অর্থ কি ? ইহা নির্বিশেষ চিন্মাত্র অর্থ প্রকাশ করে, কিন্তু চতুর্ভুজ শ্রীলক্ষ্মীপতিকে নহে । এই বিষয়ে শ্রীব্রহ্মবৈবর্ত্তে বর্ণিত আছে-নর শব্দে পূণ্যময়

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্" (গী০-৯/৪-৫) ইতি । ন চ প্রপঞ্চান্যস্য তৎপ্রদেশবৃত্তেঃ পরিচ্ছেদঃ "অন্তর্বহিশ্চ" ব্যাপ্তিশ্রুতেঃ । অতঃ "তিলেষু তৈলং দধিনীবসর্পিঃ" (শ্বে০-১/১৫) ইতি নির্দর্শিতম্ । তস্মাদুপাস্যো হরিঃ সর্বগ ইতি সিদ্ধম্। নিরূপিতঞ্চৈত্থং দামোদরচরিতে, (ভা০-১/৯//১৩) তাদৃশস্যাপি তথাত্বে

ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ । কেয়ূরবান্ মকরকুণ্ডলবান্ কিরীটী–হারী হিরন্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ ॥ তন্মন্ত্রং যথা-শ্রীনারায়ণোপনিষদি–৪/৫, ওমিত্যেতদগ্রে ব্যাহরেন্নম ইতি পশ্চান্নারায়ণায়েত্যুপরিষ্টাৎ" "ওঁনমো নারায়ণায়" ইতি মন্ত্রোপাসকো বৈকুণ্ঠভুবনংগমিষ্যতি" ইতি। তস্মান্নারায়ণশব্দো ন তু কেবলজ্ঞানমাত্রমপিতুচতুর্ভুজাদিরূপযুক্তমিত্যর্থঃ ।

অথ মধ্যমাকারেণৈব শ্রীগোবিন্দদেবঃ সর্বব্যাপক ইতি তন্মুখবাক্যেন প্রতিপাদয়ন্তি–মধ্যমঃ" ইতি। ময়া–তব সারথিনা শ্রীকৃষ্ণেন, অব্যক্তমূর্ত্তিনা-প্রাকৃতকরণাগোচরস্বরূপেণ ইদং সর্বং জগৎ ততং ব্যাপ্তম্, সর্বাণিভূতানি মৎস্থনি-ময়ি অবস্থিতানি, অহং স্বেতরসর্বানিয়ামকঃ সর্বোপাস্যঃ শ্রীকৃষ্ণঃ চ-কিন্তু তেষু ভূতেষু, ন অবস্থিতঃ অতএব সর্বাণি চরাচরাণি ভূতানি সর্বব্যাপকে সর্বধারকে সর্বনিয়ামকে চ ময়ি শ্রীগোবিন্দদেবে স্থিতানি ভবন্তীতি তেষাংস্থিতির্মদধীনা, তেষু সর্বেষু ভূতেষু অহং ন চাবস্থিতো মম স্থিতিস্তেষামধীনা ন ইত্যর্থঃ । তথাচ–ইহ নিখিলজগদন্তর্য্যামিণা স্বাংশেন অন্তঃপ্রবিশ্যদধামীতি । তথাহি

মোক্ষণ মুক্তি, অয়ন শব্দের অর্থ জ্ঞান ঈপ্সিত হয়, এই উভয়ের জ্ঞান যাহা হইতে হয়, মুনিগণ তাহাকে নারায়ণ বলেন, অতএব জীববৎ"জীব যে প্রকার শরীর গ্রহণ করিয়া অবস্থান করে, নারায়ণ তিনিও জ্ঞানাত্মক চিন্মাত্রসত্ত্বাবিশেষ চতুর্ভুজাদি শরীরে অবস্থান করেন ।

সমাধান ঃ–এই প্রকার বলিতে পারেন না, শ্রীনারায়ণ শব্দ রথাঙ্গাদি শোভিত কর চতুর্ভুজ অতসীকুসুমশ্যাম কমলদললোচন শ্রীকমলাপতি দিব্যচিৎ মঙ্গলবিগ্রহ স্বরূপেরই বাচক হয়, কিন্তু তাহা ভিন্ন তাহার অধিষ্ঠাতাসত্বানুভূতরূপ সার্বজ্ঞ্যাদিগুণক আত্মার নহে । কেন ? তাঁহার মন্ত্র ও তাঁহার শব্দ রূপের তাঁহাতেই মুখ্যরূপে প্রয়োগ হইয়াছে, সুতরাং শ্রীনারায়ণ বিগ্রহের বিভুত্ব ও নিত্যত্ব শাস্ত্র সঙ্গত হয় । শ্রীনারায়ণের ধ্যান–সূর্য্যমণ্ডলের মধ্যবর্ত্তী কমলাসনে সন্নিবিষ্ট কেয়ূর মকর কুণ্ডলবান কিরীটধারী হার পরিশোভিত হিরন্ময় বিগ্রহ শঙ্খ ও চক্র ধারণ কারী শ্রীনরায়ণকে ধ্যান করিবে । শ্রীনারাণয়োপনিষদে তাঁহার মন্ত্র এই প্রকার–সর্বাগ্রে ওঁ বলিবে, পশ্চাৎ "নমঃ" তাহার উপরে নারায়ণায়, ওঁ নমো নারায়ণায় এই মন্ত্রের উপাসক বৈকুণ্ঠভুবনে গমন করিবেন । অতএব নারায়ণায়শব্দ কেবল জ্ঞানমাত্র নহে, কিন্তু চতুর্ভুজাদিরূপ বিশিষ্ট শ্রীভগবান ইহাই অর্থ ।

অনন্তর মধ্যমাকারের দ্বারাই শ্রীগোবিন্দদেব সর্বব্যাপক ইহা তাহার মুখ বাক্যের দ্বারাই প্রতিপাদন করিতেছেন–মধ্যমেতি । আমার মধ্যমাকারেরই সকল বস্তু হইতে পরশ্রেষ্ঠ সর্বব্যাপিত্ব, কারণ আমার অচিন্ত্য ঐশ্বর্য্য শক্তিযোগহেতু, তাহা শ্রীকৃষ্ণ স্বয়ং বলিয়াছেন–ময়েতি । হে পার্থ ! আমার অব্যক্ত মূর্ত্তি কর্ত্তৃক এই সর্ব জগৎ ব্যাপ্ত আছে–এই ভূতসকল আমাতে স্থিত আছে, আমি তাহাতে অবস্থান করি না,

যুক্তিশ্চ পুরাভিহিতা । "অর্ভকৌকস্ত্বাৎ" (ব্র০ সূ০-১/২/১/৭) ইত্যস্য ব্যাখ্যানে ॥৩৮॥

বৃহদারণ্যকে–৩/৭/৩, "যঃ পৃথিব্যাং তিষ্ঠন্" ইত্যন্তর্য্যামি ব্রাহ্মণাৎ । কিঞ্চ–ভূতানি ন চ মৎস্থানি, ননু–ভূতাদীনামতিগুরুভারং বহতস্তে মহান্ খেদঃ স্যাদিতিশঙ্কামপাকর্ত্তুমাহ–ন চ" ইতি । ঘটাবুদকাদীনীব ভারভূতানি ভূতানি সংসৃষ্টানি ময়ি ন সন্তি, ননু–তর্হি "মৎস্থানি সর্বভূতানি" ইত্যুক্তিবিরুদ্ধেত ; ইতি চেত্তত্রাহ–পশ্যেতি । মে মম ঐশ্বরং মদসাধারণং যোগং পশ্য জনিহি, যোগঃ–অবিচিন্ত্যশক্তিবপুঃ সত্যসঙ্কল্পতা লক্ষণোধর্ম্মস্তমিত্যর্থঃ ।

"মে ঐশ্বরমসাধারণং যোগং যুক্তিং অঘটনঘটনাচাতুর্য্যমিদং পশ্য, মদীয়যোগমায়া বৈভবস্যাবিতর্ক্যত্বান্ন কিঞ্চিৎ বিরুদ্ধমিত্যর্থঃ" ইতি শ্রীস্বামীপাদাঃ । অত্র সর্বাস্পৃষ্টাস্য সর্বান্তঃস্থস্য বিগ্রহস্যৈব শ্রীকৃষ্ণস্য সর্বান্তর্য্যামিত্বমচিন্ত্যশক্তিরূপাদ্ ঐশ্বর্য্যাদেব" ইতি দর্শিতম্ । অথ সর্বব্যপকস্য মধ্যমাকারত্বে শঙ্কামবতারয়ন্তি–ন চেতি। প্রপঞ্চানস্য সর্বব্যাপকস্য শ্রীভাগবতঃ প্রপঞ্চ প্রদেশবৃত্তেঃ তস্য পরিচ্ছেদঃ স্যাৎ, তথাচ পরিচ্ছেদং বিনা প্রপঞ্চাতীতস্য সর্বগতস্য শ্রীভগবতো দর্শনার্চ্চনাদিকং ন সিদ্ধেৎ, ইতি চেৎ, তত্রাহুঃ–অন্তরিতি, ব্যাখ্যাতম্ । অথ শ্বেতাশ্বতরশ্রুতিবাক্যেন মধ্যমাকারস্য শ্রীভগবতঃ সর্বব্যপকত্বং প্রতিপাদয়ন্তি–তিলেষু" ইতি । তিলেষু সর্বাবয়বেষু যথা তৈলং তজ্জাতস্নেহদ্রব্যবিশেষং ব্যাপ্যাস্তিষ্টতি ; দধিনী সর্পিঃ ব্যাপ্যাস্তিষ্ঠতি, এবং শ্রীগোবিন্দদেবঃ প্রপঞ্চাতীতোহপি প্রপঞ্চমপ্রপঞ্চং সর্বং ব্যাপ্যাস্তিষ্ঠতীতি।

পুনঃ ভূত সকল আমাতে অবস্থান করে না, ইহাই আমার মহৈশ্বর্য্য যোগ দর্শন কর। অর্থাৎ ময়া–তোমার সারথি শ্রীকৃষ্ণ অব্যক্তরূপে প্রাকৃত করণাগোচর স্বরূপের দ্বারা এই সকল জগৎ তত পরিব্যাপ্ত, আছি, সকল ভূত আমাতে অবস্থান করিতেছে, আমি স্বেতরসর্বনিয়ামক সর্বোপাস্য শ্রীকৃষ্ণ কিন্তু সেই ভুত সকলকে অবস্থান করি না । অতএব চরাচর জড় চেতন ভূত সকল সবর্ব ব্যাপক সবর্বধারক সর্বনিয়ামক আমাতে শ্রীগোবিন্দদেবে অবস্থান করে, তাহাদের অবস্থান আমার অধীন, কিন্তু আমি সেই ভূত সকলকে অবস্থান করি না, আমার স্থিতি ভূত সকলের অধীন নহে ইহাই অর্থ । অর্থাৎ এই নিখিল জগৎ অন্তর্য্যামীরূপ অংশের দ্বারা অন্তঃ প্রবেশ করত ধারণ করি, বৃহদারণ্যকে বর্ণিত আছে–যিনি পৃথিবীতে অবস্থান করিয়া ইত্যাদি অন্তর্য্যামী ব্রাহ্মণে আছে । অপর ভূত সকল আমাতে স্থিত নহে ।

শঙ্কা :–যদি বলেন–সকল ভূত শাতিশয় গুরুভার যুক্ত তাহা বহন করিতে তোমার মহাপরিশ্রম হইবে ? এই শঙ্কা অপাকরণের নিমিত্ত বলিতেছেন–নচেতি । ঘটের মধ্যে জলের ন্যায় ভারস্বরূপ ভূত সকল অবস্থিত আমাতে নাই, যদি বলেন–তাহা হইলে ভূত সকল আমাতে অবস্থিত এই বাক্য বিরুদ্ধ মনে হয় ? তদুত্তরে বলিতেছেন–পশ্যেতি । আমার ঐশ্বর্য্য আমার অসাধারণ যোগ দেখ, জান, যোগ অবিচিন্ত্য শক্তি বিগ্রহ সত্য সঙ্কল্পতা লক্ষণ ধর্ম্ম । শ্রীস্বামিপাদ বলিয়াছেন–আমার ঐশ্বর্য্যের অসাধারণ যোগ যুক্তি অঘটন ঘটনা চাতুর্য্য ইহা দর্শন কর, আমার যোগ মায়া বৈভবের অবিতর্ক্যতা হেতু কোন বিরুদ্ধ নহে ইহাই অর্থ । এইস্থলে সর্বাস্পৃষ্ট সকলের অন্তস্থ বিগ্রহ শ্রীকৃষ্ণের সকলের অন্তর্য্যামিত্ব অচিন্ত্য

তথাহি–তত্রৈব-১/১৬, সর্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবার্পিতম্” ইতি। নিরূপিতমিতি–শ্রীভাগবতস্য দশমে–৯/১৩-১৪, ন চান্তর্ন বহির্যস্য ন পূর্বং নাপি চাপরম্। পূর্বাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ॥ তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্ত্যলিঙ্গমধোক্ষজম্। গোপিকোলূখলে দাম্না ববন্ধপ্রাকৃতং যথা॥ কিঞ্চ শ্রীকৃষ্ণঃ স্বমাতৃক্রোড়ে স্থিত্বা এব তাং বিশ্বরূপং দর্শয়ামাস–তথাহি শ্রীদশমে–৭৮/৩৫ পীতপ্রায়স্য জননী সা তস্য রুচিরস্মিতম্। মুখং লালয়তী রাজন্ জৃম্ভতোদদৃশে ইদম্॥

খং রোদসী জ্যোতিরনীকমাশাঃ সূর্য্যেন্দু বহ্নি শ্বসনাম্বুধিংশ্চ॥ দ্বীপান্ নগাংস্তদ্দুহিতৄর্ব্বনানি ভূতানি যানি স্থির জঙ্গমানি॥ তস্মাৎ শ্রীযশোদোৎসঙ্গলালিতেন স্বরূপেণৈবসর্বব্যাপিত্বং প্রদর্শিতমিতি। তথাহি শ্রীলঘুভাগবতামৃতে–১/৪২৪, য এব বিগ্রহো ব্যাপী পরিচ্ছন্নঃ স এব হি। একস্যৈবেকদা চাস্য দ্বিরূপত্বং বিরাজতে॥ ইতি। অস্য বিশেষব্যাখ্যানস্তু পূর্ব্বমভিহিতং তত্র দ্রষ্টব্যমিত্যাহঃ–তাদৃশস্যাপীতি।

সঙ্গতি **:**–তস্মাৎ–সর্বব্যাপক–স্বেতরসর্বোপাস্য–অনন্ত সৌন্দর্য্য-মাধুর্য্যাঞ্চিত শ্রীবিগ্রহ–ভক্তবিচিত্রানন্দপ্রদ–ভক্তবাৎসল্যাদ্যনন্তদিব্যগুণগণালঙ্কৃত ভগবান্ শ্রীগোবিন্দদেবো মধ্যমাকারেণৈব সর্বব্যাপক ইতি সিদ্ধম্। স এব জীবানাং সেব্যঃ” ইতি। যশোদোৎসঙ্গলালিতো রাধিকাপ্রাণবল্লভঃ। সর্বব্যপকগোবিন্দঃ সর্বারাধ্যঃ সদৈব হি ॥৩৮॥

ইতি সর্বগতত্বাধিকরণং ষোড়শং সম্পূর্ণম্ ॥১৬॥

শক্তিরূপ ঐশ্বর্য্য হইতেই হয় তাহা প্রদর্শিত হইল।

অথ সর্বব্যাপক শ্রীগোবিন্দদেবের মধ্যমাকারত্বে শঙ্কার অবতারণা করিতেছেন–নচেতি। প্রপঞ্চ ভিন্ন তাহার প্রদেশবৃত্তি হেতু পরিচ্ছেদ হইবে, তাহা বলিতে পারিবেন না। অর্থাৎ যদি বলেন–প্রপঞ্চ হইতে অন্য সর্বব্যাপক শ্রীভগবানের প্রপঞ্চ প্রবেশ বৃত্তি বিদ্যমানতা হেতু তাঁহার পরিচ্ছেদ হইবে, অর্থাৎ পরিচ্ছেদ না হইলে প্রপঞ্চাতীত সর্বগত শ্রীভগবানের দর্শন ও অর্চ্চনাদি সিদ্ধ হইবে না। তদুত্তরে বলিতেছেন–অন্তরিতি। অন্তরে এবং বাহিরে শ্রীনারায়ণ ব্যাপিয় আছেন, ইত্যাদি ব্যাপ্তি শ্রবণ করা যায়। অতএব শ্বেতাশ্বতরশ্রুতি বাক্যের দ্বারা মধ্যমাকার শ্রীভগবানের সর্বব্যাপকতা প্রতিপাদন করিতেছেন–তিলেম্বিতি। যে প্রকার তিলের মধ্যে তৈল, দধিতে সর্পি ঘৃত এই প্রকার নিদর্শিত দৃষ্টান্তিত করা হইয়াছে। অতএব উপাস্য শ্রীহরি সর্বগ বা সর্ব্বব্যাপক ইহা সিদ্ধ হইল। অর্থাৎ তিলের সকল অবয়বে যে প্রকার তৈল তাহা হইতে জাত স্নেহদ্রব্য বিশেষ ব্যপিয়া অবস্থান করে, দধিতে সর্পি ব্যাপিয়া থাকে, সেই প্রকার শ্রীগোবিন্দদেব প্রপঞ্চাতীত হইয়াও প্রপঞ্চ অপ্রপঞ্চ সকল ব্যাপিয় সকল অবস্থান করেন। পুনঃ ক্ষীরে দুগ্ধে যেমন সর্বব্যাপী ঘৃত থাকে, সেই প্রকার আত্মাও সর্বব্যাপক। শ্রীকৃষ্ণ মধ্যমাকারেই সর্বগত সর্ব্বব্যাপক তাহা দামোদর চরিতে নিরূপণ করিয়াছেন, তাহা শ্রীদশমে বর্ণিত লীলা এই প্রকার–শ্রীশুকদেব কহিলেন হে রাজন্! যাঁহার অন্তর নাই যাঁহার বাহির নাই যাঁহার পূর্ব নাই অপর নাই, যিনি পূর্ব অপর বাহির অন্তর যিনি জগৎ ও জগতের সেই মর্ত্ত্যলিঙ্গ অব্যক্ত অধোক্ষজকে যিনি পুত্র মনে করিয়া প্রাকৃত মানব যেমন নিজ সন্তানকে বন্ধন করে, গোপিকা শ্রীযশোদা শ্রীকৃষ্ণকে রজ্জুর দ্বারা উদূখলে বন্ধন করিয়াছিলেন। আরও শ্রীকৃষ্ণ মাতৃক্রোড়ে অবস্থান করিয়া তাঁহাকে বিশ্বরূপ দর্শন

১৭॥ ফলাধিকরণম্ ।

অথ সর্বফলদত্বং তস্যোচ্যতে । ইতরথাঽদাতরি কিঞ্চিদ্দাতরি বা তস্মিন্

১৭। "ফলাধিকরণম্"

সর্বফলপ্রদাতারং পরানন্দময়ং বিভুম্ ।
ভক্তানন্দপ্রদং সদা ভজামি শ্যামসুন্দরম্ ॥

ননু–অস্তু সর্বব্যাপকত্বাদিলক্ষণঃ শ্রীগোবিন্দদেবেঃ, তথাপি স জীবানাং ন ভজনীয়ঃ, তস্য দাতৃত্বগুণাভাবাৎ। স ভক্তেভ্যঃ কিমপি ন দদাতীতার্থঃ । প্রত্যুত ভক্তসর্বস্বহর্তৃত্বস্মরণাৎ । তথাহি শ্রীভাগবতে–৮/২২/২৪, ব্রহ্মন্ যমনুগৃহ্নামি তদ্‌বিশোবিধুনোম্যহম্ । যন্মদঃ পুরুষঃ স্তব্ধো লোকং মাং চাবমন্যতে ॥ ইতি তস্মাৎ ন স সেব্যঃ" ইতি শঙ্কামপাকর্ত্তুং ফলাধিকরণারম্ভঃ" ইত্যধিকরণসঙ্গতিঃ ।

অথা ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য মধ্যমাকারেঽপি সর্বব্যাপকত্বং নিরূপণানন্তরং তস্য স্বপর্য্যাপ্তং সর্বফলপ্রদত্বং উচ্যতে । ননু–তস্য সর্বফলপ্রদত্বাভাবে কিং ভবেৎ ? ইত্যপেক্ষায়াং প্রাহুঃ–"ইতরথা"

করাইয়াছিলেন । শ্রীদশমে বর্ণিত আছে–হে রাজন ! জননী শ্রীযশোদা স্তন পানে পরিতৃপ্ত শ্রীকৃষ্ণের সুন্দর মৃদুমন্দহাস সুশোভিত মুখ লালন করিতে করিতে জৃম্ভনে ইহা দর্শন করিলেন, আকাশ অন্তরীক্ষ জ্যোতি র্মণ্ডল দিকসকল সূর্য্য চন্দ্র বহ্নি বায়ু সাগর দ্বীপ সকল পর্বত নদী ও বন সকল এবং স্থাবর জঙ্গম ভূত সকল । অতএব শ্রীযশোদোৎসঙ্গ লালিত স্বরূপের দ্বারাই সর্বব্যাপিতা প্রদর্শিত হইল । এই বিষয়ে শ্রীসংক্ষেপ ভাগবতামৃতে বর্ণিত আছে–যিনি বিগ্রহ ও সবর্বব্যাপী তিনি পুনঃ পরিচ্ছিন্ন হয়েন, এই এক শ্রীকৃষ্ণের এক কালেই এই প্রকার দ্বিরূতা বিরাজ করিতেছে । এই প্রকরণের বিশেষ ব্যাখ্যা পূর্বে কথিত হইয়াছে, তথায় দ্রষ্টব্য, তাহা বলিতেছেন–তাদৃশেতি । তাদৃশমধ্যমাকারেও সর্বব্যাপক এই বিষয়ে যুক্তি পূর্বে কথিত হইয়াছে, অর্ভকৌকঃ এই সূত্রের ব্যাখ্যায় ।

সঙ্গতি :–অতএব সর্বব্যাপক স্বেতর সর্বোপাস্য অনন্ত সৌন্দর্য্য মাধুর্য্যাঞ্চিত শ্রীবিগ্রহ ভক্ত বিচিত্রানন্দ প্রদ ভক্ত বাৎসল্যাদি অনন্তদিব্যগুণগণালঙ্কৃত ভগবান শ্রীগোবিন্দদেব মধ্যমাকারের দ্বারাই সর্ব ব্যাপক ইহা সিদ্ধ, সুতরাং তিনি একমাত্র জীবগণের সেব্য । শ্রীযশোদোৎসঙ্গলালিত শ্রীরাধিকা প্রাণবল্লভ সর্বব্যাপক শ্রীগোবিন্দদেব সর্বদাই সকলের আরাধ্য ॥৩৮॥

এই প্রকার সর্বগতত্বাধিকরণ ষোড়শ সম্পূর্ণ ॥১৬॥

১৭॥ "ফলাধিকরণ"

অনন্তর ফলাধিকরণের ব্যাখ্যা করিতেছেন । সর্বফল প্রদাতা পরমানন্দময় বিভু ভক্তগণের আনন্দ প্রদানকারী শ্রীশ্যামসুন্দরকে সদা ভজনা করি । সর্বব্যাপকত্বাদিলক্ষণ শ্রীগোবিন্দদেব হউক, তথাপি তিনি জীবগণের ভজনীয় নহেন, কারণ তাঁহার দাতৃত্বগুণের অভাবহেতু । তিনি ভক্তগণকে কিছুই প্রদান করেন না, কিন্তু ভক্তের সর্বস্ব হরণ করেন তাহা শাস্ত্রে দেখা যায় । শ্রীভাগবতে বর্ণিত আছে–হে ব্রহ্মণ!

কার্পণ্যাদ্যুপস্ফুরণেন ভক্তেরনুদয়ঃ স্যাৎ। তথাহি "পুণ্যেন পুণ্যং লোকংজয়তি" ইতি শ্রুতংবৃহদারণ্যকে। তত্র স্বর্গাদিফলং যাগাদেঃ ? পরেশাদ্বেতি বীক্ষায়াম্।

ইতি। স্পষ্টম্।

বিষয় ঃ— অথ ফলাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—পুণ্যেন" ইতি। পুণ্যেন যজ্ঞাদিনা শুভকর্ম্মণা জীবং পুণ্যং সুখময়ং লোকং স্বর্গাদিলোকং নীয়তে। তথাহি শ্রীগীতাসু—৯/২০, ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পুতপাপাযজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক-মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্॥ ইতি বিষয়বাক্যম্।

সংশয় ঃ— অথ বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ ; স্বর্গাদিফলং, জীবানাং পুণ্যজনিত-স্বর্গসুখাদিফললাভং যাগাদেঃ, অশ্বমেধাদিযাগকার্য্যাদ্ ভবতি ? অথবা—স্বেতরসবর্বপ্রধানাৎ পরমেশ্বরাৎ শ্রীগোবিন্দদেবাৎ স্বর্গসুখলাভং ভবতি ? ইতি সংশয়বাক্যম্।

পূর্বপক্ষ ঃ— এবং সংশয়ে সমুৎপন্নে সতি পূর্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি—অন্বয়ঃ" ইতি। তথাচ—যাগাদিকর্ম্মণি সিদ্ধে স্বর্গসুখফলভোগং ভবতি, অসিদ্ধে ন ভবতি" ইতি। তথাহি শ্রীগীতাসু—৩/১৫, তস্মাৎ সর্বগতংব্রহ্মনিত্যং

আমি যাঁহাকে অনুগ্রহ করি তাহার ঐশ্বর্য্যসম্পদ বিনাশ করিয়া থাকি, যেহেতু ধনমদে স্তব্ধ পুরুষ সকল লোককে ও আমাকে অবমাননা করে। অতএব তিনি সেব্য নহেন। এই প্রকার আশঙ্কা নিরাকরণ করিবার নিমিত্ত ফলাধিকরণ আরম্ভ ইহাই অধিকলরণ সঙ্গতি।

অনন্তর তাঁহার সবর্বফল প্রদাতৃত্ব বলিতেছেন, অর্থাৎ ভগবান শ্রীগোবিন্দদেবের মধ্যমাকারেও সর্বব্যাপকতানিরূপণানন্তর তাঁহার স্বপর্য্যন্ত সবর্বফলপ্রদত্ব বলিতেছেন। যদি বলেন—তাঁহার সর্বফল প্রদত্বের অভাবে কি হইবে ? এই অপেক্ষায় বলিতেছেন—ইতরেতি। ইতরথা তিনি দাতা না হইলে অথবা সামান্য দাতা হইলে তাঁহার কৃপণতা দোষ জীব হৃদয়ে স্ফুরণহেতু ভক্তির উদয় হইবে না, অর্থাৎ কেহই ভজন করিবে না।

বিষয় ঃ— অনন্তর ফলাধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন—পুণ্যেতি। পুণ্যের দ্বারা পূণ্যালোকে নীত হয়, অর্থাৎ যাগাদি শুককর্ম্মের দ্বারা জীব পুণ্যসুখময়লোক স্বর্গাদিলোকে গমন করে। শ্রীগীতায় বর্ণিত আছে—ত্রৈবিদ্যাদ্বারা কর্ম্মকাণ্ড প্রবর্ত্তিত কর্ম্মের দ্বারা পাপাদি রহিত সোমপানকারি মানবগণ আমাকে যজ্ঞের দ্বারা ভজনা করিয়া স্বর্গলোকে গমন করিতে প্রার্থনা করে, তাহারা পুণ্য দ্বারা ইন্দ্রলোকে গমন করিয়া স্বর্গে দিব্যদেব ভোগ সকল উপভোগ করে, সুতরাং কর্ম্মই সবর্বপ্রদ, ইহাই বিষয় বাক্য।

সংশয় ঃ— এই বিষয়বাক্য সংশয় হইতেছে—তত্রেতি। তন্মধ্যে স্বর্গাদিফল যাগাদি কর্ম্মের দ্বারা হয়? অথবা পরেশ হইতে হয় ? অর্থাৎ স্বর্গাদি ফল জীবগণের পুণ্যজনিত স্বর্গসুখাদি ফল লাভ যাগাদি অশ্বমেধাদি যাগকার্য্য হইতে হয় ? অথবা স্বেতর সর্বপ্রধান পরমেশ্বর শ্রীগোবিন্দদেব হইতে স্বর্গসুখ লাভ

অন্বয়ব্যতিরেকসিদ্ধের্যাগাদেরেব তৎ ফলমিতি প্রাপ্তে—

॥ওঁ॥ ফলমত উপপত্তেঃ ॥ওঁ॥ ৩/২/১৭/৩৯॥

স্বর্গাদিরূপং যাগাদিফলমতঃ পরেশাদেব । কুতঃ ? উপপত্তেঃ । তস্যৈব নিত্যস্য

যজ্ঞে প্রতিষ্ঠিতম্" কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ" (৩/২০) শ্রীভাগবতে—১০/২৪/১৩, কর্ম্মণা জায়তে জন্তুঃ কর্ম্মণৈব বিলীয়তে । সুখং দুঃখং ভয়ং ক্ষেমং কর্ম্মণৈবাভিপদ্যতে ॥ অপিচ—দেহানুচ্চাবচান্ জন্তুঃ প্রাপ্যোৎসৃজতিকর্ম্মণা । শত্রুর্মিত্রমুদাসীনঃ কর্ম্মৈবগুরুরীশ্বরঃ ॥ (১৭) কিং বহুনা পূজ্যত্বমপি কর্ম্মণঃ প্রতিপাদিতম্—"তস্মাৎ সম্পূজয়েৎকর্ম্ম" ইতি (ভা০-১০/২৪/২৮) অতএব কর্ম্ম এব সর্বফলপ্রদমিতি ; ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ—এবং পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—ফলমিতি । অতঃ—অস্মাদেব পরমেশ্বরাৎ সর্বফলপ্রদাতুঃ শ্রীগোবিন্দদেবাৎ ফলং স্বর্গাদিসুখভোগরূপং যাগাদিকর্ম্মণঃ ফলং জীবাঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ । কুতঃ ? উপপত্তেঃ, তস্যৈব সর্বকর্ম্মফলপ্রদত্বরূপযুক্তেঃ শ্রুতিপ্রসিদ্ধত্বাদিতি ভাবঃ । ভাষ্যমতিরোহিতার্থম্। অয়ং ভাবঃ—যথা ভক্ষিতস্যান্নস্য স্ববিষ্ঠোধাতুঃ পুরীষং ভবতি, অনিষ্ঠঃ মনঃ ; এবং কর্ম্ম অপি কিমপি অপূর্বমুৎপাদ্য স্বয়ং বিনশ্যতি, তদপূর্বানুসারেণ সর্বফলদাতা শ্রীভগবান্ ফলং দদাতীতি

হয় ? এই প্রকার সংশয় বাক্য ।

পূর্বপক্ষ ঃ—এই প্রকার সংশয় সমুৎপন্ন হইলে পরে পূর্বপক্ষ উদ্ভাবন করিতেছেন—অন্বয়েতি। অন্বয় ও ব্যাতিরেক দ্বারা সিদ্ধ হেতু যাগাদি হইতে সেই ফল পাওয়া যায় । অর্থাৎ যাগাদি কর্ম্মসকল সিদ্ধ হইলে স্বর্গসুখ ফলভোগ হয়, অসিদ্ধ হইলে হয় না । এই বিষয়ে শ্রীগীতায় বর্ণিত আছে—জনকাদি রাজর্ষিগণ কর্ম্মেরদ্বারাই সিদ্ধি লাভ করিয়াছেন । শ্রীভাগবতে বর্ণিত আছে—কর্ম্মের দ্বারা জন্তু জীব জাত হয়, কর্ম্মের দ্বারাই বিলীন হয়, সুখ দুঃখ ভয় ও মঙ্গল জীব কর্ম্মের দ্বারাই প্রাপ্ত হইয়া থাকে । অপর জীব কর্ম্মের দ্বারা উচ্চ ও নীচ শরীর প্রাপ্ত করিয়া ত্যাগ করে, এবং কর্ম্মই শত্রুমিত্র উদাসীন গুরু এবং ঈশ্বর হয়েন । বিশেষ কথা কি ? কর্ম্মের পুজ্যতাও প্রতিপাদন করিয়াছেন—অতএব কর্ম্মকেই সম্যকভাবে পূজা করিবে । অতএব কর্ম্মই সর্বফল প্রদাতা হয় । এই প্রকার পুর্বপক্ষ বাক্য ।

অনন্তর শ্রুতিবাক্য প্রমানের দ্বারা শ্রীভগবানের বিকারাভাবত্ব প্রতিপাদন করিতেছেন-অজায়েতি। পুরুষসূক্তে বর্ণিত আছে-অজায়মান শ্রীভগবান বহুপ্রকারে জাত হয়েন । অর্থাৎ অজায়মান জন্মাদি ষড়্‌ভাববিকার রহিত সদৈকরস শ্রীভগবান, তথাপি বাৎসল্য সখ্যাদি রসাস্বাদনের নিমিত্ত বহুধা প্রকাশিত হয়েন, অতএব পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের জন্মাদি বিকার নাই । অথ জন্ম শব্দের অর্থ বলিতেছেন-জনীতি । জনি শূন্যেরই আবির্ভাব মাত্রকে এই জন্ম বলা হইয়াছে ইহাই তাহার অর্থ । সূত্রস্থ চকারের অর্থ বলিতেছেন-চেতি । চ কারের দ্বারা "তিনি রসস্বরূপ" ইত্যাদি শ্রীভগবানের রসাত্মকত্ব শ্রবণ করা যায় । অর্থাৎ আনন্দময় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব রসস্বরূপ হন, তাঁহাতে জন্মাদি বিকার নাই ইহাই অর্থ। শ্রীভাগবতে বর্ণিত আছে-শ্রীভগবদ্বিগ্রহ সকল সত্য জ্ঞানানন্ত আনন্দময় একমাত্র রসময়মূর্ত্তি হয়েন ।

এইস্থলে সারার্থ বলিতেছেন-স্বোপাসকানামিতি । শ্রীভগবান নিজ উপাসকগণের যে প্রকার রূপের দ্বারা লীলারসানুভব হয় সেই প্রকার রূপ স্বীয় অচিন্ত্যশক্তির দ্বারা প্রকট করেন ইহাই সারার্থ। এবং তাঁহার উপাসকগণও নিত্যমুক্তাদি নানাপ্রকারের বা অনন্ত । অর্থাৎ শ্রীভগবানে বাল্যাদিরসাস্বাদকপরম একান্তি ভক্তগণের নিত্যত্বহেতু বাল্যাদিলীলাবৃন্দ অরণ্যচন্দ্রিকা ন্যায়ে কিছু পরে পরে প্রকাশ হয়, এইরূপ বলিতে পারিবেন না, তাহাতে লীলার নিত্যতা থাকে না এই ভাবার্থ । অনন্তর শ্রীভগবানের লীলাদির নিত্যেমুক্তোপাস্যতা প্রতিপাদন করিতেছেন-তদিতি । শ্রীবিষ্ণুর তাহা পরম পদ সুরিগণ দর্শন

তথাচ বাল্যাদিমতোঽপি বিভূত্বেন ঐক্যরস্যাচ্চিন্ত্যাস্তত্র বাল্যাদয় ইতি ॥১০॥

সমিন্ধতে বৈকুণ্ঠাদৌ বিরাজতে ইতি। তথাহি শ্রীভাগবতে–২/১/৯ পরিনিষ্ঠেতোঽপি নৈর্গুণ্য উত্তমশ্লোক-লীলয়া। গৃহীতচেতা রাজর্ষে! আখ্যানং যদধীতবান্‌ ॥ তস্মাৎ পরংব্রহ্ম শ্রীগোবিন্দদেবপ্রকটিতা বাল্যাদিলীলা ন অনিত্যা, কিন্তু উপাস্যা ইত্যর্থঃ। অথ সারার্থমাহুঃ–এক ইতি। স্পষ্টম্‌। অত্র–নানাবয়াংসি–বাল্য-পৌগণ্ড-কৈশোরাণি ইতি। অত্র দৃষ্টান্তমাহুঃ–সুরঃ" ইতি। স্পষ্টম্‌।

তত্রেয়মাখ্যায়িকা বৃহদারণ্যকোপনিষদি বর্ত্ততে; দেব-মনুষ্য-অসুরাঃ ত্রয়ঃ প্রজাপত্যাঃ পিতরি-ব্রহ্মণঃ সমীপং স্বমঙ্গললাভার্থং ব্রহ্মচর্য্যাদিপালনং কৃত্বা নিবসয়ামাসুঃ। উষিত্বা চ সর্বাদৌ দেবা ঊচুঃ–ভো ভগবন্‌! অস্মাননুশাসয়তু; যথাস্মাকং মঙ্গলং স্যাদিতি। ব্রহ্মা তেভ্যো "দ" ইত্যেকাক্ষরমুবাচ; অপৃচ্ছচ্চ-এতস্যাভিপ্রায়ং জ্ঞাতবন্তঃ? তে হোচুঃ–জ্ঞাতমস্মাভিরিতি-"দাম্যতেতি" ইতি। অথ মনুষ্যাঃ তথৈবমপৃচ্ছন্‌–তদা তেভ্যোঽপি "দ" ইত্যেকমক্ষমুক্ত্বাপৃচ্ছৎ–ব্যজ্ঞাশিষ্টাঃ? মনুষ্যাস্ত তস্যার্থং দানমিতি মত্বা ঊচুঃ–জ্ঞাতমস্মাভিরিতি–দত্তেতি" ইতি।

এবমসুরৈরপি জিজ্ঞাসিতে সতি ব্রহ্মা তদেবমেকাক্ষরং "দ" ইত্যুবাচ–জিজ্ঞাসয়ামাস চ–অস্যাভিপ্রায়ং যুস্মদ্ভির্জ্ঞাতম্‌? তে হোচুঃ–জ্ঞাতমস্মাভিরিতি–দয়ধ্বমিতি" ইতি। তদেতত্রয়ং শিক্ষেৎ-দমং, দানং, দয়ামিতি" ইতি ॥ অত্র যথা একস্য এব দশব্দস্য অধিকারিভেদাদর্থভেদং, তথা প্রকৃতেঽপি উপাসকভেদাৎ লীলাভেদমিতি সিদ্ধান্তম্‌।

সঙ্গতি ঃ–অথ ব্যাপ্ত্যধিকরণস্য সঙ্গতি প্রকারমাহুঃ–তথাচ" ইতি। প্রকাটার্থমিতি। তস্মাৎ বল্যাদিধর্ম্মাস্তস্য নিত্যা-নিত্যভক্তৈরুপাস্যতে; তথাহি শ্রীভাগবতে–১০/৫৯/২৫--

ভক্তেচ্ছোপাত্তরূপায় পরমাত্মন্‌ নমোঽস্তুতে" ইতি। অতঃ সর্বং সুসিদ্ধান্তিতমিত্যর্থঃ ॥১০॥

ইতি ব্যাপ্ত্যধিকরণং চতুর্থং সম্পূর্ণম্‌ ॥৪॥

করেন, অর্থাৎ বিষ্ণু সর্বব্যাপক শ্রীগোবিন্দদেবের তৎ সেই প্রাকৃতবস্তু স্পর্শশূন্য পরম সর্বশ্রেষ্ঠ পদ গোকুলবৈকুণ্ঠে সুরি নিত্যমুক্তগণ সদা দর্শন করেন, শ্রীবৃহদ্‌বৈষ্ণবতোষণীতে বর্ণিত আছে–মুক্তগণও এই শ্রীকৃষ্ণকে উপাসনা করেন, ইত্যাদি শ্রুতি সিদ্ধ বুঝিতে হইবে। ইত্যাদি আদি পাদে-তদিতি। শ্রুতি সিদ্ধ বিপ্রাসঃ শ্রীভগবানের আরাধনার দ্বারা নিবৃত্ত নিখিল ক্লেশ ব্রাহ্মণগণ বিপণ্যবঃ যাঁহারা লৌকিক ব্যবহার পরিত্যাগ করিয়াছেন, জাগৃবাং শঃ–যাহারা শ্রীভগবানের লীলা অনুকারীগণ যাঁহারা বৈকুণ্ঠাদিলোকে বিরাজিত আছেন। শ্রীভাগবতে বর্ণিত আছে–শ্রীশুকদেব কহিলেন–হে রাজর্ষে! আমি নির্গুণ ব্রহ্মে পরিনিষ্ঠিত হইয়াও উত্তম শ্লোক শ্রীকৃষ্ণের লীলাকর্ত্তৃক আকৃষ্ট হইয়া এই মহদ খ্যান অধ্যয়ন করিয়াছিলাম। অতএব পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব কর্ত্তৃক প্রকটিত বাল্যাদিলীলা অনিত্যা নহে, কিন্তু উপাস্যা এই অর্থ। অনন্তর এই সূত্রের সারাংশ বলিতেছেন–একেতি। শ্রীগোবিন্দদেব এক হইয়াও বাল্যাদি নানাপ্রকার বয়স সেই সেই উপাসকগণের জন্য যুগপৎ অভিব্যক্ত করেন, অত্র নানাবয়স–বাল্য পৌগণ্ড কৈশোরাদি নানা বয়স। এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন–সুরেতি। সুর মনুষ্য অসুরগণের মধ্যে "দ" শব্দের সমান

৫॥ "সর্বাভেদাধিকরণম্"–

ননু–বাল্যাদিকর্ম্মণামপি ভগবর্দ্ধণামপি ভগবদ্ধর্ম্মত্ত্বান্নিত্যত্বং তেষু তৎ পরিকরযোগেন

৫॥ "সর্বাভেদাধিকরণম্"

নিত্যধাম্নি সদা নিত্য-লীলঃ শ্রীশ্যামসুন্দরঃ ।
জন্ম কর্ম্ম চ মে দিব্য মিতি শ্রীমুখবর্ণনাৎ ॥

ননু–বাল্যাদিস্বরূপকৃতকর্ম্মাণাং নিত্যত্বে ক্বচিদুক্তানাং লীলানাং অন্যত্রানুক্তেস্বরূপে তেষামুপসংহারঃ

নানা অর্থ গ্রহণ, ইহা অন্য আচার্য্য বলেন। অর্থাৎ এই বিষয়ে বৃহদারণ্যকোপনিষদে একটি আখ্যায়িকা আছে–এক সময়ে দেবতা মানব ও অসুর এই তিন প্রজাপতির পুত্রগণ জগৎপিতা ব্রহ্মার সমীপে নিজ মঙ্গল লাভের নিমিত্ত ব্রহ্মচর্য্যাদি পালন করিয়া নিবাস করিলেন । বহুকাল নিবাস করত সর্ব প্রথম দেবগণ বলিলেন–হে ভগবান ! আমাদিগকে অনুশাসন করুন যাহাতে আমাদের মঙ্গল হয় । প্রজাপতি ব্রহ্মা তাহাদিগকে "দ" এই একটি মাত্র অক্ষর উপদেশ করিয়া জিজ্ঞাসা করিলেন- তোমরা ইহার অভিপ্রায় বুঝিয়াছ ? দেবগণ বলিলেন জানিয়াছি "দাম্য" দম এই দকারের অর্থ ইন্দ্রিয় দমন করা । অনন্তর মানবগণ সেই প্রকার প্রশ্ন করিলে তাহাদিগকেও "দ" এই একাক্ষর উপদেশ করিয়া জিজ্ঞাসা করিলেন । তোমারা এই দকারের অর্থ জানিয়াছ ? মানবগণ তাহার অর্থ দান বুঝিয়া বলিলেন আমরা জানিয়াছি দকারের অর্থ দান । এই প্রকার অসুরগণ জিজ্ঞাসা করিলে তাহাদিগকেও সেই একমাত্র দকারের উপদেশ ও প্রশ্ন করিলেন–তোমরা উপদেশের অভিপ্রায় বুঝিয়াছ ? তাহারা বলিলেন বুঝিয়াছি–দয়া করিবে । এই একটি দকারের উপদেশে দম দান ও দয়া এই তিনটি শিক্ষা করিতে হইবে । এইস্থলে যেমন একটি "দ" শব্দের অধিকারী ভেদে অর্থ ভেদ হয়, সেই প্রকার এই পরব্রহ্মেও উপাসক ভেদহেতু লীলাভেদ স্বীকার্য্য ইহাই সিদ্ধান্ত ।

সঙ্গতি ঃ–অনন্তর ব্যাপ্ত্যাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন–তথাচেতি । তথাচ শ্রীভগবান বাল্যাদি ধর্ম্ম যুক্ত হইলেও বিভুতা হেতু এবং একরসত্ব প্রযুক্ত তাঁহাতে বাল্যাদি ধর্ম সকল চিন্তা করিতে হইবে । অতএব বাল্যাদি ধর্ম্মসকল শ্রীভগবানের নিত্য সুতরাং নিত্যভক্তগণ উপাসন করেন । শ্রীভাগবতে বর্ণিত আছে–হে পরমাত্মন্ ! আপনি নিজ ভক্তের ইচ্ছায় রূপ প্রকাশ করেন আপনাকে নমস্কার করি। অতঃ সকল সুসিদ্ধান্ত করা হইল এই অর্থ ॥১০॥

এই প্রকার ব্যাপ্ত্যাধিকরণ চতুর্থ মপাপ্ত ॥৪॥

চ ভাব্যমিতি বাচ্যম্ । তত্র একস্য তৎপরিকরস্য পূর্বোত্তরভাবেন–অনেক কর্ম্মসম্বন্ধোঽভিমতঃ । পূর্বস্য কর্ম্মণো নিত্যত্বে তৎসম্বন্ধিনঃ পরিকরস্যাপি তত্র নিত্যসম্বন্ধো বাচ্যঃ । তমন্তরা তৎস্বরূপাসিদ্ধেঃ । এবং সতি–উত্তরকর্ম্মসম্বন্ধস্তস্য দুরুপপাদঃ ।

স্যাৎ ; কিন্তু তেষামুপসংহারো ন সম্ভবেৎ ; লীলানাং কর্ম্মত্বেন বিনাশাবশ্যম্ভাবিত্বাৎ ; ইতি লীলানামানিত্যতা সন্দেহ-নিরাকরণায় সর্বাভেদাধিকরণারম্ভঃ" ইত্যাধিকরণ সঙ্গতিঃ ।

বিষয় ঃ–অথ সর্বাভেদাধিকরণস্য বিষয়বাক্যসংগ্রহ ঃ–তথাহি-আথর্বাণি-৪র্থঃ প্রপাঠকে, "একো দেবো নিত্যলীলানরক্তঃ সর্বব্যাপী ভক্তহৃদ্যান্তরাত্মা" ইতি । শ্রীগীতাসু–৪/৯, "জন্মকর্ম চ মে দিব্যম্" শ্রীভাগবতে চ–১/৩/৩৫ এবং জন্মানি কর্ম্মাণি হ্যকর্ত্তুরজনস্য চ । বর্ণয়ন্তি স্ম কবয়ো বেদগুহ্যানি হৃৎপতেঃ ॥ শ্রীদশমেঽপি-১১/৫৯

এবং বিহারৈঃ কৌমারৈঃ কৌমারং জহতুর্ব্রজে ।
নিলায়নৈঃ সেতুবন্ধৈর্মর্কটোৎপ্লাবনাদিভিঃ ॥ ইতি বিষয়বাক্যম্ ।

সংশয় ঃ–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ– এতাঃ শ্রীভগবতো জন্মাদিলীলাঃ নিত্যাঃ ? ব্রহ্মবদুপাস্যাঃ ? অথবা–অনিত্যাঃ, হেয়াঃ ? প্রাকৃতমানববৎ বর্জনীয়াঃ" ইতি সংশয়বাক্যম্ ।

পূর্বপক্ষ ঃ–এবং সংশয়ে জাতে পূর্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি–"ননু" ইত্যাদি । "ননু–বাচ্যম্" ইতি, স্ফুটার্থম্ । তথাচ–শ্রীভগবতো বাল্যাবস্থাকৃত-কর্ম্মণাং, বাল্যাদিধর্ম্মনাঞ্চ তদভিন্নত্বান্নিত্যত্বম্ ; তচ্চ

৫॥ "সর্বাভেদাধিকরণ"–

অনন্তর সর্বাভেদাধিকরণের ব্যাখ্যা করিতেছেন । আমার জন্ম ও কর্ম্ম দিব্য এই শ্রীমুখবচন হেতু নিত্যধামে শ্রীশ্যামসুন্দর নিত্যলীল নিত্যই লীলা বিহার করেন । যদি বলেন–শ্রীভগবানের বাল্যাদিস্বরূপের কৃত কর্ম সকলের কোন শাখায় কথিত লীলাবৃন্দের অন্যস্বরূপে কথিত না হইলে তাহাদের উপসংহার হইবে, কিন্তু তাহাদের উপসংহার হইবে না, কারণ ? লীলা সকলের কর্ম্মত্বহেতু তাহাদের বিনাশ অবশ্যম্ভাবি সুতরাং অনিত্য ? এই প্রকার লীলাবলীর অনিত্যতা সন্দেহ বিনাশের নিমিত্ত সর্বাভেদাধিকরণের আরম্ভ এই প্রকার অধিকরণ সঙ্গতি ।

বিষয় ঃ–অথ সর্বাভেদাধিকরণের বিষয় বাক্য সংগ্রহ– অথর্বণি পুরুষবোধিনী উপনিষদে বর্ণিত আছে–শ্রীগোবিন্দদেব একাকী নিত্যলীলায় অনুরক্ত তিনি সর্ব্বব্যাপী অন্তরাত্মা ও ভক্তহৃদয়বাসী । শ্রীগীতায় বর্ণিত আছে–হে অর্জ্জুন ! আমার জন্ম ও কর্ম দিব্য অলৌকিক । শ্রীভাগবতে বর্ণিত আছে–হে ঋষিগণ ! হৃদয়পতি অজ অকর্ত্তা শ্রীগোবিন্দদেবের কবিগণ বেদগোপ্য জন্ম এবং কর্ম সকল বর্ণন করিয়া থাকেন । শ্রীদশমে বর্ণিত আছে–শ্রীকৃষ্ণচন্দ্র ও শ্রীবলরাম কৌমারোচিত নিলায়ন সেতুবন্ধ মর্কটোৎপ্লবনাদি বিহারের দ্বারা এই প্রকার কৌমার কাল অতিবাহিত করিয়াছিলেন । ইত্যাদি বিষয়বাক্য।

সংশয় ঃ–এই বিষয়বাক্যে সংশয় হইতেছে–এই শ্রীভগবানের জন্মাদি লীলাসকল নিত্যা ? ব্রহ্মের সমান উপাসনার যোগ্যা ? অথবা অনিত্যা ? হেয়া, প্রাকৃত মানবের কর্ম্মের ন্যায় বর্জনীয়া এই

উত্তরস্মিন্ সম্বন্ধে স্বীকৃতে তু পূর্বস্য নিত্যত্বং ব্যাহন্যতে । নিত্যত্বেচোত্তর কর্ম্মসম্বন্ধিনস্তস্যান্যত্বং ভবেৎ । তদিদমনুভবেন শাস্ত্রেণ চ বিরুধ্যতে ।

তথাচ—কর্ম্ম খলু পূর্বাপরভূতাংশঃ, প্রত্যংশমপি—আরম্ভসমাপ্তিভ্যাংসিদ্ধ্যদ্ বীক্ষ্যতে। তেন বিনা ন তৎ স্বরূপং সিদ্ধ্যেৎ ।

বাল্যধর্ম্মোপাসকানাং পরিকরাণাং সহযোগেন সিদ্ধ্যতি । "তত্র"—একস্য-ইতি, ভাষ্যন্তু অতিরোহিতার্থম্ । ইদমত্র তত্ত্বম্—শ্রীভগবতো বাল্যাদিকৃতকর্ম্মণাং নিত্যত্বে স্বশাখায়ামনুক্তানাং শাখান্তরে বর্ণিতানাং ধর্ম্মাণাং স্বোপাস্যে উপসংহারঃ স্যাৎ ; ন চ তেষাং কর্ম্মণাং নিত্যত্বমস্তি ; তেষাং কর্ম্মত্বেন বিনাশাবশ্যম্ভাবিত্বাৎ। তচ্চ কর্ম্ম মুর্ত্তদ্রব্যমাত্রসমবেতং, অনিত্যঞ্চ, উত্তরসংযোগাৎ কদাচিদাশ্রয়নাশাচ্চ নশ্যতি, ইতি, জ্ঞেয়ম্ । "ক্রিয়া কর্ম্ম লীলা চ ইতি পর্য্যায়শব্দাঃ, অত আরম্ভ-সমাপ্তিতঃ তৎপরিকরজন সম্বন্ধবন্তি খলু কর্ম্মাণি প্রতীয়ন্তে ; পরিকরজনসম্বন্ধং বিনা তেষাং কর্ম্মণাং স্বরূপানি ন সিদ্ধ্যেয়ুঃ । তেন-পরিকরসম্বন্ধেন তস্যা লীলায়া ঘটিতত্বাৎ । তস্মাৎ আরম্ভ-সমাপ্তিমতাং কর্ম্মণাং হ্যনিত্যত্বমসন্দেহমিতি ।

ননু—প্রত্যেকং কর্ম্মণাং বহুত্বং তথা পূর্বোত্তরয়োঃ কর্ম্মণোঃ আবির্ভাব-তিরোভাবৌ স্যাতাম্, ন তু নাশৌ, এবং পুর্বোত্তরকর্ম্মণোরাবির্ভাবতিরোভাবৌ স্বীকৃত্য ধারাবাহিকতয়া তেষাং জন্মাদিলীলানাং নিত্যতা" ইতি চেৎ ? উচ্যতে—প্রত্যেকং লীলায়াং তৎ-লীলাপরিকরাণাং ভিন্নত্বাৎ—ন লীলানাং নিত্যতা ; তথাহি—যে খলু জন্মাদিলীলায়াঃ পরিকরা, তে পৌগণ্ডলীলায়াং ন বিদ্যন্তে ; যে চ পৌগণ্ডলীলা পরিকরাস্তেঽপি

প্রকার সন্দেহ বাক্য ।

পূর্বপক্ষ :—এই প্রকার সংশয় জাত হইলে পূর্বপক্ষের উদ্ভাবন করিতেছেন—নন্বিতি । যদি বলেন—বাল্যাদি ধর্ম্মসকলের ভগবৎ ধর্ম্ম হওয়া হেতু নিত্য, কারণ শ্রীভগবানের পরিকরগণের সর্বদা সংযোগহেতু নিত্যই হইবে" এই প্রকার বলিতে পারিবেন না, অর্থাৎ শ্রীভগবানের বালককালের কৃত কর্ম্ম সকলের ও বাল্যাদি ধর্ম্মসকলের শ্রীভগবান হইতে অভিন্ন হওয়াহেতু নিত্য হউক, তাহা বাল্যাদি ধর্ম্মোপাসক পরিকরগণের সহযোগে সিদ্ধ হইবে, তাহা বলিতে পারিবেন না । কর্ম্মের নিত্যত্ববিষয়ে শ্রীভগবানের একটি লীলাপরিকরের পূর্বোত্তর ভাবে অনেক কর্ম্মের সম্বন্ধ সিদ্ধ হয়, তাহা স্বীকার করিতে হইবে । পূর্বকর্ম্মের নিত্যত্ব হইলে তৎসম্বন্ধী পরিকরেরও সেই লীলায় নিত্য সম্বন্ধ বলিতে হই ঐপ্রকার স্বীকার না করিলে লীলার স্বরূপ সিদ্ধ হয় না । এই প্রকার হইলে পরে সেই পরিকরের উত্তর কর্ম্মের সহিত সম্বন্ধ প্রতিপাদন করা অসম্ভব হয় । উত্তরকালের কর্ম্মে সম্বন্ধ স্বীকার করিলে কিন্তু পূর্ব কর্ম্মের নিত্যতার ব্যাঘাত হয় । যদি নিত্য স্বীকার করা হয় তবে উত্তর কর্ম্মসম্বন্ধি পরিকর অন্যই হইবে। এই প্রকার কর্ম্মের বা লীলার নিত্যতা অনুভব শাস্ত্রের সহিত বিরুদ্ধ হয় ।

সারর্থ এই যে—কর্ম্মের দুইটি ভাগ পূর্বাংশও পরাংশ, প্রতিটি অংশই আরম্ভ এবং সমাপ্তির দ্বারা সিদ্ধ হয়, তাহা না হইলে কর্ম্মের স্বরূপ সিদ্ধ হয় না । সেই প্রকার কর্ম্ম হইলে রসানুভব হইবে না, সুতরাং শ্রীভগবানের লীলা কি প্রকারে নিত্য হইবে । কারণ চিত্র লিখিত সর্বদা এক রসবিশিষ্ট বস্তুতেই

ন চ তেন ক্রমেণ রসানুভবঃ । ততঃ কথং তন্নিত্যত্বম্ ? চিত্রলিখিতবৎ সদৈকরস্যে হি নিত্যতা প্রতীতা ।

কিঞ্চ প্রকাশভেদৈরারম্ভে প্রত্যেকং বহুত্বাৎ স্যাদবিচ্ছেদঃ । পৃথগারম্ভাদন্যত্বং তু দুর্নিবারম্ । ততশ্চ তদেবেদমিতি প্রতীত্যনুদয়াৎ কথং তন্নিত্যত্বং প্রত্যেতব্যম্ । তস্মাৎ কর্ম্মনিত্যত্বমসমাধেয়মিতি । এবং প্রাপ্তে তন্ত্রেণোত্তরমাহ–

কৈশোরলীলায়াং ন বিদ্যন্তে ; তস্মাৎ পূর্বোত্তরয়োঃ কর্ম্মণোর্বিনাশোৎপাদৌ এব ভবেতাম্ ; ন তু আবির্ভাব-তিরোভাবৌ ।

ননু–সৈবেয়ং লীলা ইত্যভেদপ্রতীয়তে তদ্রূপতয়া তস্যা নিত্যত্বমিতি চেৎ ? অনবধানাৎ । তথাহি–তদেবেদং মহৌষধম্, যৎ ত্বয়া পুরা উপভুক্তম্” ইতিবৎ তস্যাঃ সাদৃশ্যমাত্রত্বম্ ; ন তু সম্পূর্ণ-ভেদরাহিত্যম্, কর্ম্মণো ভেদবিনিশ্চয়াৎ । ননু–আরম্ভ সমাপ্তী মাস্তাং ; কিন্তু চিত্রনর্ত্তক ন্যায়েন তৎকর্ম্মৈব একরসমস্তু ; তেন লীলয়া নিত্যতা” ইতি চেৎ ? তদপি ন যুক্তিসঙ্গতম্ ; আরম্ভ-সমাপ্তিভ্যাং বিনা লীলাস্বরূপাসিদ্ধেঃ ; তথা তৎ ক্রমানুভবেন রসোদয়ো ভবেৎ ; সদৈকরস্যে অনুভববৈচিত্র্যভাবাৎ রসোদয়াসিদ্ধেশ্চ ।

কিঞ্চ তয়োঃ পূর্বোত্তরয়োঃ কর্ম্মণোঃ তত্তৎ পরিকরজনসম্বন্ধঃ সর্বানুভবসিদ্ধঃ, তস্য একস্য পরিকরস্য একস্য কর্ম্মণি স্থিতিরভ্যুপগমে অন্যস্য স্বরূপং ন সিদ্ধ্যেৎ ; কিঞ্চ নেদং যুক্তিমাত্রসিদ্ধং, কিন্তু শাস্ত্রপ্রমাণ সিদ্ধমপি ; তথাহি শ্রীভাগবতে–১০/৩৩/২ “তত্রারভত গোবিন্দো রাসক্রীড়ামনুব্রতৈঃ” ইতি। সমাপ্তিঞ্চ–

নিত্যতা প্রতীত হয় । অপর প্রকাশ ভেদের দ্বারা আরম্ভ হইলে পরে প্রত্যেক অনেক হওয়া হেতু অবিচ্ছেদ হয় । কিন্তু তাহা পৃথকরূপে আরম্ভ করা হেতু অন্য কর্ম্ম হয়, এই সিদ্ধান্ত নিবারণ করা যাইবে না । অতএব সেই এই কর্ম্ম বা লীলা এই প্রকার প্রতীতির অনুদয় হেতু কর্ম্ম কি প্রকারে নিত্য হইবে? সুতরাং কর্ম্ম নিত্যতা শঙ্কা সমাধান করা সম্ভব হইল না । এই ভাষ্যাংশের সারতত্ত্ব এই যে শ্রীভগবানের বাল্যাদিকৃত কর্ম্মসমূহের নিত্যত্বে নিজ শাখায় অপঠিত অন্যশাখায় পঠিত গুণসকলের নিজের উপাস্যে উপসংহার করিতে হইবে । কিন্তু সেই কর্ম্ম সকলের নিত্যতা নাই, কারণ তাহারা কর্ম্ম হওয়া হেতু তাহাদের অবশ্যই বিনাশ হইবে । সেই কর্ম্ম মূর্ত্তদ্রব্য মাত্র সমবেত, অনিত্য উত্তরকাল সংযোগহেতু কোন সময় আশ্রয় বিনাশ হেতু তাহাও বিনাশ হয় । ক্রিয়া কর্ম্ম ও লীলা এই সকল পর্য্যায় বাচিশব্দ হয় । অতএব আরম্ভ সমাপ্তিহেতু তাহার পরিকরজন সম্বন্ধযুক্ত কর্ম্মসকল প্রতীতি হয় । পরিকরজন সম্বন্ধ বিনা সেই কর্ম্ম সকলের স্বরূপ সিদ্ধ হইবে না । সুতরাং পরিকরজন সম্বন্ধ দ্বারাই সেই লীলা ঘটিত হয় । অতএব আরম্ভ সমাপ্তি যুক্ত কর্ম্ম সকলের অনিত্যতা বিষয়ে কোন প্রকার সন্দেহ নাই। যদি বলেন–প্রত্যেক কর্ম্ম সকলের বহুতা হয়, এবং পূর্বোত্তর কর্ম্মদ্বয়ের আবির্ভাব তিরোভাব হয়, কিন্তু বিনাশ হয় না, এই প্রকার পূর্বোত্তর কর্ম্মের আবির্ভাব তিরোভাব অঙ্গীকার করিয়া ধারাবাহিকরূপে সেই জন্মাদি লীলা সকলের নিত্যতা স্বীকার্য্য । এই প্রশ্নের উত্তরে বলিতেছেন–প্রত্যেক লীলাতে সেই লীলাপরিকরগণের

॥ওঁ॥ সর্বাভেদাদন্যত্রেমে ॥ওঁ॥ ৩/৩/৫/১১॥

যে হরি–তৎপরিকরাস্তৎ কর্ম্মাংশা বা পূর্বস্মিন্ কালে কর্ম্মাণি বা সন্তি ত এবেমেঽন্যত্রোত্তরস্মিন্ কর্ম্মাণি কালে বা স্যুরিতি মন্তব্যম্ । কুতঃ ? সর্বাভেদাৎ ।

তত্রৈব–১০/৩৩/৩৯ ব্রহ্মরাত্র উপাবৃত্তে বাসুদেবানুমোদিতাঃ। অনিচ্ছান্ত্যো যয়ুর্গোপ্যঃ স্বগৃহান্ ভগবৎপ্রিয়াঃ॥ ইতি। তস্মাৎ সর্বথাপি কর্ম্মণো নিত্যত্বাভাবাৎ বাল্যাদি কর্ম্মাণাং নোপাস্যত্বমিত্যর্থঃ। "জন্ম-কর্ম্মাদিলীলানাং নিত্যতা নহি সর্বথা। যতো হি সা ক্রিয়া হ্যেব ক্রিয়া হ্যনিত্যা সর্বদা ॥ ইতি পূর্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্ত ঃ–এবং শ্রীভগবতো বাল্যাদিলীলাষু অনিত্যত্বশঙ্কা প্রাপ্তে তন্ত্রেণ বাক্যেকেন উত্তরমাহ শ্রীবাদরায়ণঃ–সর্বাভেদাদিতি। সর্বেষাং পূর্বোত্তরবর্ত্তিনাং লীলানাং শ্রীগোবিন্দদেব-তৎ পরিকর প্রকাশানাং তৎ কর্ম্মাংশানাঞ্চ ভেদাভাবাৎ নিত্যা এব তাঃ। অন্যত্র শ্রুত্যাদৌ ইমে সত্যা নিত্যাশ্চ ইতি প্রতিপাদনাদিত্যর্থঃ। অথ সূত্রাক্ষরার্থং বিশদয়ন্তি–"যে" ইত্যাদি। স্পষ্টম্।

ভিন্নতা হেতু লীলা সকলের নিত্যতা নাই।

যেমন–যাঁহারা জন্মাদি লীলার পরিকর, তাঁহারা পৌগণ্ড লীলায় বিদ্যমান থাকেন না, যাঁহারা পৌগণ্ড লীলা পরিকর তাঁহারা কৈশোর লীলায় থাকেন না, সুতরাং পূর্বোত্তর কর্ম্মের বিনাশ ও উৎপত্তি হইবেই, কিন্তু তাহা আবির্ভাব তিরোভাব নহে। যদি বলেন– সেই এই লীলা এই অভেদ প্রতীতি হেতু সেই রূপেই লীলার নিত্যতা। এই কথাও বলিতে পারেন না, কারণ ? অনবধান হেতু। অর্থাৎ সেই এই মহৌষধ, যাহা তুমি পূর্বে ভক্ষণ করিয়াছিলে এই প্রকার তাহার সাদৃশ্য মাত্রই স্বীকার করিতে হইবে, কিন্তু সম্পূর্ণ অভেদ নহে। কারণ কর্ম্মের ভেদ নিশ্চয় করা হইয়াছে।

পুনঃ যদি বলেন–লীলার আরম্ভ ও সমাপ্তি না হউক, কিন্তু চিত্রনর্ত্তক ন্যায়ে সেই কর্ম্মই হয়, এইরূপে লীলার এক রসতা হউক সুতরাং লীলার নিত্যতা হইবেই ? এই কথাও যুক্তি সঙ্গত নহে, আরম্ভ ও সমাপ্তি বিনা লীলার স্বরূপ সিদ্ধ হয় না, এবং আরম্ভ সমাপ্তির ক্রমানুভবের দ্বারাই রসের উদয় হয়, সদা এক রসবিশিষ্টে উপাস্যে অনুভববৈচিত্র্যের অভাবহেতু রসোদয় সিদ্ধ হইবে না। অপর সেই পূর্বও পর কর্ম্মের সেই সেই পরিকরজন সম্বন্ধহেতু সিদ্ধ হয় তাহা সর্বজন প্রসিদ্ধ, ও অনুভবসিদ্ধ, কিন্তু একটি পরিকরের একটি কর্ম্মের অবস্থান স্বীকার করিলে অন্যের স্বরূপ সিদ্ধ হইবে না, আরও ইহা কেবল যুক্তিমাত্র সিদ্ধই নহে, কিন্তু শাস্ত্র প্রমাণ সিদ্ধও হয়। এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে– শ্রীগোবিন্দদেব অনুগত ব্রজস্ত্রীগণের সহিত যমুনাপুলিনে রাসক্রীড়া আরম্ভ করিলেন। তথায় সমাপ্তি ও বর্ণানা করিয়াছেন–ব্রহ্মরাত্র সমাপ্ত হইপে শ্রীবাসুদেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া ভগবৎপ্রিয়া গোপীগণ অনিচ্ছা পূর্বক নিজগৃহে গমন করিলেন। অতএব সর্বথা কর্ম্মের নিত্যত্বের অভাবহেতু বাল্যাদি কৃতকর্ম্ম সকল উপাস্য নহে ইহাই অর্থ। শ্রীভগবানের জন্ম কর্ম্মাদি লীলা সকলের নিত্যতা সর্বথাই নাই, কারণ? তাহা ক্রিয়া, ক্রিয়া সর্বদাই অনিত্য হয়, এই প্রকা পূর্বপক্ষবাক্য।

সর্বেষাং পুর্বোত্তর বর্ত্তিনাং হরি-তৎপরিকরপ্রকাশানাং তৎকর্মাংশানাং বা ভেদাভাবাদিত্যর্থঃ । একস্য হরের্বহুত্বং–"একোঽপি সন্ বহুধা যোঽবভাতি" (গো০-তা০-পূ০-২৩)

"একানেক স্বরূপায়" (বি০ পু০–১/২/৩) ইতি শ্রুতি স্মৃতিসিদ্ধম্ । একস্য তৎ

তথাচ–পূর্ব-পূর্বকর্ম্মারম্ভে পরপরকর্ম্মণঃ, পর-পরকর্ম্মারম্ভে পূর্ব-পূর্বকর্ম্মণশ্চ প্রকাশান্তরেষু বিদ্যমানত্বাৎ, সর্বেষাং কর্ম্মণাং সদৈকরস্যং সিদ্ধম্ । তস্মাৎ সর্বেষাং প্রকাশানামভেদাচ্চ কর্ম্মণাং নানা আরব্ধত্বমিতি । ইত্থঞ্চ-যদুক্তং-পূর্বকর্ম্মণো নিত্যত্বে, পূর্বকর্ম্মণঃ পরিকরাণমপি নিত্যত্বম্, তথাত্বে উত্তরকর্ম্মসম্বন্ধস্তেষামসম্ভবাৎ, আরব্ধে চ উত্তরকর্ম্মণি তস্য পৃথগারম্ভাদন্যত্বং দুর্নিবারমিতি" নিরস্তং জ্ঞেয়ম্ ।

অথ শ্রীগোবিন্দদেবস্য একস্যাপি বহুত্বং শ্রীগোপালতাপনী শ্রুতিবাক্য প্রমাণেন প্রতিপাদয়ন্তি একোপীতি । অনন্তলীলাবিলাসী–শ্রীগোবিন্দদেব একোঽপি সন্ যো বহুধা প্রাভবপ্রকাশেন বহুধা অবভাতি, নিত্যপরিকরেষু বিবিধলীলাকুর্বন্ বিরাজতে । তথাহি শ্রীসংক্ষেপ ভাগবতে–১/২১ "অনেকত্র প্রকটতা রূপস্যৈকস্য যৈকদা । সর্বথা তৎ স্বরূপৈব স প্রকাশ ইতীর্য্যতে ॥ ইতি । অথ স্মৃতিবাক্য প্রমাণেনাপি স্পষ্টমাহুঃ–একানেক স্বরূপায় শ্রীগোবিন্দায় নমঃ" ইতি । তস্মাদেকস্য শ্রীগোবিন্দদেবস্য তথা তৎ পরিকরস্য চ তৎ-বহুত্বং মন্তব্যমিত্যর্থঃ ।

সিদ্ধান্ত ঃ–এই প্রকার শ্রীভগবানের বাল্যাদি লীলা বিষয়ে অনিত্যতা আশঙ্কা প্রাপ্ত হইলে পরে তন্ত্র বাক্যের দ্বারা ভগবান শ্রীবাদারায়ণ উত্তর বলিতেছেন–সর্বেতি । এই লীলা সকল অন্যত্র শ্রুতি শাস্ত্রে অভেদ বর্ণন করা হইয়াছে । অর্থাৎ পূর্ব ও পরবর্ত্তী লীলা সকল শ্রীগোবিন্দদেব, তাঁহার পরিকর, প্রকাশ, তাঁহার কর্ম্মাংশের ভেদের অভাব হেতু সেই লীলা সকল নিত্য । অন্যত্র শ্রুতি শাস্ত্রে এই লীলা নিত্য ও সত্য ইহা প্রতিপাদন করাহেতু ইহাই অর্থ ।

অনন্তর সূত্রাক্ষর সকল যোজনা করিতেছেন–য ইতি । শ্রীহরি তাঁহার পরিকরবৃন্দ, কর্ম্মাংশ, পূর্বকালে কর্ম্ম বা বিদ্যামান আছে তাহারাই অন্যত্র উত্তরকালে কর্ম্মে সময়ে হইবে এই প্রকার মানিতে হইবে । কেন ? সকলের অভেদহেতু । পূর্ব ও পরবর্ত্তী কর্ম্মসকল শ্রীহরি, তাঁহার পরিকর প্রকাশবৃন্দ অথবা সেই কর্ম্মাংশ সকলের ভেদাভাব হেতু ইহাই অর্থ । অর্থাৎ পূর্ব পূর্ব কর্ম্মের আরম্ভ বিষয়ে পর পর কর্ম্মের, পর পর কর্ম্মারম্ভ বিষয়ে পূর্ব পূর্ব কর্ম্ম সকলের প্রকাশান্তরে বিদ্যামানহেতু কর্ম্ম সকলের সদা এক রসতা সিদ্ধ হয় । অতএব শ্রীকৃষ্ণের প্রকাশ সকলের অভেদ হওয়াহেতু কর্ম্ম সকলের অন্য আরব্ধ হওয়া সিদ্ধ হয় না । এই প্রকার আপনারা বলিয়াছেন–পূর্ব কর্ম্মের নিত্যতা হইলে, তাহার পরিকরগণেরও নিত্যতা সিদ্ধ হইবে, এই প্রকার স্বীকার করিলে উত্তর কর্ম্ম সম্বন্ধ তাহাদের অসম্ভব হইবে, উত্তর কর্ম্ম আরম্ভ হইলে পরে তাহার পৃথক আরম্ভহেতু অন্য কর্ম্ম হওয়া নিবারণ করা যাইবে না এই কথাও নিরস্ত হইল ।

পরিকরস্য চ তন্মন্তব্যম্ । মহিষ্যুদ্বাহাদৌ তথা স্মরণাচ্চ, (ভা০–১০/৫৯/৪২) ভূমবিদ্যায়াং মুক্তস্য তদুক্তেঃ (ছা০–৭/২৬/২) ।

তুল্যাত্মনাং কর্ম্মাণাং কালভেদেনোদিতানামপ্যৈক্যম্ । "দ্বিঃ পাকোঽনেন কৃতো ন তু দ্বিধা পাকঃ কৃতঃ" ইতি বিদ্বৎপ্রতীতেঃ "দ্বির্গোশব্দোঽয়মুচ্চারিতো ন তু দ্বৌ

অথ শ্রীগোবিন্দদেবস্য একত্বেঽপি বহুত্বং শ্রীভাগবতপ্রমাণেন প্রতিপাদয়ন্তি–"মহিষীতি" । মহিষ্যুদ্‌বাহঃ" ইতি । অত্রেয়মাখ্যায়িকা শ্রীমদ্‌ভাগবতস্য দশমে ; শ্রীবিষ্ণুপুরাণস্য পঞ্চমোঽংশে ; শ্রীহরিবংশস্য বিষ্ণুপর্বণি চ দৃশ্যতে ।

আসীৎ কিল নরকো নাম পৃথিবীপুত্রঃ, স তু মহতাবলেন দর্পিতঃ সন্ দেবরাজেন্দ্রস্য ছত্রং, তন্মাতুঃ কুণ্ডলং, তথা রাজকন্যাকানাং ষোড়শসহস্রশতৈকং জহার ; তৎ কর্ম্ম দেবরাট্ শ্রীকৃষ্ণায় দ্বারকামেত্য নিবেদয়ামাস ; শ্রুত্বা চ স সত্যভামঃ শ্রীকৃষ্ণঃ তন্নগরং গত্বা নরকং নিজঘান, তস্য সর্বসম্পদান্ তা রাজকন্যাশ্চ দ্বারকায়াং সম্প্রেস্য স্বর্গং গত্বা ইন্দ্রায় ছত্রং কুণ্ডলং চ দদৌ ; ভত আগত্য শ্রীকৃষ্ণঃ তাঃ সর্বাঃ কন্যা একদৈব উদ্‌বাহয়ামাস ইতি । তথাহি শ্রীভাগবতে–১০/৫৯/৪২

অথো মুহূর্ত্ত একস্মিন্ নানাগারেষু তাঃ স্ত্রিয়ঃ ।
যথোপযেমে ভগবাংস্তবদ্রূপধরোঽব্যয়ঃ ॥ তত্রৈব শ্রীনারদস্যোৎসুকঃ–১০/৬৯/২

অনন্তর শ্রীগোবিন্দদেব এক হইয়াও অনেক হয়েন তাহা শ্রীগোপালতাপনী শ্রুতি বাক্য প্রমাণের দ্বারা প্রতিপাদন করিতেছেন–একোঽপীতি । এক শ্রীহরির বহুত্ব–যিনি এক হইয়াও বহুরূপে অবভাত হয়েন অর্থাৎ অনন্ত লীলাবিলাসী শ্রীগোবিন্দদেব এক হইয়াও যিনি বহুধা প্রাভব প্রকাশের দ্বারা বহুধা অবভাত–নিত্য পরিকরবৃন্দে বিবিধ লীলা করত বিরাজ করিতেছেন । শ্রীসংক্ষেপ ভাগবতামৃতে বর্ণিত আছে–একটিরূপ এককালে অনেক স্থলে প্রকট হয়, সেইরূপ সর্বথা সেই প্রকারই হয় তাহাকে প্রকাশ বলে । অতঃপর স্মৃতি বাক্য প্রমাণের দ্বারাও স্পষ্ট বলিতেছেন–একেতি । এক ও অনেক স্বরূপ শ্রীগোবিন্দদেবকে নমস্কার করি । অতএব এক হইয়াও শ্রীগোবিন্দদেবের ও তাঁহার পরিকরগণের বহুত্ব স্বীকার করিতে হইবে । অনন্তর শ্রীগোবিন্দদেব এক হইয়াও অনেক হয়েন তাহা শ্রীভাগবত প্রমাণের দ্বারা প্রতিপাদন করিতেছেন–মহিষীত । শ্রীকৃষ্ণের মহিষী বিবাহকালে সেই সেইপ্রকার স্মৃতি শাস্ত্রে বর্ণিত আছে । এই বিষয়ে একটি আখ্যায়িকা শ্রীভাগবতের দশমে, শ্রীবিষ্ণুপুরাণের পঞ্চম অংশে, শ্রীহরিবংশের বিষ্ণুপর্বে দেখা যায়–নরক নামে পৃথিবীর একটি পুত্র ছিল, সে অতিশয় বলের দ্বারা দর্পিত হইয়া ইন্দ্রের ছত্র দেবমাতা অদিতির কুণ্ডল ও ষোড়শসহস্র একশত রাজকন্যা অপহরণ করিয়াছিল ।

দেবরাজ ইন্দ্র নরকের সেই কার্য্য দ্বারকায় আগমন করত শ্রীকৃষ্ণকে নিবেদন করিয়াছিলেন, ইন্দ্রের প্রার্থনা শ্রবণ করত শ্রীসত্যভামার সহিত শ্রীকৃষ্ণ নরকের নগর প্রাগ্‌জ্যোতিষপুরে গমন করিয়া

গোশব্দো" ইতি শব্দৈক্যবৎ ।

ইত্থঞ্চ শ্রীহরেস্তজ্জনানাং তদ্ধাম্নাঞ্চপ্রকাশবাহুল্যাৎ তদ্ বিশেষৈঃ কর্ম্মণামারম্ভাৎ সমাপ্তেশ্চ পৃথগারব্ধানাং তেষামৈক্যাচ্চ স্বরূপনিত্যত্বে সিদ্ধে তৎ ক্রমানুভবহেতুকো বিচিত্র রসোদয়শ্চ এতেনৈব ব্যাখ্যাতঃ ।

চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্ । গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ ॥ শ্রীবিষ্ণুপুরাণে–৫/৩১/১৫-১৯ কন্যাশ্চ কৃষ্ণো জগ্রাহ নরকস্য পরিগ্রহান্ ॥ ততঃ কালে শুভে প্রাপ্তে উপযেমে জনার্দ্দনঃ । তাঃ কন্যা নরকেণাসন্ সর্বতো যাস্সমাহৃতাঃ ॥ একস্মিননেব গোবিন্দঃ কালে তাসাং মহামুনে !। জগ্রাহ বিধিবৎপাণিন্ পৃথগ্‌গেহেষু ধর্ম্মতঃ ॥ ষোড়শস্ত্রীসহস্রাণি শতমেকং ততোহধিকম্। তাবন্তি চক্রে রূপাণি ভগবান্ মধুসূদনঃ ॥ একৈকমেব তা কন্যা মেনিরে মধুসূদনঃ । মমৈব পাণিগ্রহণং মৈত্রেয় ! কৃতবান্ কিল ॥ ইতি ।

এবং বর্ণনেনাস্য শ্রীভগবতঃ পরিকরাণামপি যুগপদ্ বহুভবনত্বং প্রতিপাদিতম্ । প্রত্যেক বিবাহোৎসবে সর্বেষাং বর্ত্তমানত্বাদিত্যর্থঃ । শ্রীভগবৎ পরিকরাণাং তথাত্বং কিং বক্তব্যং মহামুণীনামপি বহুত্বং শ্রুয়তে;

নরককে হত্যা করেন, এবং তাহার সকল সম্পদ্ ও রাজকন্যাগণকে দ্বারকায় প্রেরণ পূর্বক স্বর্গে গমন করিয়া ইন্দ্রকে ছত্র ও কুণ্ডল দান করিলেন । স্বর্গ হইতে সমাগত শ্রীকৃষ্ণ সেই রাজকন্যাবৃন্দকে এক সময়ে একাকী বিবাহ করিয়াছিলেন । শ্রীভাগবতে বর্ণিত আছে–অনন্তর ভগবান শ্রীকৃষ্ণ শুভ মূহূর্ত্তে এককালে নানাগৃহে সেই কন্যাগণকে সেই প্রকার বহুরূপ ধারন করিয়া অব্যয়াত্মা যথাবিধি বিবাহ করিয়াছিলেন । ঐ বিবাহ দর্শনে শ্রীনারদের উৎসুকতা–কি আশ্চর্য্য বল ! শ্রীকৃষ্ণ একটি শরীরের দ্বারা এক কালে একাকী পৃথক গৃহসকলে ষোড়শসহস্র কন্যা বিবাহ করিলেন ।

শ্রীবিষ্ণুপুরাণে বর্ণিত আছে নরকের সংগ্রহকৃত কন্যাগণকে শ্রীকৃষ্ণ গ্রহণ করিলেন, অনন্তর নরক যে কন্যাগণকে সর্বস্থান হইতে একত্রিত করিয়াছিলেন । জনার্দন শুভকাল প্রাপ্ত হইলে সেই কন্যাবৃন্দকে বিবাহ করিলেন । হে মহামুনে ! শ্রীগোবিন্দদেব এক কালেই পৃথকগৃহে ধর্ম্ম পূর্বক তাহাদের বিধিবৎ পাণিগ্রহণ করিলেন। ষোড়শসহস্র হইতে একশত অধিক রমণী, ভগবান শ্রীমধুসূদন তত তাবৎসংখ্যারূপ করিলেন । এবং হে মৈত্রেয় ! সেই এক একটি কন্যা মধুসূদন আমারই পাণিগ্রহন করিলেন এই প্রকার মনে করিলেন ।

এই প্রকার বর্ণনের দ্বারা শ্রীভগবানের ও পরিকরগণের এককালে অনেক হওয়া প্রতিপাদন করিলেন। কারণ প্রত্যেক বিবাহ বাসরে সকলেই বিদ্যমান ছিলেন । শ্রীভগবৎ পরিকরগণের বহুভবন কথা দূরে থাকুক, মহামুনিগণও অনেক অনেক হয়েন, শ্রবন করা যায়, শ্রীভাগবতে বর্ণিত আছে শ্রীশ্রুতদেব ও বহুলাশ্বমহারাজের নিমন্ত্রণ রক্ষার নিমিত্ত মুনিবৃন্দের সহিত শ্রীগোবিন্দদেব তাঁহাদের গৃহে এককালে প্রবেশ করিয়াছিলন । ভগবান শ্রীকৃষ্ণ তাহা জানিয়া উভয়ের প্রিয় করিবার নিমিত্ত, উভয়ের অলক্ষিত ভাবে উভয়ের গৃহে প্রবেশ করিলেন । অতএব সর্বব্যাপক সর্বাশ্চর্যময় অচিন্ত্য শক্তিযুক্ত

তথাহি শ্রীভাগবতে–১০/৮৬/২৬ শ্রীশ্রুতদেব-বহুলাশ্বয়োর্নিমন্ত্রণরক্ষার্থং মুনিবৃন্দৈঃ সহ শ্রীগোবিন্দদেবঃ তয়োর্গৃহং যুগপদাবিবেশ । "ভগবাংস্তদভিপ্রেত্য দ্বয়োঃ প্রিয়চিকীর্ষয়া । উভয়োরাবিশদ্ গেহমুভাভ্যাং তদলক্ষিতঃ ॥ ইতি । তস্মাৎ–সর্বব্যপকস্য সর্বাশ্চর্য্যময়াচিন্ত্যশক্তিযুক্ত শ্রীগোবিন্দদেবস্য সর্বদাবির্ভাবাৎ তস্য কর্ম্মণাং নানিত্যত্বশঙ্কালেশগন্ধোঽপীত্যর্থঃ ।

এবং একস্য শ্রীভগবতো বহুত্বং প্রতিপাদ্য তস্য উপাসকস্য বহুত্বং প্রতিপাদয়ন্তি–"ভূমবিদ্যায়ামিতি"। ছান্দোগ্যোপনিষদি ভূমবিদ্যোপদেশোপসংহারে-ভগবান্ সনৎকুমারঃ শ্রীনারদমাহ–(৭/২৬/২) "তদেষ শ্লোকঃ–"ন পশ্যো মৃত্যুং পশ্যতি নরোগং নোত দুঃখতাম্ । সর্বং হ পশ্যঃ পশ্যতি সর্বামাপ্নোতি সর্বশঃ" ইতি । স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা সপ্তধা নবধা চৈব পুনশ্চৈকাদশ স্মৃতঃ শতং চ দশ চৈকশ্চ সহস্রাণি চ বিংশতিঃ" ইতি । অনেন সর্বানন্দময়স্য ভূমাপুরুষস্য শ্রীগোবিন্দদেবস্য সেবকানাং বহুত্বং সুব্যক্তমেব ।

অথ একস্য কর্ম্মণো বহুত্বং প্রতিপাদয়তিমাহঃ–তুল্যাত্মনামিতি ।

তথাচ–তুল্যাত্মনাং–সমানাকারাণাং কর্ম্মণাং কালভেদেনোদিতানাং একত্বমিতি ; তত্তু লৌকিকদৃষ্টান্তেন

শ্রীগোবিন্দদেবের সর্বদাই আবির্ভাবহেতু তাঁহার কর্ম্ম বা লীলা সকলের অনিত্য সঙ্কালেশের গন্ধও নাই ইহাই অর্থ ।

এই প্রকার একমাত্র শ্রীভগবানের অনেকত্ব প্রতিপাদন করিয়া তাঁহার উপাসকগণের বহুত্ব প্রতিপাদন করিতেছেন–ভূমেতি । ভূমবিদ্যায় মুক্তের তাহা কথিত হইয়াছে । অর্থাৎ ছান্দোগ্যোপনিষদে ভূমবিদ্যার উপদেশ করিয়া উপসংহারে ভগবান সনৎকুমার শ্রীনারদকে বলিলেন–এই বিষয়ে শ্লোক আছে–সেই ভূমাদর্শী মৃত্যুকে দর্শন করে না, রোগ দুঃখ দর্শন করে না, সে সকল দর্শন করে সকল প্রাপ্ত হয়, সে এক হয় তিন হয় পঞ্চ হয় সপ্ত হয় নবম হয়, পুনঃ একাদশ শত, দশ, এক, সহস্র ও বিংশতি হয়, এই প্রমাণের দ্বারা সর্বানন্দময় ভূমাপুরুষ শ্রীগোবিন্দদেবের সেবকগণের বহুত্ব সুব্যক্তই হইয়াছে । অনন্তর একটি কর্ম্মের বহুত্ব প্রতিপাদন করিবার নিমিত্ত বলিতেছেন–তুল্যেতি । কালভেদে কথিত তুল্যাত্মক কর্ম্মসকলেরও ঐক্য বা একত্ব দেখা যায় ।

কর্ম্মের ঐক্য বলিতেছেন–এই ব্যক্তিই দুইবার পাক করিয়াছে, কিন্তু দুই প্রকার পাক করে না, অর্থাৎ এক প্রকার পাকই দুই বার কর । হেতু কর্ম্মের একত্ব হইল, এই প্রকার বিদ্বৎ প্রতীতি হয় । শব্দের ঐক্য বলিতেছেন–এই ব্যক্তি দুই বার গো গো এই শব্দ উচ্চারণ করিয়াছে, কিন্তু দুইটি গো বলে না, এইস্থলে একত্ব সিদ্ধ হইল । অর্থাৎ তুল্যাত্মক সমানাকার কর্ম্ম সকলের কাল ভেদে কথিত হইলেও একত্ব হয়, তাহা লৌকিক দৃষ্টান্তের দ্বারা সাধন করিতেছেন–দ্বিরিতি । এই প্রকার শব্দের একত্বও প্রমাণিত করিতেছেন–দ্বিগৌরিতি ।

এই প্রকার শ্রীহরির তাঁহার পরিকরের তাঁহার ধাম সকলের প্রকাশ বাহুল্যহেতু তাদৃশ পরিকরবৃন্দের দ্বারা কর্ম্ম সকলের আরম্ভ হেতু ও সমাপ্তি হেতু পৃথক আরম্ভ লীলা সকলের একত্বহেতু তাহাদের

ন চৈতদমূলম্ "যদ্‌ভূতং ভবচ্চ ভবিষ্যচ্চ" (বৃ০–৩/৮/৩) ইতি বৃহদারণ্যকাৎ"। "একো দেবো নিত্যলীলানুরক্তঃ" (আথ০ ৪র্থ প্রপ্রা০) ইত্যথর্ব বাক্যাৎ। "জন্ম কর্ম চ

সাধয়ন্তি–দ্বিঃপাকঃ" ইতি। এবং শব্দৈকত্বমপি প্রমাণয়ন্তি–"দ্বির্গোশব্দঃ" ইতি। ইত্থং.........ব্যাখ্যাতঃ" ইতি স্পষ্টম্। এতেন–শব্দানিত্যবাদিনাং নৈয়ায়িকানাম্–(প্রশস্তপাদভাষ্যে গুণপদার্থনিরূপণে–৪২) "শব্দোঽম্বরগুণঃ শ্রোত্রগ্রাহ্যঃ ক্ষণিকঃ" ভাষাপরিচ্ছেদে–১৬৭ "উৎপন্নঃ কো বিনষ্টঃ ক ইতি বুদ্ধেরনিত্যতা" ইতি, বেদানিত্যবাদমপি নিরস্তং বেদিতব্যম্।

তথাচ–শ্রীভগবৎ প্রকাশানন্ত্যাৎ তদ্ধাম্নাং তৎ পরিকরাণাঞ্চ বাহল্যাৎ প্রকাশবিশেষৈঃ ভেদৈরিতি পৃথগারব্ধানামপি কর্ম্মাণাং, স্বরূপ ভেদাভাবাৎ সদৈকরস্যরূপা নিত্যতা চ সিদ্ধা ইতি। তস্মাৎ তেষাং নিত্যত্বপ্রতিপাদনাৎ যঃ ক্রমোঽনুভবঃ সাক্ষাৎকারঃ তজ্জনিতো যো বিচিত্রস্য বহুবিশেষ বিশিষ্টস্য রসস্যোদয়ঃ ভবতি ইতি।

অথ কর্মনিত্যত্বস্য শ্রুতিপ্রমাণেন দ্রঢ়য়ন্তি–নচেতি। যদ্ ভূতমিতি–পরব্রহ্মনিষ্ঠং গুণকর্ম্মলক্ষণ মর্থজাতং নিত্যং, গত-ভবদ্-ভবিষ্যচ্ছব্দৈঃ তস্য ত্রৈকালিকস্থিতিঃ বিনিশ্চয়াৎ। অথ পিপ্পলাদশাখোক্তা নামাথর্বণিকানাং বাক্যেনাপি লীলায়া নিত্যত্বমাহুঃ–"একঃ" ইতি। একঃ–স্বেতরসর্ববিধসহায়শূন্য–স্বশক্ত্যেকসহায়বান্, দেবঃ–শ্রীগোবিন্দদেবঃ, নিত্যলীলানুরক্তঃ, তস্য লীলায়াঃ কদাচিদপি বিনাশিত্বং পৃথগারম্ভত্বঞ্চ

নিত্যত্বসিদ্ধ হইলে পরে সেই লীলার ক্রমানুভব হেতু বিচিত্ররসোদয় হয়, তাহা এই প্রকরণের দ্বারাই সিদ্ধ হয় সুতরাং তাহা ব্যাখ্যা করা হইল। এতাদ্বরা নৈয়ায়িকগণ যে শব্দের অনিত্যতা প্রতিপাদন করেন শ্রীপ্রশস্তপাদ বলেন–শব্দ আকাশের গুণ শ্রোত্রগ্রাহ্য ও অনিত্য হয়। ভাষা পরিচ্ছেদে বর্ণিত আছে–ক উৎপন্ন হইল এবং ক বিনষ্ট হইল এই বুদ্ধিহেতু শব্দ অনিত্য হয়, এই প্রকার বেদের অনিত্যতা বাদও নিরস্ত হইল বুঝিতে হইবে।

সারাংশ এই যে–শ্রীভগবানের অনন্ত প্রকাশহেতু তাঁহার ধামেরও পরিকরের বাহল্যতাবশতঃ প্রকাশবিশেষ–ভেদের দ্বারা পৃথকভাবে সমারব্ধ কর্ম সকলের ভেদাভাব হেতু সদৈকরসরূপতাও নিত্যতা সিদ্ধ হইল। অতএব লীলা সকলের নিত্যত্ব প্রতিপাদনহেতু যে ক্রমানুভব–সাক্ষাৎকার তজ্জনিত যে বিচিত্র–বহু বিশেষ বিশিষ্টরস তাহার উদয় হয়।

অনন্তর শ্রুতি প্রমানের দ্বারা কর্মের নিত্যতা দৃঢ় করিতেছেন–নচেতি। এই সিদ্ধান্ত অমূলক নহে, যাহা ভূতভবৎ ভবিষ্যৎ, অর্থাৎ পরব্রহ্ম নিষ্ঠগুণ কর্ম্মলক্ষণ অর্থ সমূহ নিত্য ভূতগত ভবৎ হইতেছে ভবিষ্যৎ পরেও হইবে ইত্যাদি শব্দের দ্বারা কর্মের ত্রিকাল অবস্থিতি নিশ্চয় করিয়াছেন, ইহা বৃহদারণ্যকে বর্ণিত আছে। অথ পিপ্পলাদ শাখা কথিত অথর্বণিকগণের বাক্যের দ্বারাও লীলার নিত্যতা প্রতিপাদন করিতেছেন–এক ইতি। একদেব নিত্যলীলায় অনুরক্ত আছেন, এইকথা অথর্বে আছে, অর্থাৎ এক–স্বেতরসর্ববিধ সহায়শূন্য স্বশক্ত্যেক সহায়যুক্ত, দেব শ্রীগোবিন্দদেব নিত্যলীলানুরক্ত, তাঁহার লীলার কদাচিৎ কোন কালেও বিনাশিত্ব এবং পৃথগারম্ভত্ব সম্ভব নহে ইহাই অর্থ।

মে দিব্যম্" (গী০–৪/৯) ইত্যাদি ভগবদ্‌বাক্যাচ্চ ।

ঈদৃক্ প্রত্যয়ঃ খলু তৎ কৃপয়ৈব । "যাবানহং যথা ভাবো যদ্রূপ গুণ–কর্ম্মকঃ ।

ন সম্ভবেদিত্যর্থঃ ।

অথ স্বয়ং ভগবতঃ পার্থসারথেঃ শ্রীকৃষ্ণস্য শ্রীমুখবাক্য প্রমাণেন তস্য জন্ম-কর্ম্মাদীনাং নিত্যত্বং প্রতিপাদয়ন্তি–জন্ম কর্ম্ম" ইতি । এবং যো বেত্তি তত্ত্বতঃ । ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্মনৈতি মামেতি সোঽর্জ্জুন ! ॥ ইতি বাক্যশেষঃ । হে অর্জ্জুন ! যো মে জন্ম দিব্যং কর্ম্ম চ এবং তত্ত্বতঃ বেত্তি, সঃ দেহং ত্যক্ত্বা পুনঃ জন্ম ন এতি, মাং এব এতি, ইত্যন্বয়ঃ । কিং বহুলায়াসৈঃ সাধনসহস্রৈঃ, মদেকান্তিনস্তু মজ্জন্মকর্ম্মাদিলীলা শ্রবণেনৈব হেলয়ৈব মোক্ষমাপ্নুবন্তীতি প্রতিপাদয়ন্তি–শ্রীভগবান্ জন্মেতি। যো ভক্তঃ, মে মম সর্বেশ্বরস্য সত্যসঙ্কল্পস্য স্বেচ্ছাময়স্য বৈদূর্য্যবন্নিত্যসিদ্ধ-শ্রীনৃসিংহ-রঘুনাথাদি বহুরূপস্য তত্র তত্রোক্ত লক্ষণং জন্ম তথা কর্ম্ম চ তত্তদ্‌ভক্তসম্বন্ধচরিতং তদুভয়ং দিব্যং অপ্রাকৃতং নিত্যমিতি তত্ত্বতো বেত্তি-জানাতি, সো মামেব এতি প্রাপ্নোতি, ত্যক্ত্বাদেহমিতি–অস্মিন্নেব দেহাবসানে ইত্যর্থঃ । তথাচ–সচ্চিদানন্দময়-পরব্রহ্ম-শ্রীগোবিন্দদেবস্য জন্ম-কর্ম্মাদিলীলাপি নিত্যস্বরূপানুবন্ধিনী ; তস্যা এবম্ভুতত্ত্বাভাবে তজ্জ্ঞানেন মোচকত্বানুপপত্তেরিতি ; ব্রহ্মজ্ঞানমেব মোচকম্, তথাহি শ্বেতাশ্বতরে–৩/৮ "তমেব বিদিত্বা–অতিমৃত্যুমেতি।

অথ–স্বয়ং ভগবান পার্থ সারথী শ্রীকৃষ্ণের শ্রীমুখবাক্য প্রমাণের দ্বারা তাঁহার জন্মকর্ম্মাদির নিত্যত্ব প্রতিপাদন করিতেছেন–জন্মেতি । জন্ম ও কর্ম্ম আমার দিব্য হয় । অর্থাৎ এই প্রকার যে তত্ত্বতঃ জানে, হে অর্জুন ! সে দেহ ত্যাগ করত পুনর্জন্ম প্রাপ্ত হয় না, আমাকেই প্রাপ্ত হয় এই প্রকার বাক্য শেষ হয় । অন্বয়ার্থ–হে অর্জ্জুন ! যে ব্যাক্তি আমার জন্ম দিব্য ও কর্ম্ম দিব্য এই প্রকার যথার্থতঃ জানে, সে দেহ পরিত্যাগ করত পুনর্জন্ম গ্রহণ করে না, আমাকেই প্রাপ্ত হয় । ব্যাখ্যা–বহু আয়াসযুক্ত সাধন সহস্রের প্রয়োজন কি ? আমার একান্তি ভক্তগণ আমার জন্ম কর্ম্মাদি লীলা শ্রবণের দ্বারাই হেলায় মোক্ষ প্রাপ্ত হয়, শ্রীভগবান তাহাই প্রতিপাদন করিতেছেন–জন্মেতি ।

যে ভক্ত আমার সর্বেশ্বর সত্যসঙ্কল্প স্বেচ্ছাময় বৈদূর্য্যবৎ নিত্যসিদ্ধ শ্রীনৃসিংহ শ্রীরঘুনাথাদি বহুরূপধারির সেই সেই অবতারের জন্ম কর্ম্মাদি, সেই সেই ভক্ত সম্বন্ধ চরিত্র এই উভয়েই দিব্য অপ্রাকৃত নিত্য ইহা তত্ত্বতঃ যে জানে সে আমাকেই প্রাপ্ত হয় । ত্যক্ত্বাদেহ–এই দেহাবসানেই প্রাপ্ত হইবে । অর্থাৎ সচ্চিদানন্দময় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের জন্ম কর্ম্মাদি, লীলাও নিত্যস্বরূপানুবন্ধিনী, তাহা যদি এই প্রকার না হয়, তবে লীলাদি জ্ঞানের দ্বারা মোচকতার উপপত্তি হইবে না, ব্রহ্ম জ্ঞানই মোচক হয় এই বিষয়ে শ্বেতাশ্বতরে বর্ণিত আছে–তাঁহাকে জানিয়াই মৃত্যুর পরপারে গমন করে অন্য কোন পন্থা নাই, অতএব শ্রীভগবানের জন্ম ও কর্ম্ম তাহা হইতে অভেদ হেতু তাহার জ্ঞানে মোক্ষ বর্ণনা করা অসঙ্গত নহে । শ্রীবরাহ পুরাণে বর্ণিত আছে–হে বসুন্ধরে ! আমার জন্ম কর্ম্ম ও নাম সকল দিব্য, এই প্রকার চিন্তা করিয়া মানব সকল পাপ হইতে মুক্ত হয় ।

তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ ॥" (ভা০–২/৯/৩১) ইতি তদুক্তেঃ । কিঞ্চ স্বরূপেণ চিচ্ছক্ত্যা চ কৃতং কর্ম্ম নিত্যম্ । তেন প্রকৃতি কালাভ্যাঞ্চ কৃতং ত্বনিত্যম ।

নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়" ইতি । তস্মাৎ শ্রীভগবজ্জন্মকর্ম্মণোস্তদভেদাৎ তজ্জ্ঞানেনমোক্ষোক্তির্নাসঙ্গতা ইতি । তথাহি শ্রীবরাহপুরাণে–"এবং জন্মানি কর্ম্মাণি নামানি চ বসুন্ধরে !। মম দিব্যানি সঞ্চিন্ত্য মুচ্যতে সর্বপাতকৈঃ" ইতি । অপিচ–শ্রীবৃহদ্‌ভাগবতামৃতে–২/৫/৫৪-৫৫ ; সর্বেঽপি নিত্যং কিল তস্য পার্ষদাঃ সেবাপরাঃ ক্রীড়নকানুরূপাঃ। প্রত্যেকমেতে বহুরূপ বন্তোঽপ্যেকং ভজামো ভগবান্ যথাসৌ ॥ নানা বিধাস্তস্য পরিচ্ছদা যে নামানি লীলা প্রিয়ভূময়শ্চ । নিত্যানি সত্যান্যখিলানি তদ্ব–দেকান্যনেকান্যপি তানি বিদ্ধি ॥ ইতি । শ্রীভাষ্যপীঠকে–চ–২/৪২ ভগবতি সদৈবাকারানন্ত্যাৎ প্রকাশানন্ত্যাৎ লীলানন্ত্যাদনন্ত ব্রহ্মাণ্ডগতানন্তবৈকুণ্ঠগতানাং তত্তৎ লীলাস্থানানাং তত্তৎ পার্ষদানাং চ ব্যক্তি প্রকাশানন্ত্যাচ্চনানিত্যত্বং তস্যাঃ ; তত্তদাকার-প্রকাশগতয়োঃ তত্তদারম্ভ-সমাপ্ত্যোঃ সত্যোরপ্যেকত্রৈকত্র তত্তৎক্রিয়াংশং যাবৎসমাপ্যন্তে ন সমাপ্যন্তে বা তাবদেবান্যত্রাপ্যারব্ধাঃ স্যুঃ, ইত্যেবং তস্মিংস্তদবিচ্ছেদাৎ নিত্যৈব সা ইতি" ইতি ।

অপর শ্রীবৃহদ্‌ভাগবতামৃতে বর্ণিত আছে–এই শ্রীভগবান যে প্রকার সেইরূপ তাঁহার পার্ষদগণ সকল নিত্য সেবাপরায়ণ, ক্রীড়ার অনুরূপ সেবকগণ প্রত্যেকেই বহুরূপযুক্ত, লীলাহেতু একও হয়েন, শ্রীকৃষ্ণের যে নানাপ্রকার পরিচ্ছদ নামলীলা প্রিয়ভূমিসকল নিত্য এবং সত্য, তাহা এক ও অনেক হয় জানিতে হইবে । শ্রীভাষ্যপীঠকে বর্ণিত আছে–শ্রীভগবানের সর্বদাই আকার অনন্ত প্রকাশ অনন্ত লীলা অনন্ত, অনন্ত ব্রহ্মাণ্ডগত অনন্ত বৈকুণ্ঠগত, সেই সেই লীলা স্থানের সেই সেই পার্ষদগণের ব্যক্তি প্রকাশ অনন্ত হেতু লীলা অনিত্য নহে । লীলার সেই সেই আকার ও প্রকাশগত আরম্ভ ও সমাপ্তির বিদ্যমান থাকিলেও একস্থানে সেই সেই ক্রিয়ার অংশ যাবৎসমাপ্ত না হয় অথবা সমাপ্ত হয়, তাবৎকালে অন্যত্র ধামাদিতে আরম্ভ হয় এই প্রকার শ্রীভগবানের লীলার অবিচ্ছেদ হেতু তাহা নিত্যই হয় । অপর শ্রীক্রমসন্দর্ভে বর্ণিত আছে–শঙ্কা– জন্ম ও কর্ম্মের কি প্রকারে নিত্যতা হয় ? তাহা ক্রিয়া, ক্রিয়া হওয়া হেতু প্রতিনিজাংশ লক্ষণ আরম্ভ পরিসমাপ্তির দ্বারা সিদ্ধ হয়, তাহা বিনা ক্রিয়ারস্বরূপ হানি হইবে ? সমাধান–তাহা দোষের নহে, কারণ শ্রীভগবানে পরিকর ধামাদি অনন্ত প্রকাশ আছে, বিশেষ জ্ঞানেচ্ছু তাহা দর্শন করিবেন । যদি বলেন লীলার নিত্যতা বিষয়ে আমাদের জ্ঞান বা অনুভব হয় না কেন ? তদুত্তরে বলিতেছেন–ঈদৃগিতি । এই প্রকার প্রত্যয় বা বিশ্বাস তাঁহার কৃপাতেই হয় । অর্থাৎ শ্রীভগবানের কৃপা বিনা এই প্রকার তত্ত্বজ্ঞান জীবের উৎপন্ন হয় না । অথ শ্রীভাগবত পদ্যসংবাদের দ্বারা তাহা স্পষ্ট করিতেছেন–যাবানিতি । হে ব্রহ্মণ ! আমি যে প্রকার যেমন ভাব, যে প্রকার রূপ গুণ কর্ম্মযুক্ত, আমার অনুগ্রহহেতু তোমার সেই প্রকার তত্ত্ববিজ্ঞান হউক, ইহাই অন্বয়ার্থ । অর্থাৎ আমি যে প্রকার স্বরূপতঃ যেপরিমাণ মধ্যমাকারেও বিভুত্বাদি গুণযুক্ত, যেমন ভাব-সর্বাংশে পারমার্থিক সত্ত্ব বিশিষ্ট, রূপ দ্বিভুজত্বাদিবিগ্রহ, গুণ, সার্বজ্ঞ্য ভক্তবাৎসল্য রসিকশেখরাদি, লীলা জন্ম পূতনা মোক্ষ গোবর্দ্ধন মখাদি, এই প্রকার যেমন রূপ, গুণ, কর্ম্মযুক্ত আমি সেই প্রকার সর্বতোভাবেই তত্ত্ববিজ্ঞা

তচ্চ স্বর্গাদিকমেবান্যথালয়োক্তি ব্যাকোপঃ। তস্মান্নিত্যং তৎ কর্ম্ম ইতি ॥১১॥

কিঞ্চ শ্রীক্রমসন্দর্ভে–৮/৩/৮ ননু কথং জন্ম কর্ম্মণোর্নিত্যত্বম্ ? তে হি ক্রিয়ে, ক্রিয়াত্বঞ্চ প্রতিনিজাংশ-লক্ষণমপ্যারম্ভ-পরিসমাপ্তিভ্যামেব সিদ্ধ্যতি ইতি–তেন বিনা স্বরূপহান্যাপত্তেঃ ? নৈষ দোষঃ;– শ্রীভগবতি–ইত্যাদি পূর্ব্ববৎ। বিশেষজিজ্ঞাসাচেত্তত্রদ্রষ্টব্যম্। ননু কথমস্মাভিরেবং ন জ্ঞায়তে ? তত্রাহুঃ– ঈদৃগিতি। স্পষ্টম্। শ্রীভগবৎকৃপামন্তরেণ এতাদৃশতত্ত্বজ্ঞানং জীবানাং নোৎপদ্যতে' ইতি। অথ শ্রীভাগবত পদ্যসংবাদেন তদেব স্পষ্টয়ন্তি–"যাবনহমিতি" হে ব্রহ্মণ্! অহং যাবান্ যথা ভাবঃ, যদ্ রূপ-গুণ-কর্ম্মকঃ, মদনুগ্রহাৎ তে তথৈব তত্ত্ববিজ্ঞানং অস্তু ইত্যন্বয়ঃ।

অহং যাবান্-স্বরূপতো যৎ পরিমাণকোঽহং মধ্যমত্বেঽপি বিভুত্ববান্ ; যথা ভাবঃ–সর্বাংশে পারমার্থিকসত্ত্বাবিশিষ্টঃ ; রূপাণি-দ্বিভুত্বাদিবিগ্রহাঃ। গুণাঃ–সার্বজ্ঞ্য-ভক্তবাৎসল্য-রসিকশেখরত্বাদয়ঃ ; লীলাঃ– জন্ম-পূতনামোক্ষ-গোবর্দ্ধন মখাদীনি ; এবং যদ্রূপগুণকর্ম্মকোঽহং তথৈব তেন সর্বপ্রকারেণৈব তত্তবিজ্ঞানং যথার্থ্যানুভবো মদনুগ্রহাত্তে তব অস্তু ভবতাদিতি। ইতি। তথাহি–শ্রীদশমে–১৪/২৯

"অথাপি তে দেব পদাম্বুজদ্বয় প্রসাদলোশানুগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্ মহিম্নো ন চান্য একোঽপি চিরং বিচিন্বন্ ॥

ননু প্রপঞ্চসৃষ্ট্যাদিকমপি তবৈব কর্ম্ম, তেষাং তথাত্বে স্বীকারে প্রলয়োক্তির্ব্যাকোপাপত্তিরিতিচেৎ ? তত্রাহুঃ–কিঞ্চেতি। স্বরূপশক্তিকৃতানি কর্ম্মাণ্যেব নিত্যানি, ন মায়াশক্তিকৃতানি সৃষ্টাদীনি ; প্রপঞ্চস্বর্গাদি

যথার্থনুভব আমার অনুগ্রহে তোমার হউক ইহাই অর্থ। ইহা শ্রীভগবান বলিয়াছেন। শ্রীদশমে বর্ণিত আছে–হ দেব ! অথাপি আপনার পদাম্বুজদ্বয়ের প্রসন্নতার লেশমাত্র অনুগ্রহের দ্বারা আপনার তত্ত্ব জানে, হে ভগবন ! অন্য চিরকাল অন্বেষণ করিয়াও পায় না।

যদি বলেন–প্রপঞ্চসৃষ্টাদিও শ্রীভগবানের কর্ম্ম, তাহাদের নিত্যতা স্বীকার করিলে পরে প্রলয়োক্তি ব্যাকোপাপত্তি দোষ হইবে ? তদুত্তরে বলিতেছেন–কিঞ্চেতি। অপর শ্রীকৃষ্ণ নিজ স্বরূপের দ্বারা এবং চিৎশক্তির দ্বারা কৃতকর্ম্ম নিত্য হয়, শ্রীকৃষ্ণকর্ত্তৃক প্রকৃতি ও কালশক্তির দ্বারা কৃতকর্ম অনিত্য হয়, তাহা স্বর্গমর্ত্ত্যাদি, অন্যথা লয় বর্ণনা বৃথা হইবে। অর্থাৎ শ্রীভগবানের স্বরূপশক্তিকৃত কর্ম্ম সকলই নিত্য হয়, কিন্তু মায়াশক্তিকৃত সৃষ্টি কর্ম্ম নিত্য নহে, প্রপঞ্চ স্বর্গাদি কর্ম্মের নিত্যতা স্বীকার করিলে পরে প্রলয় বর্ণনার সঙ্গতি হইবে না। অতএব প্রপঞ্চ সর্গাদি ভিন্ন কর্ম্মই নিত্য ইহা সিদ্ধ হইল।

সঙ্গতি ঃ–অনন্তর সর্বাভেদাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন–তস্মাদিতি অতএব শ্রীভগবানের কর্ম্ম সকল নিত্য হয়। এই বিষয়ে শ্রীপ্রমেয় রত্নাবলীতে বর্ণিত আছে–শ্রীভগবানের রূপ অনন্ত পরিকর অনন্ত ও ধাম অনন্ত হেতু তাঁহার কর্ম্ম সকল নিত্য, কারণ তাহা শ্রীভগবান হইতে অভেদ, ইহা তত্ত্ববিৎ পণ্ডিতগণ বলিয়া থাকেন। সুতরাং শ্রীভগবানের বাল্যাদি কর্ম্ম সকল ও শ্রীভগবদ্ধর্ম্ম হওয়াহেতু নিত্য, অতএব তাহারও উপাস্য ইহাই অর্থ। রমণীয় শ্রীমদ্ বৃন্দাবনধামে রসিকেন্দ্র শিরোমণি শ্রীকৃষ্ণ শ্রীরাধাদি গোপিকাগণ পরিবৃত হইয়া নিত্য বিরাজিত আছেন ॥১১॥

এই প্রকার সর্বাভেদাধিকরণ পঞ্চম সম্পূর্ণ ॥৫॥

৬॥ "আনন্দাদ্যধিকরণম্"–

অথেদং বিচারয়তি । বেদেষু পূর্ণানন্দাদয়ো ধর্ম্মাঃ শ্রূয়ন্তে । তে সর্বেষু তদুপাসনেষু পসংহার্য্যাঃ ? নবেতি বীক্ষায়াম্, অনারভ্যাধীতানামুপসংহারে প্রমাণাভাবাৎ, আরভ্যাধীতা

কর্ম্মণোঽপি নিত্যত্ব স্বীকারে লয়োক্তির্নসঙ্গচ্ছতে ; তস্মাৎ প্রপঞ্চসর্গাদিভিন্নং কর্ম্মনিত্যমিতি সিদ্ধম্ ।

সঙ্গতি ঃ–অথ সর্বাভেদাধিকরণস্য সঙ্গতিপ্রকারমাহুঃ–তস্মাদিতি । অতিরোহিতার্থম্ । তথাহি শ্রীপ্রমেয়রত্নবল্যাম্–১/২৯

রূপানন্ত্যাজ্জনানন্ত্যাদ্ধামানন্ত্যাচ্চ কর্ম্ম তৎ ।
নিত্যং স্যাত্তদেভেদাচ্চেত্যুদিতং তত্ত্ববিত্তমৈঃ ॥

ইতি । তস্মাদ্ বাল্যাদিকর্ম্মণামপি শ্রীভগবদ্ধর্ম্মত্বান্নিত্যত্বমিতি তেষামুপাস্যত্বমিত্যর্থঃ।

শ্রীমদ্‌বৃন্দাবনেরম্যে রাধাদি-গোপিকাবৃতঃ ।
নিত্যং বিরাজতে কৃষ্ণঃ রসিকেন্দ্র-শিরোমণিঃ ॥১১॥

ইতি সর্বাভেদাধিকরণং পঞ্চমং সম্পূর্ণম্ ॥৫॥

৬॥ "আনন্দাদ্যধিকরণম্"

পূর্ণানন্দময়ঃ কৃষ্ণো বাল্যাদিলীলয়াপি চ ।
পিতৃত্ব-ভাব-যুক্তানামুপস্যং নির্ণয়াত্ত্বসৌ ॥

অথ অধিকরণসঙ্গতি প্রকারম্–ননু–অস্তু শ্রীভগবতি বাল্যধর্ম্মাদেরুপসংহারঃ, কুতঃ ? বাল্যাদিরূপস্যাপি শ্রীভগবতো বিভুত্বেন প্রতিপাদনাৎ, তদ্‌বিগ্রহে ন্যূনতাদিদেষাভাবাৎ, তদেকারসাশ্রুতেরবিরোধাৎ ; কিন্তু তস্য বাল্যবিগ্রহে আনন্দাদের্গুণগণস্যাদর্শনাৎ তেষামুপসংহারো মাস্তু ; তস্য কাদাচিৎকত্বাৎ ; তথাহি

৬॥ "আনন্দাদ্যধিকরণ"–

অনন্তর আনন্দাদ্যধিকরণের ব্যাখ্যা করিতেছেন । শ্রীকৃষ্ণ বাল্যাদি লীলার দ্বারাও পূর্ণানন্দময় নির্ণয়হেতু তিনি পিতৃত্বাদিভাবযুক্ত ভক্তগণের উপাস্য হয়েন । অথ অধিকরণ সঙ্গতি-প্রকার–যদি বলেন শ্রীভগবানে বাল্যধর্ম্মাদির উপসংহার করা হউক, কেন ? শ্রীভগবানের বাল্যাদিরূপেও বিভুত্ব রূপে প্রতিপাদন করাহেতু, তাহার বিগ্রহে ন্যূনতাদিদোষ অভাবহেতু, এবং তদেকরসতা শ্রুতির অবিরোধ হেতু।

কিন্তু তাঁহার বাল্যবিগ্রহে আনন্দাদিগুণগণের অদর্শন হেতু, তাহাদের উপসংহার করা না হউক, কারণ তাহা কদাচিৎ দেখা যায়, এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে–এক সময় মনস্বিনী যশোদা ঔত্থানিক মহোৎসবে উৎসুকমনা সমাগত ব্রজবাসিবৃন্দকে পূজা করিয়া পুত্র গোপালের রোদন শ্রবণ করিতে পান না, গোপাল স্তন পানের নিমিত্ত চরণ দ্বয় প্রক্ষেপ করিয়া রোদন করিতে লাগিলেন এই আশঙ্কা সমাধান করিবার নিমিত্ত আনন্দাদ্যধিকরণের আরম্ভ করিতেছেন ।

নামেবোপসংহারঃ । সর্বগুণোপসংহারস্যানিয়মাচ্চ । তস্মান্নোপসংহার্য্যাস্তে । ইতি প্রাপ্তে–

শ্রীভাগবতে–১০/৭/৬ ঔত্থানিকোৎসুকামনা মনস্বিনী সমাগতান্ পুজয়তী ব্রজৌকসঃ । নৈবাশৃণোদ্ বৈ রুদিতং সুতস্য সা রুদন্ স্তনার্থী চরণাবুদক্ষিপৎ ॥ ইতি শঙ্কা সমাধানার্থং আনন্দাদ্যধিকরণারম্ভঃ ।

বিষয় ঃ–অথ আনন্দাদ্যধিকরণস্য বিষয়বাক্য সংগ্রহঃ–তথাহি-তৈত্তিরীয়কে–৩/৬/১ "আনন্দো ব্রহ্ম" তত্রৈব–২/৫/১–"আত্মানন্দময়ঃ" মুণ্ডকে–১/১/৯–"যঃ সর্বজ্ঞঃ সর্ববিৎ" ছান্দোগ্যে–৮/৭/১–"য আত্মাপহতপাপ্মা বিজরোবিমৃত্যুর্বিশোকোঽবিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ" বৃহদারণ্যকে–৪/৪/২২–সর্বস্য বশী সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ" শ্বেতাশ্বতরে–৩/১৭ সর্বস্য প্রভুমীশানং সর্বস্য শরণং সুহৃৎ" ইত্যাদিবেদান্তেষু শ্রীভগবতঃ পূর্ণানন্দদয়ো নিত্যব্রহ্মধর্ম্মাঃ শ্রূয়ন্তে" ইতি বিষয়বাক্যম্ ।

সংশয় ঃ–অথ অস্মিন্ বিষয়বাক্যে ইদং বিচারয়ন্তি–শ্রীমদ্ভাষ্যকারপ্রভুচরণাঃ–"বেদান্তেষু" ইত্যাদি। তে ইতি স্পষ্টম্ । বেদান্তেষু শ্রুতা ব্রহ্মধর্ম্মাঃ পূর্ণানন্দদয়ঃ সর্বেষু শ্রীভগবদুপাসনেষু উপসংহার্য্যাঃ ? অথবা ক্বচিৎ-কদাচিৎ উপসংহার্য্যাঃ ? তথাচ–বাল্যাদিধর্ম্মবতি শ্রীবিগ্রহে সার্বজ্ঞ্য-পূর্ণানন্দাদয়ো ধর্ম্মাঃ সাধকৈঃ চিন্ত্যা ন বা ইতি, এবং সংশয়বাক্যম্ ।

বিষয় ঃ–অনন্তর আনন্দাদ্যধিকরণের বিষয়বাক্য সংগ্রহ–তৈত্তিরীয়কে বর্ণিত আছে–ব্রহ্ম আনন্দ স্বরূপ হয়েন । পুনঃ আত্মা আনন্দময় হয়, মুণ্ডকে যিনি সর্বজ্ঞ ও সর্ববিৎ । ছান্দোগ্যে-যে আত্মা অপহত পাপ্মা বিজ্বর বিমৃত্যু বিশোক, বিজিঘৎস অপিপাস সত্যকাম । বৃহদারণ্যকে– সকলের বশীকারক, সকলের ঈশান, সকলের অধিপতি । শ্বেতাশ্বতরে– তিনি সকলের প্রভু ও ঈশান, সকলের আশ্রয় ও সুহৃৎ ইত্যাদি বেদান্ত সকলে শ্রীভগবানের পূর্ণানন্দাদি নিত্য ব্রহ্ম ধর্ম্ম সকল শ্রবণ করা যায় এই প্রকার বিষয় বাক্য বর্ণিত হইল ।

সংশয় ঃ–এই বিষয়বাক্যে শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ এই প্রকার বিচার করিতেছেন–বেদান্তেষ্বিতি। বেদান্ত শাস্ত্রে পূর্ণানন্দাদি ব্রহ্ম ধর্ম্ম সকল শ্রবণ করা যায়, তাহা সকল শ্রীভগবদুপাসনায় উপসংহার কর্ত্তব্য ? অথবা নহে ? অর্থাৎ বেদান্তে শ্রুতব্রহ্মধর্ম্ম পূর্ণানন্দাদি সকল প্রকার শ্রীভগবদুপাসনায় উপসংহার চিন্তন করা কর্ত্তব্য ? অথবা ক্বচিৎ কদাচিৎ উপসংহার কর্ত্তব্য ? অর্থাৎ শ্রীভগবানের বাল্যাদি ধর্ম্মযুক্ত শ্রীবিগ্রহে সার্বজ্ঞ্য পূর্ণানন্দাদি ধর্ম্ম সকল সাধক কর্ত্তৃক চিন্তা করা উচিৎ ? অথবা নহে ? ইহাই সংশয় বাক্য ।

পূর্বপক্ষ ঃ–এই প্রকার সংশয় জাত হইলে পূর্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন–অনারভ্যেতি । আরভ্য অধীতি, অনারভ্য স্বশাখায় অধ্যয়ন না করিয়া গুণ সকলের উপসংাহার করিতে নাই, কারণ তাহার কোন প্রমাণ নাই এইহেতু । নিজ শাখায় অধীতি গুণ সকলেরই উপসংহার হয় । অর্থাৎ যে শাখায় যে ভগবৎ স্বরূপকে অধিকার করত যে ধর্ম্ম সকল পঠিত হয় তাহাদেরই সেই স্বরূপে উপসংহার করা কর্ত্তব্য, এতএব অনারভ্য অধীত-অন্য প্রকরণে পঠিত গুণবৃন্দের স্বোপাস্যে চিন্তন করা কর্ত্তব্য

॥ওঁ॥ আনন্দাদয়ঃ প্রধানস্য ॥ওঁ॥ ৩/৩/৬/১২॥

প্রধানস্য ধর্ম্মিনঃ পরমাত্মনো যে পূর্ণানন্দবোধ-স্বাশ্রিত বাৎসল্যাদয়ো ধর্ম্মাঃ শ্রুয়ন্তে তে সর্বত্রোপসংহার্য্যাঃ, তত্তৃষ্ণাহেতুত্বাৎ ॥১২॥

পূর্বপক্ষ ঃ—এবং সংশয়েজাতে পূর্বপক্ষমুদভাবয়ন্তি—অনারভ্য” ইতি । যচ্ছাখায়াং যদ্‌ভগবৎস্বরূপমধিকৃত্য যে ধর্ম্মাঃ পঠিতাঃ তেষামেব তৎস্বরূপে উপসংহর্ত্তব্যাঃ, তস্মাৎ—অনারভ্যাধীতানাং—প্রকরণেতর পঠিতানাং গুণানাং—স্বোপাস্যে নোপসংহরঃ কর্ত্তব্যঃ, প্রমাণাভাবাৎ । কিঞ্চ—আরভ্যাধীতা-নামেব—যৎস্বরূপমধীকৃত্য যে ধর্ম্মাঃ অধীতাঃ তেষামেব তদুপাসনে উপসংহারঃ স্যান্নান্যেষাম্ । যে চানন্দময়াদয়ঃ কাদাচিৎকাঃ তেষামুপসংহারো ন স্যাদিত্যর্থঃ । তদিদং “ন বা প্রকরণভেদাৎ পরোবরীয়স্ত্বাদিবৎ” (৩/৩/৩/৮) ইত্যত্র প্রতিপাদিতম্ । অপি চ সর্বগুণোপসংহারে নিয়মাভাবত্বং প্রতিপাদয়ন্তি—“সর্ব” ইতি । স্পষ্টম্ । তস্মাৎ তে আনন্দাদয়ঃ ধর্ম্মাঃ সর্বত্র নোপাসংহার্য্যাঃ ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ—এবং পূর্বপক্ষে সমুদ্‌ভাবিতে সিদ্ধান্ত সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—আনন্দাদয়ঃ” ইতি । প্রধানস্য ধর্ম্মিণঃ শ্রীগোবিন্দদেবাস্য যে পূর্ণানন্দসার্বজ্ঞ্য-সার্বৈশ্বর্য্য-ভক্তবাৎসল্যাদয়ো ধর্ম্মাঃ শ্রুয়ন্তে তে সর্বত্র সর্বাসু অবস্থাসু এবোপসংহর্ত্তব্যঃ । এবং কুতঃ ? ভক্তানুরাগজনকত্বাদিত্যর্থঃ । প্রধানস্য” ইতি ভাষ্যন্ত—অতিরোহিতার্থম্ । অথ স্বোপাস্যে সর্বেষাং গুণানামুপসংহারঃ, তথাহি—শ্রীধ্রুবঃ—৪/৯/১৬ তদ্‌ব্রহ্ম বিশ্বভবমেকমনন্তমাদ্য—মানন্দমাত্রমবিকারমহং প্রপদ্যে” ইতি । শ্রীপ্রহলাদস্ত স্বোপাস্য পবনত্বাদয়োঽপি সমাহৃতঃ—৭/৯/৪৯ ত্বং বায়ুরগ্নিরবনির্বিয়দম্বুমাত্রাঃ প্রণেন্দ্রিয়ানি হৃদয়ং চিদনুগ্রহশ্চ। সর্বং ত্বমেব সগুণো বিগুনশ্চ ভূমন্ নান্যাৎ ত্বদস্ত্যপিমনোবচসানিরুক্তম্ ॥ শ্রীদশমে শ্রীঅক্রুরঃ—৪০/২৯ নমো বিজ্ঞানমাত্রায়

নহে, প্রমাণের অভাবহেতু ।

অপর আরভ্যাধীত প্রকরণ পঠিত গুণ সকলের—যে শ্রীভগৎস্বরূপ অধিকার করিয়া যে গুণ সকল পঠিত হইয়াছে তাহাদেরই সেই স্বরূপের উপাসনায় উপসংহার হইবে, অন্যের নহে । যে আনন্দময়াদি কদাচিৎক ধর্ম কোন কালে দেখা যায় তাহাদের উপসংহার হইবে না এই অর্থ । তাহা পূর্বে নবা এই সূত্রে প্রতিপাদন করা হইয়াছে । অপর সকল গুণের উপসংহারে নিয়মের অভাবত্ব প্রতিপাদন করিতেছেন—সর্বেতি । সর্বোগুণোপসংহারের কোন নিয়ম নাই, অতঃ তাহা উপসংহার করিতে নাই, অর্থাৎ সেই আনন্দময়াদি ধর্ম্মবৃন্দ সর্বত্র সকল উপসনায় উপসংহার করিতে নাই এই প্রকার পূর্বপক্ষ বাক্য ।

সিদ্ধান্ত ঃ—এই প্রকার পূর্বপক্ষের সমুদ্ভাবনা করিলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন—আনন্দেতি । প্রধানের আনন্দাদি প্রধান ধর্ম্মী শ্রীগোবিন্দদেবের যে পূর্ণানন্দ সার্বজ্ঞ্য সাবৈবশ্বর্য্য ভক্তবাৎসল্যাদি ধর্ম্ম সকল শ্রবণ করা যায় তাহা সর্বত্র সকল অবস্থায়ই উপসংহার

৭॥ "প্রিয়শিস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণম্"–

আনন্দময়স্য শ্রীবিষ্ণোঃপ্রিয়শিরস্ত্বাদয়ো ধর্ম্মাঃ শ্রুতাঃ। "তস্য প্রিয়মেব শিরঃ" তৈ০–

সর্বপ্রত্যায়হেতবে । পুরুষেশ-প্রধানায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে ॥ ইতি । তস্মাৎ স্বোপাস্যস্য পরব্রহ্মণঃ আনন্দাদয়ো গুণানামুপসংহারং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥১২॥

ইতি আনন্দাদ্যধিকরণং ষষ্ঠং সম্পূর্ণম্ ॥৬॥

৭॥ "প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণম্"

বৃন্দাবনবিহারী চ রাধিকাচিত্তচোরকঃ ।
স্বরূপোঽয়ংসদা মম হৃদয়ে তু প্রকাশতু ॥

ননু–পূর্ণানন্দাদিধর্ম্মাণাং সর্বত্র স্বোপাস্যে উপসংহারঃ সম্ভবতু, তেষাং স্বরূপানুবন্ধি ধর্ম্মত্বাৎ, কিন্তু তৈত্তিরীয়কে যে প্রিয়শিরস্ত্বাদয়ধর্ম্মাঃ শ্রূয়ন্তে তে সর্বত্রোপসংহর্ত্তব্যা ন বা ইতি নিরূপণার্থং প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণারম্ভঃ ; ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় ঃ–অথ প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি–"আনন্দময়স্য" ইতি । স্পষ্টম্ ।

করা কর্ত্তব্য, কেন ? তাহা ভক্তগণের অনুরাগ জনকহেতু ইহাই অর্থ । প্রধান ধর্ম্মী পরমাত্মার যে পূর্ণ বোধাদি স্বাশ্রিত বাৎসল্যাদি ধর্ম্ম সকল শ্রুতি শাস্ত্রে শ্রবণ করা যায়, তাহা সর্বত্র উপসংহার করা কর্ত্তব্য, যেহেতু তাহাতে তৃষ্ণা বৃদ্ধি হয় । অথ নিজ উপাস্যে সর্বপ্রকার গুণের উপসংহার দেখা যায় । শ্রীধ্রুব নিজ উপাস্যে এই গুণ সকল চিন্তা করেন–সেই ব্রহ্ম বিশ্বভবন এক অনন্ত আদ্য আনন্দ মাত্র বিকার রহিত শ্রীভগবানের আমি শরণাগত হই ।

শ্রীপ্রহলাদ ও নিজ উপাস্যে পবনত্বাদির চিন্তা করেন– আপনি বায়ু অগ্নি অবনী আকাশ জল তন্মাত্রা প্রাণ ইন্দ্রিয় সকল হৃদয় চিদনুগ্রহ, আপনিই সগুণ বিগুণাদি সকল, হে ভূমন্ ! মন ও বাক্যের দ্বারা বর্ণিত হয় তাহা আপনা হইতে অন্য নহে । শ্রীদশমে অক্রুর বলিয়াছেন– বিজ্ঞান মাত্র আপনাকে নমস্কার, সর্ব প্রত্যয়হেতু আপনাকে প্রণাম, পুরুষ ঈশ্বর প্রকৃতিস্বরূপ আপনাকে নমস্কার, আপনি ব্রহ্ম অনন্ত শক্তিযুক্ত আপনাকে নমস্কার । অতএব স্বোপাস্য পরব্রহ্মের আনন্দাদি গুণ সকল উপসংহার করা কর্ত্তব্য এই অর্থ ॥১২॥

;এই প্রকার আনন্দাদ্যধিকরণ ষষ্ঠ সমাপ্ত ॥৬॥

৭॥ "প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণ"–

অনন্তর প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণের ব্যাখ্যা করিতেছেন । শ্রীবৃন্দাবন বিহারী শ্রীরাধিকার চিত্তচোরক এই স্বরূপটি আমার হৃদয়ে সর্বদা প্রকাশিত হউক । যদি বলেন–পূর্ণানন্দাদি ধর্ম্মসকল সর্বত্র নিজউপাস্যে উপসংহার সম্ভব হউক, কারণ তাহা ব্রহ্মের স্বরূপানুবন্ধিধর্ম্ম হওয়া হেতু, কিন্তু তৈত্তিরীয়কে যে প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্মসকল শ্রবণ করা যায় তাহা সর্বত্র উসংহার করা কর্ত্তব্য ? অথবা নহে ? ইহা নিরূপণ

২/৫/১) ইত্যাদিনা । তেঽপি সর্বত্রোপসংহার্য্যাঃ ? নবেতি ; বিশয়ে-আনন্দাদীনাং সর্বতোপসংহার্য্যত্বাভিধানাত্তেষামপ্যানন্দত্বাদ্যবিশেষাৎ স্যাৎ সর্বত্রোপসংহার ইতি প্রাপ্তে–

॥ওঁ॥প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্তিরুপচয়াপচয়ৌ হি ভেদে॥ওঁ॥৩/৩/৭/১৩॥

প্রিয়শিরস্ত্বাদীনাং ধর্ম্মনামপ্রাপ্তিঃ সর্বত্রোপসংহারো ন স্যাৎ । আনন্দময়স্য বিষ্ণোঃ পুরুষবিধস্য পক্ষিরূপত্বাভাবাৎ । কিঞ্চ তস্মিন্ বাক্যে প্রমোদ–মোদ–

তথাচ–তৈত্তিরীয়কোপনিষদি শ্রুয়তে–(২/৫/১) "তস্য প্রিয়মেব শিরঃ, মোদো দক্ষিণঃ পক্ষঃ, প্রমোদ উত্তর পক্ষঃ, আনন্দ আত্মা, ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠা" ইতি । তস্যানন্দময়স্য পরব্রহ্মণঃ–শ্রীগোবিন্দদেবস্য প্রিয়াদয়স্তথা তথা ইতি । ইতি বিষয়বাক্যম্ ।

সংশয় ঃ–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ–"তেঽপি" ইত্যাদি । তে প্রিয়শিরস্ত্বাদয়ো ধর্ম্মাঃ সর্বত্র-স্বোপাস্যে উপসংহার্য্যাঃ, চিন্তনীয়া ? অথবা রূপকত্বাৎ তেষাং নোপসংহার্য্যাঃ । ইতি সংশয়বাক্যম্ ।

পূর্বপক্ষ ঃ–ইতি বিষয়ে পূর্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি–আনন্দাদীনামিতি । পূর্বত্র "আনন্দাদ্যধিকরণে" আনন্দাদীনাং ব্রহ্ম ধর্ম্মাণাং সর্বত্র স্বোপাস্যে উপসংহার্য্যত্বাভিধানাৎ তেষামপি–প্রিয়শিরস্ত্বাদীনামপি আনন্দত্বাবিশেষাৎ তেষামপি সর্বত্র স্বোপাস্যে উপসংহারঃ কত্তব্য ইতি । তথাহি তত্রৈব–২/৫/১ "আনন্দ আত্মা" ইতি তত্রৈব প্রিয়শিরমধ্যে নিরূপণাৎ, আনন্দাদেঃ সর্বত্রোপসংহারাৎ, তেষামপি সর্বত্রোপসংহারঃ কর্ত্তব্য ইতি । ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

করিবার নিমিত্ত প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণের আরম্ভ, এই প্রকার অধিকরণ সঙ্গতি।

বিষয় ঃ–অনন্ত প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্ত্যধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন–আনন্দেতি। আনন্দময় শ্রীবিষ্ণুর প্রিয়শিরস্ত্বাদিধর্ম্ম সকল উপনিষদে শ্রবণ করা যায়, তাঁহার প্রিয়ই শির ইত্যাদির দ্বারা। অর্থাৎ তৈত্তিরীয়কোপনিষদে শ্রুত হয়–আনন্দময় ব্রহ্মের প্রিয়ই মস্তক মোদ দক্ষিণপক্ষ প্রমোদ উত্তরপক্ষ আনন্দ আত্মা ব্রহ্মপুচ্ছ প্রতিষ্ঠা । এইরূপ সেই আনন্দময় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের প্রিয়াদি মস্তকাদিভাবে বর্ণন করিয়াছেন । এই প্রকার বিষয় বাক্য ।

সংশয় ঃ–এই বিষয়বাক্যের সংশয় হইতেছে–তেঽপীতি । তাহারাও সর্বত্র উপসংহার করা উচিত ? অথবা নহে ? অর্থাৎ সেই প্রিয়রিস্ত্বাদিধর্ম্মসমূহ সর্বত্র স্বোপাস্যে উপসংহার্য্য চিন্তা করা উচিত ? অথবা তাহা রূপকহেতু তাহাদের উপসংহার করা উচিত নহে, ইহাই সংশয় বাক্য ।

পূর্বপক্ষ ঃ–এই প্রকার পূর্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন–আনন্দেতি আনন্দাদিধর্ম্ম সকলের সর্বত্র উপসংহার্য্যতা নিরূপণহেতু তাহারও আনন্দ রিশেষ হওয়াহেতু তাহাদেরও সর্বত্র উপসংহার হইবে । অর্থাৎ পূর্ব আনন্দাদ্যধিকরণে আনন্দদাদি ব্রহ্ম ধর্ম্ম সমুহের সর্বত্র নিজ উপাস্যে চিন্তনীয়ত্ব কথনহেতু সেই প্রিয়সিরস্ত্বাদিধর্ম্মের আনন্দত্বাবিশেষহেতু তাহাদেরও সর্বত্র নিজ উপাস্যে উপসংহার করা কর্ত্তব্য,

শব্দাভ্যামানন্দগতাবুপচয়া পচয়ৌ বৃদ্ধিহ্রাসৌ প্রতীতৌ। তৌ চ ভেদে সতি সম্ভবেতাম্। নচৈবমস্তি। স্বগতভেদস্যাপি প্রত্যাখ্যানাৎ। তস্মান্নোপসংহার্য্যাস্তে ॥১৩॥

সিদ্ধান্ত :–ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়ন্তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"প্রিয়েতি। প্রিয়শিরঃ–পরব্রহ্মণি স্বোপাস্যে প্রিয়শিরদক্ষিণপক্ষ–উত্তরপক্ষাদীনাং রূপকধর্ম্মাণাং অপ্রাপ্তিঃ, প্রিয়াদিধর্ম্মাণামুপসংহারং ন কর্ত্তব্যমিতি, কুতঃ ? কথঞ্চিদ্ ভেদস্যাপি প্রত্যাখ্যানাৎ। তথাচ–প্রিয়াদিশব্দঃ–প্রমোদ-মোদাদিশব্দাভ্যাং তস্মিন্ উপচয়াপচয়ৌ বৃদ্ধিহ্রাসৌ প্রতীতৌ, ভেদাদি–তৌ হি ভেদে সতি সম্ভবেতাম্, ভেদাভাতবে তেষামুপসংহারং ন কর্ত্তব্যমিত্যির্থঃ।

প্রিয়শিরস্ত্বাদীনাম্" ইতি ভাষ্যস্ত স্ফুটার্থম্। প্রত্যাখ্যানাদিতি–"অহিকুণ্ডলাধিকরণে (৩/২/১২/২৮) নিরাসাদিত্যর্থঃ। তথাচ–ভেদত্রয় বিরহিতস্য পরব্রহ্মণঃ সর্বদৈকরূপ্যাৎ তেষামপ্রাপ্তিরিত্যর্থঃ। তথাহি শ্রীপ্রমেয়রত্নাবল্যাম্–১/১৭ নির্দোষ পূর্ণগুণবিগ্রহ আত্মতন্ত্রো নিশ্চেতনাত্মাক-শরীরগুণৈশ্চ হীনঃ। আনন্দমাত্র করপাদমুখোদরাদিঃ সর্বত্র চ স্বগতভেদবিবর্জ্জিতাত্মা ॥ তস্মাৎ তে নোপসংহার্য্যাঃ ॥১৩॥

এই বিষয়ে তৈত্তিরীয়ে বর্ণিত আছে–আনন্দ আত্মা এই প্রকার সেই প্রিয়শির মধ্যে নিরূপণহেতু আনন্দাদিধর্ম্মের সর্বত্র উপসংহারহেতু, তাহাদেরও সর্বত্র চিন্তাকরা কর্ত্তব্য এই প্রকার পূর্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত :–এই প্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে পরে শ্রীভগবান বাদরায়ণ সিদ্ধান্তসূত্রের অবতারণা করিতেছেন–প্রিয়েতি। প্রিয়সিরস্ত্বাদি প্রাপ্তি হইবে না, উপচয় অপচয় হয় তাহা ভেদেই সম্ভব, অর্থাৎ প্রিয়শির পরব্রহ্ম স্বোপাস্যে প্রিয়শির দক্ষিণপক্ষ উত্তরপক্ষ প্রভৃতি রূপক ধর্ম্মের অপ্রাপ্তি, প্রিয়াদি ধর্ম্মসকলের উপসংহার করা কর্ত্তব্য নহে, কেন ? কথঞ্চিৎ ভেদেরও প্রত্যাখানহেতু, অর্থাৎ প্রিয়াদিশব্দ প্রমোদমোদাদি শব্দের দ্বারা তাহাতে উপচয় অপচয় বৃদ্ধি হ্রাস পততি হয়, ভেদেহি–তাহা ভেদ হইলেই সম্ভব হয়, ভেদাভাব ব্রহ্মে তাহাদের উপসংহার করা কর্ত্তব্য নহে ইহাই সূত্রার্থ। প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্ম সকলের অপ্রাপ্তি সর্বত্র উপসংহার হইবে না। আনন্দময় শ্রীবিষ্ণু পুরুষবিধের পক্ষীরূপের অভাব হেতু। অপর সেই বাক্যে প্রমোদ মোদশব্দের দ্বারা আনন্দগত উপচয় অপচয় বৃদ্ধিহ্রাস প্রতীতি হয়, বৃদ্ধি হ্রাস ভেদ হইলে পরেই সম্ভব হয়। কিন্তু এই প্রকার দেখা যায় না।

কারণ স্বগতভেদও তথায় প্রত্যাখ্যন করা হইয়াছে।অতএব তাহা উপসংহার করা অনুচিত অর্থাৎ প্রিয়শিরাদিভাষ্যাংশ স্ফুটার্থ। প্রত্যাখ্যান অর্থাৎ অহিকুণ্ডলাধিকরণে নিরসন করা হইয়াছে। সারার্থ–ভেদত্রয়রহিত পরব্রহ্মের সর্বদা একরূপত্বহেতু তাহাদের প্রাপ্তি হইবে না ইহাই অর্থ। এই বিষয়ে শ্রীপ্রেময়রত্নাবলীতে বর্ণিত আছে–শ্রীভগবান্ নির্দোষ পূর্ণগুণবিগ্রহ ও আত্মতন্ত্র, চেতন রহিত শরীর এবং গুণহীন, তাঁহার কর পাদমুখ উদরাদি আনন্দমাত্র, তিনি সর্বত্র স্বগত ভেদাদি বিবর্জিত আত্মা স্বরূপ হয়েন। অতএব প্রিয়শিরাদি গুণ সকল উপসংহার করা কর্ত্তব্য নহে। এই ভাষ্যার্থ ॥১৩॥

॥ওঁ॥ ইতরে ত্বর্থসামান্যাৎ ॥ওঁ॥৩/৩/৭/১৪॥

